

রায় শ্রীজলধর সেন বাহাদুর

গুরুদাস চট্টোপাধ্যায় এগু সন্ব্ ২০৩১), কর্ণজ্ঞালিস্ট্রীট, কলিকাতা



ছাদশ সংস্করণ

গুরন্ধাস চটোপাধ্যার এও সন্ধের পক্ষে ভারতংর্ধ প্রিণ্টিং ওয়ার্কস্ হইজে শ্রীগোবিন্দপদ ভটাচার্য্য বারা মুদ্রিত ও প্রকাশিত ২০৩/১/১, কর্ণওয়ালিস ষ্ট্রাট্, কলিকাতা 380 G

>

একদিন মনোহরপুরের মিত্রদিগের থিড়কীর পুক্ষরণীতে তৃইটী

গ্বতী সন্ধ্যার পূর্ব্বে গা ধুইতেছিলেন। যুবতীদ্বরের একের বয়স

অষ্টাদশ বৎসর বলিয়া বোধ হয় এবং অপরটীর পঞ্চদশ বৎসর।
উভয়ে গা ধুইতে-ধুইতে বয়োজ্যেষ্ঠা কনিষ্ঠাকে সম্বোধন করিয়া
বলিলেন,—"হাঁ বৌ! এবার ঠাকুরপোকে এত ক'রে বাড়ীতে
আস্বার জন্ম পত্র লেখা হ'ল, তিনি এলেন না কেন ?"

কনিষ্ঠা একটু হাসিয়া বলিলেন,—"দিদি, তিনি ত যাবার সময়
ব'লেই গিয়েছিলেন যে, এবার এক্জামিন দিতে হবে, তাই তিনি
আস্বেন না।"

জ্যেষ্ঠা বলিলেন,—"বাড়ী এলে কৈ পড়ার ক্ষতি হয়? তবে দিমি যদি ক্ষতি কর, সে কথা আলাদা বটে।"

কনিষ্ঠা এই কথা শুনিয়া বলিলেন,—"দিদি, তোমার ঐ এক কথা। ও-সব কথা বল্লে আমার বড় লজ্জা করে। তা সে কথা থাক্, তুমি যে আমাকে কি বল্তে চেয়েছিলে।"

ভাষা বলিলেন,—"হাাঁ, হাাঁ, কি যেন বল্তে চেয়েছিলাম, এখন তা মনে প'ড়ছে না। রোস, মনে করি।" কিন্তু সে কথা আর মনে হইল না! ইতিমধ্যে বাটীর মধ্য় হইতে একটী দাসী আসিয়া পুকুরে উপস্থিত হইল এবং বধ্ছয়ের প্রতি রাগ করিয়া বলিল,—"মেজবাবু বলেন যে, এতক্ষণ জলে থাক্লে বাারাম হয়; কিন্তু তোমরা বাছা কি জেলের মেয়ে যে একতিল জল ছাড়া থাক্তে পার না?"

জ্যেষ্ঠা কোন উত্তর করিল না, কনিষ্ঠা বলিল—"ঝি, আমারু বাপের বাড়ী গঙ্গার উপরে তা ত জান, আমি ছেলেবেলা থেকেই জল বড় ভালবাসতাম। তাই দে অভ্যাস আজও ছাড়তে পারিনি।" এই কথা বলিয়া তুই বউ ঝিয়ের সঙ্গে বাড়ীর মধ্যে প্রবেশ করিলেন।

গ্রামের নাম মনোহরপুর। এখন দেখিলে কেহট গ্রাম থানিকে 'মনোহর'পুর বলিবেন না, তাহা জানি; কিন্তু তাহা বলিয়া ত গ্রামের নাম বদল করা চলে না। এখনট না হয় গ্রামথানি ম্যালেরিয়ার প্রিয়-নিকেতন; এখনই না হয় গ্রামথানি জললে পরিপূর্ণ; পচা পানাপুকুরে গ্রামথানির সর্কানাশ করিতেছে, এখনই না হয় দ্রে-দ্রে তুই চার্রি য়র দরিত্র-গৃহস্থ ভয়-কূটারে বাস করিয়া তুর্বাহ জীবন বাপন করিতেছে; এখনই না হয় মধ্যে মধ্যে ইষ্টকন্ত পের অন্তর্জালে ব্যাদ্র-ভয়্লক-শৃকর পাকা মোকাম করিয়াছে; এখনই না হয় সন্ধ্যার পর হিংম্র জল্ভর ভয়ে কেহ পথে চলাকেরা করিতে সাহস করে না; কিন্তু এমন এক দিন ছিল, যখন এই মনোহরপুর গ্রামে য়ন বসতি ছিল; পানীয় জলের পুকুরে মুথ দেখা যাইত; সন্ধ্যার সময় কাঁসর-ঘন্টার রবে গ্রামথানি মুখর হইয়া উঠিত; তুর্কোৎসবের সময় ত্রিশ-পয়ত্রিশথানি বাড়ীতে মায়ের আগ্রমন হইত; রাভাঘাটে লোকজন চলিত;

গ্রামের অধিবাসীদিগের অরক্ট ছিল না; গ্রামের উপর মা লক্ষীর কুপা ছিল; মা-সরস্বতীও বিমুখ ছিলেন না—গ্রামে আটদশখানি চতুপাঠী ছিল। আর মিত্র মহাশরেরা গ্রামের মধ্যে লক্ষী औদ সম্পন্ন ছিলেন।

এই বংশে ফকিরটাদ মিত্র গোরাটাদ মিত্র তুই ভাই ছিলেন। যৌবনকালেই ফকিরচাঁদের মৃত্যু হওয়ায় কনিষ্ঠ ভ্রাতা-গোরাচাঁদই সংসারের কর্তা হন এবং তাঁহারই নাম দেশে রাষ্ট্ হয়। গোরাচাঁদ মিত্রের জমিদারী আ**হৈ** : ইহা ব্যতীত তেজার**জী** কারবারও আছে, পাঁচ সাত থানা বড় নৌকা আছে, ভিন্ন ভিন্ন স্থানে কারবারের আডত আছে। গ্রামের মধ্যে বনিয়াদী ঘর বলিরা তাঁহার বাড়ীকে লোকে সাধারণতঃ "বডবাড়ী" বলিত। ফকির-. চাঁদ যদিও যৌবন বয়সেই পরলোক গমন করেন, তথাপি তাঁহার একটা পুত্র হইয়াছিল; পুত্রের জন্মের আট দিন পরেই ফকির-্চাঁদের স্ত্রী-পরলোক গমন করেন এবং এক বৎসর গত হইতে না হইতেই ফকিরচাঁদের মৃত্যু হয়। সে সময়ে গোরাটাঁদের বয়স বার বৎসর। এই বয়সেই তাঁহার উপর বিষয়-কার্য্য এবং প্রাতৃষ্পুত্রের পালনের ভার পড়িয়াছিল। বড়মানুষের পুক্ত গোরাচাঁদ অল্প বয়সেই বিবাহ করেন; তাঁহার বয়স ত্রিশ হইতে ্না হইতেই তাঁহার তুইটা পুত্র জন্মে। পুত্রন্বয়ের মধ্যে প্রথমটার নাম তারকনাথ এবং কনিষ্ঠের নাম স্থারেক্তনাথ। ফকিরচাঁদের পুত্রের নাম কার্ত্তিকচন্দ্র। যথন তারকের বয়স দশ বৎসর এবং স্থরেন্দ্রের বয়স ছয় বৎসর, তথন কাশরোগে গোরাটাদের মৃত্যু হয়। সে সময়ে কার্জিকের বয়স সতের বৎসর। কার্জিক এত দিন বাঙ্গালা পড়িতেছিল। গোরাচাঁদ কার্ত্তিককে ইংরাজী পড়িতে দেন

নাই; তাঁহার ইচ্ছা ছিল যে, কার্ত্তিককে তিনি জমিদারী এবং তেজান্নতী সমস্ত কার্য্য শিক্ষা দিবেন; কিন্তু সে আশা পূর্ণ হইতে না হইতেই তিনি পরলোক গমন করার কার্ত্তিককে লেথাপড়া ত্যাগ করিয়া বিষয়-কার্য্যের ভার গ্রহণ করিতে হইয়াছিল। তারক ও স্থরেক্স বাজালা পড়িতে লাগিল।

ইহার অনেক দিন পরের কথা এই আখ্যায়িকায় বির্ত
ইইবে। পুছরিণীর ঘাটে যে তুইটি যুবতীর কথোপকথন পাঠক
শুনিয়াছেন, তন্মধ্যে বয়োঁজ্যেষ্ঠা তারকের স্ত্রী, নাম স্থপ্রভা
এবং কনিষ্ঠা স্থরেক্সের স্ত্রী, নাম রিন্ধণী! তারক বান্দলা ছাত্রবৃত্তি পাশ করিয়াই লেখাপড়া শেষ করিয়াছেন, এখন তিনি
নিজের কাজকর্ম্ম দেখেন। কারণ কার্ত্তিক একা কোন্ দিকে
দেখিবেন, মোকদ্দমা মামলার তদ্বির করিতেই তাঁহার অধিক সময়
যায়। কেবল স্থরেক্সই কলিকাতা ক্রেসিডেন্সি কলেজে এল-এ
পরীক্ষা দিবেন। কার্ত্তিকের একটী কল্পা ও তারকের একটী কল্পা
ইইয়াছে। কার্ত্তিকের কল্পার নাম রাধারাণী এবং তারকের কল্পার
নাম স্বর্ণপ্রভা।

মিত্র মহাশয়ের পরিবারে সকলেই আছেন ; এবং গৃহ যে সমস্ত কারণে অশান্তির আলয় হয়, তাহা কিছু বর্ত্তমান না থাকায়, মিত্র মহাশয়ের সংসারকে লোকে সোনার-সংসার বলিত।

মিত্রদিগের বাটীতে হুইটী দোতালা ঘর ; ইহা ব্যতীত পাকের জন্ম এবং থাতদ্রবাদি রাথিবার জন্ম ভিন্ন ঘর আছে। কোঠা হুইটীতে সম্প্রতি চুণের কাষ করাতে অতি স্থন্দর হইয়াছে, কিন্তু বাহিরের সৌন্দর্য্যে কি হয়, বাহির অপেক্ষাও ভিতর অধিক স্থানর। বড়মারুষের বাটীতে সর্ববদা জিনিসপত্র যেরূপ চারিদিকে পতিত থাকে, বাজার হইতে জিনিস আনিয়া চাকরেরা যেথানে ফেলিয়া রাখিল, সেইখান হইতে খরচ হইল বা নষ্ট হইল, এ বাডীতে তাহা হইবার যো নাই। তারকের স্ত্রী এ সমস্ত বিষয়ে বড় নিপুণা; তাঁহার পারিপাট্যের কথা দেশ-খাত। বাড়ীব দ্বিতলে যে কয়েকটী ঘর আছে, তাহা এমন সজ্জিত যে দেখিলে চক্ষু জুড়ায়। এমন স্থন্দর বন্দোবস্ত অতি কম বড়মানুষের বাটীতেই আছে। শয়ন-গৃহগুলি পরিচছন্ন ৷ আমাদের দেশে শয়ন-গৃহে সমস্ত জিনিসই থাকে, কিন্তু স্প্রভার সে প্রকার বন্দোবন্ত নহে। প্রত্যেক শয়ন-গৃহে একথানি পালম্ব বা থাট এবং কাপড় রাথিবার আল্না; ইহা ব্যতীত সামান্ত একটা বাক্স থাকে। স্থপ্রভা সর্বদাই বলিতেন—"শোবার ঘরে নানা জিনিস থাক্লে নিশ্চয়ই ব্যারাম হয়।" অক্সান্ত ঘরের ব্যবস্থাও সেই প্রকার। সামান্ত একটি দ্রবাও গোলমাল অবস্থায় থাকিবার যো ছিল না। স্থপ্রভা প্রতিদিন প্রাত:কালে উঠিয়া স্বহন্তে দোতালার সমস্ত ঘর পরিষ্কার কবিতেন, দাস-দাসীদিগের উপর তিনি কোন কায় নির্ভর করেন না। কার্ত্তিকের স্ত্রীরও এই প্রকার স্বভাব: তবে তিনি নিম্বের

কার্য্যেই সর্বাদা বিব্রত। তাঁহার কার্য্যের মধ্যে নিজের শরীর। ্স্ববদাই অহুস্থ জন্ম তিনি কোন কাষ্ট করিতে পারেন না এবং স্থপ্রভার ইচ্ছা নহে যে তিনি কোন কাজ করেন; অথচ বাটীর কেহ সমস্ত দিন নিক্ষমা বসিয়া থাকে, ইহা তিনি ভালবাসিতেন না। এই জন্ম তিনি অবসর সময় বড়বধুকে (কার্ত্তিকের স্ত্রী) সেলাইয়ের কাষ শিখাইতেন; তিনি প্রফুল মনে তাহা শিখিতেন। বাটীতে গৃহিণী অর্থাৎ তারকের মাতা বর্ত্তমান ছিলেন ; তিন বউয়ের একজনেরও ইচ্ছা নহে যে, তিনি শ্রমদাধ্য কোন কার্য্য করেন; কিন্তু তারকের মাতা তাহা পারিতেন না: তাঁহাকে যদি কোন দিন স্থপ্রভা কাজ করিতে নিষেধ করিতেন, তাহা হইলে তিনি বলিতেন—"মা, এ সংসার ত ভোমাদেরই আছে, ভোমরাই করিবে, আমি আর ক'দিন वाँठिव। य क्यमिन थाकि, त्म क्यमिन लामत्रा এक हे कम था है, তাই আমার ইচ্ছা।" কিন্তু সে কথা স্থপ্রভা ভনিতেন না; এবং স্প্রভার দেখাদেখি ছোটবউও সেই প্রকার হইয়া-ছিলেন। যদিও ছোটবউয়ের বয়স মাত্র পনর বৎসর হইয়া-ছিল, তথাপি তিনি সেই সময়ে বন্ধন-কার্যো অতি নিপুণা হইয়াছিলেন। ছোটবউয়ের রন্ধনের কথা শুনিয়া হয় ত অনেক পাঠিকা বলিবেন,—"ছি। বড়মামুষের মেয়ে কেন রাল্লা করে? বাড়ীতে বামুন নাই? আর রান্নার জন্ম এত কথাই বা কেন ৷" কিন্তু আমি তাঁহাদের কথার সঙ্গে একমত হইতে পারিলাম না। আমাদের পল্লীগ্রামের জ্রীলোকদিগের রন্ধনের স্থ্যাতিই সর্বাত্যে প্রার্থনীয়। বিশেষ স্থপ্রভার স্থায় বউয়ের সঙ্গে ঘর করিতে গেলে অনেককেই এ কথা ব্রিতে হইবে।

বড়বাড়ী ৭

তাঁহারা বড়মান্থ্যের বউ বটে, কিন্তু সমস্ত কার্য্য নিজে করিতেন।
এমন স্থের পরিবার দেখিলে চক্ষু জুড়ায়। স্থপ্রভা ছোটবধু রন্ধিনীকে নিজের কনিষ্ঠা ভাগনীর স্থায় ভালবাসেন।
রন্ধিনীও স্থপ্রভাকে বড় ভক্তি করেন। এমন সংসার যে কি
স্থের, তাহা সকলেই অনায়াসে ব্ঝিতে পারেন। এই সমস্ত
ব্যতীত স্থপ্রভার এবং রন্ধিনীর আর একটা বিশেষ গুণ ছিল; সেটা
বড়মান্থ্যের মেয়েদের মধ্যে বড় অধিক দেখিতে পাওয়া যায় না।
বাটীর চারিদিকে যে সমস্ত দরিদ্র শোক বাস করিত, তাঁহারা
তাহাদের সংবাদ সর্বাদা লইতেন যদিও স্থপ্রভার বয়স অষ্টাদশ
অতিক্রম করে নাই, যদিও তিনি এখনও সংসারের ভাবগতি
ব্ঝিতে পারেন নাই, তথাপি তাঁহার হৃদয় দয়ার উৎসু ছিল,
পরের ত্থে দেখিলে তাঁহার হৃদয় দয়ার সুস্রের উচ্ছ্বসিত
হইত; প্রতিবেশীদিগের প্রভাব-মোদনের জন্ম তাঁহার বড়ই
আগ্রহ ছিল।

প্রাবণ মাস। অতি বর্ষ । মিন্তাদের পুকরিণী জলে পরিপূর্ণ । প্রামের ভিতরে পর্যান্ত জল আসিয়াছে, এমন কি মিন্তাদিগের বাটীর নিকট পর্যান্ত নৌকা আসে। ইহার উপর কয়েক দিনের অবিশ্রান্ত বৃষ্টিপাতে গ্রামাপথ জল-কাদার পরিপূর্ণ। দরিদ্র লোকেরা কোনমতে কায়ক্রেশে বাস করিয়া আছে। এমনি দিনে একদিন অপরাহ্নকালে একথানি পাকী লইয়া কয়েকজন বেহারা ভিজিতে ভিজিতে মিত্রদিগের কাছারী য়রের সম্মুথে আসিয়া উপস্থিত হইল। সে সময়ে কাছারী-য়রে

কয়েকজন চাকর এবং পাঁচ সাত জন অতিথি বসিয়াছিল। ঝড়বৃষ্টির জক্ত বাবুদের মধ্যে কেহই বাহিরে আসেন নাই। পান্ধী দেখিয়া চাকরদিগের মধ্যে একজন জিজ্ঞাসা করিল,— "এ পান্ধী কোণা হইতে আদিল?" একজন বাহক বলিল— "রাইগঞ্জ হইতে।" রাইগঞ্জ স্থপ্রভার বাপের বাড়ী। চাকর এই কথা শুনিয়া বেহারাদিগের অভ্যর্থনা করিল এবং তাঁহা-দিগের নিকট হইতে রাইগঞ্জ হইতে আগত পত্র লইয়া বাটীর মধ্যে গেল। পত্রের শিরোনামায় কার্ত্তিক বাবুর নাম; কিন্তু চাকরটি কার্ত্তিক বাবুকে না দেখিয়া তারক বাবুর হস্তেই পত্র দিল। তারক রাইগঞ্জের পত্র দেখিয়া সৌংমকো পড়িতে আরম্ভ করিলেন। কারণ তিনি ইতিপূর্ব্বেই সংবাদ পাইয়াছিলেন যে, তাঁহার খন্তর বড় পীড়িত। তিনি পতা পড়িতে পড়িতে বড় বিমর্ষ হইলেন। খবর ভাল নহে। স্থপ্রভা এবং তারককে অবিলম্বে রাইগঞ্জে যাইবার জন্ম পত্র আসিয়াছে, তবে একখানি পান্ধী পাঠাইবার কারণ এই—যদি পান্ধী পাইতে দেরী হয়. তবে অন্ততঃ একজন শীঘ্র রওনা হইতে পারিবেন। তারক পত্র পাইয়া মহা বিপদে পড়িলেন। আগামী কলা জেলায় না গেলে কাজের বড় ক্ষতি; এবং যদি রাইগঞ্জ না যান, তাহা হইলে শশুরের সঙ্গে দেখা আর বোধ হয় এ জন্মে হয় না। তারক নানা চিস্তা করিতে করিতে দাদাকে পত্র দিবার জন্ম বাহিরে যাইতেছেন, সিঁড়ির মধ্যে স্থপ্রভার সহিত দেখা হইল। স্থপ্রভা কার্দ্তিকের কন্সা রাধারাণীকে কোলে লইয়া এবং নিজের কক্সা স্বর্ণের হাত ধরিয়া দোতালায় উঠিতেছিলেন। সিঁডির মধ্যে তারককে দেখিয়া হাসিমুখে জিজ্ঞাসা করিলেন,—'এতক্ষণে

বুনি ঘুম ভাঙ্ল। আমি মনে করেছিলাম বুঝি আজ আর ওঠা হবে না।" তারক অক্তমনস্ক ভাবে "হ^{*}" মাত্র বলিয়া নামিতে যাইতেছিলেন, এনন সময় স্থপ্রভা স্বামীর মুখের দিকে চাহিয়াই বুঝিতে পারিলেন যে তিনি অন্তমনস্ক। স্থপ্রভা ব্যগ্র হইয়া আরও একসিঁড়ি নামিয়া বলিলেন—"দেশ, তোমাকে গোড়ায় দেখে মনে করেছিলাম, বুঝি ঘুম থেকে উঠেছ বলেই মুখ এত ভার হয়েছে; কিন্তু তা ত নয়, তোমার মনে যেন কি ভাবনা হয়েছে। আমায় বলবে না ?" তারক দেখিলেন দাদাকে জিজ্ঞাসা না করিয়াযে কথা স্থপ্রভাকে বলিবার ইচ্ছা ছিল না, সে কথা তাঁহার মুথের ভাবেই ব্যক্ত হইয়া পড়িয়াছে। তথন তিনি স্থিরস্বরে বলিলেন,—"না, এমন কিছু না; তুমি উপরে যাও, আমি মুথ ধুয়ে এসে সব বল্ছি।" এই বলিয়া তারক তাড়াতাড়ি নীচে নামিয়া গেলেন। স্থপ্রভা কিছু বলিতে পারি-লেন না, একটুথানি দাঁডাইয়া থাকিলেন ; কিন্তু পাছে উপর হইতে কার্ত্তিক নামিয়া আদেন, এই ভয়ে আন্তে আন্তে উপরে চলিয়া গেলেন। স্থপ্রতা কত কথাই ভাবিতে লাগিলেন। তিনি জানি-তেন, তারক সহজে এত গম্ভীর হন নাই; আর সাংসারিক কোন কারণেও তাঁহাকে এত বিচলিত করিতে পারে না। এই জন্মই বাটীর সকলে এবং গ্রামের সকলে তাঁহার স্বামীকে ভালবাসিয়া এবং আদর করিয়া "মহেশ্বর" বলিয়া ডাকে। স্থপ্রভা এক মুহুর্ত্তের মধ্যে সব ভাবিয়া ফেলিলেন। যে স্বামীর মুথ এতট্টকু মলিন দেখিলে তিনি অন্থির হইয়া পড়েন, আজ সেই স্বামীকে - বিমনা একং প্রগাঢ় চিস্তায় অভিভূত দেখিয়া তাঁহার মাথায় যেন ,বজ্ৰ ভাঙিয়া পড়িন।

তারক নীচে যাইয়া হাতমুথ ধুইলেন এবং কাছারী বাটীতে যাইবার জন্ত বাহিরে যাইতেছেন, এমন সময় কার্ত্তিককে দেখিতে পাইলেন। তিনি অমনি সেই পত্রখানি তাঁহার হস্তে দিলেন।

কার্ত্তিক জিজ্ঞাসা করিলেন, "কোথাকার পত্র ?" "রাইগঞ্জের।"

কার্ত্তিক পত্রথানি আভোপাস্ত পাঠ করিয়া বলিলেন, "তাই ত ! বিষম সঙ্কট। তোমার কাল জেলায় না গেলে ওয়ারেণ্ট বাহির হইতে পারে, একদিকে রাইগঞ্জ না গেলেও নয় ! তা' এক কর্ম্ম কর, ক্ষেপীর মাকে এখনই পাঠাইয়া দিই ; তুমি কাল বৈকালে ঐ রাস্তায় রাইগঞ্জ ঘাইও।" তারক সেই যুক্তি ভাল বিবেচনা করিয়া বাটীর মধ্যে ফিরিলেন ; কার্ত্তিক বেহারাদিগের নিকট সবিস্তার শুনিবার জন্ত বাহিরে গেলেন।

এদিকে তারক তাড়াতাড়ি উপরে গেলেন, দেখেন স্থপ্রভা তাঁহার জক্স সি ডির দারের কাছে দাঁড়াইয়া আছেন। তারক তাঁহাকে দেখিয়াই বলিলেন,—"দেখ! বড় বিপদ; তোমার পিতার বড় ব্যামা, তাই তোমাকে এখনই লইয়া যাইবার জক্য বেহারা এসেছে।" স্থপ্রভা পিতার ব্যারামের কথা শুনিয়া একাস্ত ব্যাকুল হইয়া উঠিলেন এবং যখন শুনিলেন যে ভাসুর তাঁহার বাপের বাড়ী যাওয়ার আদেশ দিয়াছেন, তখনই তিনি নীচে নামিয়া রায়াঘরে শাশুড়ীর কাছে আসিয়া উপস্থিত হইলেন; কারণ, শাশুড়ীকেনা বলিয়া তিনি কোন কাজ করিতে আজিও শিথেন নাই। তিনি অতি ধীরস্বরে কহিলেন,—"মা! আমার বাবার বড় ব্যামা, তাই আমাকে নিয়ে যাওয়ার জক্স বেহারা পাঠাইয়াছেন।" শাশুড়ী বধুকে কোলের কাছে টানিয়া লইয়া অনেক ভরসা দিয়া বলিলেন,

— "ভয় কি মা, তোমার বাবা ভাল হ'য়ে যাবেন। তুমি এখনই রওনা হও মা।" এই বলিয়া তিনি তাঁহার যাওয়ার ব্যবস্থা করিয়া দিলেন। স্থপ্রভা সেই মেঘের মধ্যেই শেষবেলায় পিতাকে দেখিবার জক্ত যাত্রা করিলেন। প্রতিবেশী চুই একজন এমন দিনে, এই অবেলায় যাইতে নিষেধ করিল, কিন্তু তারকের মা সে কথা শুনিলেন না বলিলেন,—"না, আর দেরী করা হবে না; কি জানি ঠাকুর না করুন, একটা যদি ভাল-মন্দ হয়, তা হ'লে বৌমার আর আক্রেপের সীমা থাকবে না।"

রাইগঞ্জ হইতে যদিও চাকর হরিহর আসিয়াছিল, তব্ও কার্ত্তিক বাড়ীর পুরাতন ভৃত্য—তাঁদের বাপের আনলের চাকর রাধানাথকে সঙ্গে দিবার অভিপ্রায় কহিলেন।

রাধানাথ ভূত্য হইলেও ভূত্যের মত থাকে না, সে বাড়ীর অভিভাবক। কার্ত্তিক, তারক, স্থরেক্স সকলেই তাহাকে "রাধু কাকা" বলিয়া ডাকেন এবং রাধানাথ নিরক্ষর হইলেও তাহার পরামর্শ ব্যতীত তাঁহারা কোন কাজ করেন না। তাঁহারা জানিতেন যে, তাঁহাদের জমীদারীর সমস্ত সংবাদ রাধানাথ জানে, তাঁহাদের তেজারতীর সমস্ত অবস্থা রাধানাথ অবগত। স্থগাঁর গোরাচাদ বাবু রাধানাথকে তাঁহার দক্ষিণ হস্ত মনে করিতেন। ছেলেরাও রাধানাথকে তেমনই সন্মান করিয়া থাকে। বাক্ষীর ছেলে রাধানাথ, বাব্দের কাছে যে সন্মান পাইত, এখনকার দিনে জমীদার 'বাব্দের নিকট তাঁহাদের ম্যানেজার, দেওয়ানেরাও সে সন্মান পান না!

রাধনীশথ <u>য</u>থন শুনিল যে, মেজবধূকে বাপের বাড়ী যাইতে হইবে, তথন সে আপনা হইতেই সাজিয়া আসিল এবং কার্তিককে

বড়বাড়ী

বলিল—"এমন অবেলায় যখন যেতেই হবে, তখন এ বুড়া সঙ্গে না গেলে চল্বে কেন? মাকে অমনি যেতে দিতে পারি, কেমন ভাই হরিহর?" রাইগঞ্জের চাকর হরিহর বলিল,—"তা, রাধু কাকা, তুমি বুড়া-মাহুষ, কণ্ঠ ক'রে না গেলেও পারতে; আমিই সঙ্গে আছি।"

8

সেই দিন সন্ধার সময়ে একথানি পান্ধী রাইগঞ্জের রান্তার উপর দিয়া যাইতেছিল; একে প্রাবণ মাস, চারিদিক জলে পরিপূর্ণ, তাহাতে আবার আকাশে মেঘ, জল্প অল্ল বৃষ্টি হইতেছিল। মনোহরপুর হইতে রাইগঞ্জ যাইবার একটীই রান্তা এবং রান্তাটী বরাবর রাইগঞ্জ পার হইয়া উত্তর দিকে গিয়াছে। বেহারারা বড় সাবধানে যাইতেছিল; মেটে রান্তা অত্যম্ভ পিচ্ছিল হইয়াছিল, তাই তাহারা মধ্যে মধ্যে অস্পষ্ট স্বরে পরস্পারকে হঁসিয়ার করিতেছিল। রাধানাথ পান্ধীর পশ্চাতেছিল, সে গান না গাহিয়া থাকিতে পারিত না। আজ্ঞ যে এমন তুর্গম পথে যাইতেছে, তবুও সে গান করিবার লোভ সংবরণ করিতে পারে নাই। বুড়া হইলে কি হয়, এথনও তাহার শরীরে বল আছে, গলায় জোর আছে, আওয়াজ নরম হয় নাই। সে গাইতেছে—

"রবে না দিন চিরদিন, স্থাদিন কুদিন একদিন দিনের সন্ধ্যা হবে।"

এতক্ষণ পর্যাস্ত বৃষ্টি কিছু আন্তে-আন্তে হইতেছিল, ফিন্ত ক্রমে যতই অন্ধকার বাড়িতে লাগিল, তত্ত বৃষ্টিও বৃদ্ধি হইতে লাগিল। পানীতে আটজন বেহারা এবং সঙ্গে রাধাণ ও রাইগঞ্জের চাকর হরিহর। কিছুদ্র কষ্টে-স্প্টে যাইয়াই রাধানাণ হাঁকিয়া বলিল, "ওরে স্থবল, রান্ডা ছেড়ে এই মাঠ আড়াআড়ি ধর না, বড় যে ঝড় উঠে এল।" একজন বেহারা বলিল, "মাঠে যে জল দাঁড়িয়েছে।" রাধানাথ বলিল, "তোদের ভয় নাই, জল খ্ব কম, হাঁটুও ডুবে না, আমি এগুতে যাছি।" পান্ধীর মধ্যে স্প্রভা তাহা বোধ হয় পাঠক-পাঠিকা ব্ঝিতে পারিয়াছেন। সন্ধার প্রকাশ পর্যন্তও স্থপ্রভা এক একবার পান্ধীর দার খুলিয়া রাইগঞ্জ কতদ্র দেখিতেছিলেন; কিন্তু এখন অন্ধকার হওয়ায় আর দেখিতে পাইতেছিলেন না। তিনি বেহারাদের সঙ্গে রাধানাথের কথোপকথন শুনিতে পাইয়া ভিতর হইতে মাঠের রান্তা ধরিতে আদেশ করিলেন। বেহারাগণ অগত্যা বাঁধা রান্তা ছাড়িয়া মাঠের রান্তার নামিল।

রাধানাথ যাহা বলিয়াছিল তাহাই ঠিক, জল অর্দ্ধ হন্তের বেশী নহে। কিন্তু তাহারা যাইতে পারিতেছিল না; একে অন্ধকার, তাতে মাঠের রাস্তা। তুই একজনের তুই একবার পা পিছলাইয়াও গেল। আর আগাইতে পারা যায় না দেখিয়া শেষে সকলে পান্ধী লইয়া দাঁড়াইল। রাধানাথ বেগতিক দেখিয়া পান্ধীর ছারের কাছে আসিয়া বলিল, "মা! এখন কি উপায়, মাঠের মধ্যে বেহারারা চলিতে পারে না।" রাধানাথের ইচ্ছা যে, সে স্প্রভাকে পান্ধী হইতে নামাইয়া পদব্রজে যাইতে বলে, কিন্তু তাহা সে পারিল না। স্প্রভা পিতাকে দৈথিয়্বার জন্ম নিতান্ত উৎকন্ধিতা হইয়াছিলেন। তিনি বিলিলেন, "রাধু কাকা! তুমি আগে আগে চল, আমি পান্ধী

থেকে নেমে হাঁটিয়াই যাইব।" এই বলিয়া তিনি পান্ধী হইতে নামিলেন। রাধানাথ আগে আগে যাইতে লাগিলেন, স্থর্ণকে কোলে লইয়া স্প্রপ্রভা মধ্যে, তাঁহার পশ্চাতেই হরিহর এবং সর্বন্ধেরে পান্ধী লইয়া বেহারাগণ। কিন্তু একে একে বেহারায়া সকলেই পিছাইয়া পড়িল। রাধানাথ খুব জোরে জোরে আগে বাইতেছে এবং স্থপ্রভাও প্রাণপণে যাইতেছেন। পথের মধ্যে স্থ্রভার কতবার পা পিছ্লাইয়া গেল; কিন্তু পিতৃবৎসলা তব্ও অবিরাম-গতিতে ঘাইতে লাগিলেন। মনোহরপুর হইতে অনেক দ্ব আসিয়াছেন, আর এককোশ গেলেই রাইগঞ্জ পৌছান যায়। রান্তার মধ্যে হাঁটিতে হাঁটিতে কতবার স্থপ্রভা রাইগঞ্জের কথা জিজ্ঞাসা করিয়াছেন, প্রতিবারেই হরিহর 'ঐ স্থম্থের গ্রাম' বলিয়া ভর্মা দিয়াছে।

কিছুদ্র যাইয়া স্থপ্রভা আর চলিতে পারিলেন না, এদিকে স্বর্ণ কোলের মধ্যে জাগিয়া উঠিল। এতক্ষণ পর্যান্ত সে ঘুমাইয়া ছিল। রাধানাথ নিজের গায়ের মোটা চাদর পুরু করিয়া স্বর্ণের গায়ের উপর দিয়াছিল, এই জক্ত এতক্ষণ তাহার ঘুম ভাঙে নাই। এখন সে কাঁদিতে লাগিল। স্থপ্রভা তাহার মুখে স্তন দিলেন, কিন্তু দে শীতে, কাঁদিতে লাগিল। তখন স্থপ্রভা বলিলেন, "আর যে চলিতে পারি না। খুকির হাত-পা অবশ হইয়া আসিতেছে।" রাধানাথ তখন অক্স উপায় না দেখিয়া উটৈঃস্বরে বেহারাদিগকে ডাকিলেন; কিন্তু কোন উত্তর পাইলেন না, তাহারা কিছুদ্র পাছে পাছে আসিয়া দক্ষিণদিক দিয়া গ্রামের দিকে গিয়াছে। একজন মেইনিরা সকেইছিল সে একটু দুর হইতে উত্তর দিল এবং তাড়াতাড়ি নিকটে

করিলেন। তিনি পরদিনই ডাক্তার এবং ছোট ভাই স্থরেশকে সঙ্গে লইয়া রাইগঞ্জে উপস্থিত হইলেন। পল্লীগ্রামের অবস্থাপন্ন লোকদিগের মধ্যেও এই একটা দারুণ কুসংস্কার দেখিতে পাওয়া যায়,
তাঁহারা রোগীর পরনায়ু প্রায় নিঃশেষ না হওয়া পর্যান্ত আর
স্কুচিকিৎসার ব্যবস্থা করেন না। এ ক্ষেত্রেও তাহাই হইয়াছিল।

কলিকাতার ডাক্তার স্বর্ণকে দেখিয়া, তাহার রোগ পরীক্ষা করিয়া চোথমুথ বিক্বত করিলেন। অন্তরাল হইতে স্প্রপ্রভা সমস্তই দেখিতেছিলেন; ডাক্তারের মুখ দেখিয়া মেয়ের অবস্থাটা অনুমান করিতে তাঁহার বিলম্ব হইল না। ডাক্তার ঔষধ দিয়া বাহিরে চলিয়া গেলে স্প্রপ্রভা সেইথানেই জাত্ব পাতিয়া বসিয়া যুক্ত-কবে সর্বব্যাধির শেষ-চিকিৎসক ভগবানকে ডাকিতে লাগিলেন।

এ'টা উপস্থাদের কথা নহে, পৃথিবীতে যদি কিছু সত্য থাকে, তবে এইটা সেই সত্য! যথন বিপদে পতিত হইয়া লোকে কুল কিনারা দেখিতে পায় না, যথন শোকের দারুণ সন্তাপে হৃদয় ভগ্ন হইয়া যায়, যথন সুথিবী চক্ষের উপরে ঘুরিয়া যায়, যথন হৃদয়ের মধ্যে ভয়ানক অগ্নি জলিয়া উঠে, সে সময়ে যে একবার পরমেশ্বরের নাম করিয়া ডাকে, হৃদয়ের অন্তন্তল ভেদ করিয়া একবার সেই নাম ধরিয়া ডাকিতে পারে, তাহার হৃদয়ের সমস্ত জালা-যন্ত্রণা নিভিয়া গিয়া হৃদয় শান্ত হয়। স্প্রভা আজ কয়েকদিন পর্যান্ত আহার নিজা ত্যাগ করিয়া ফর্নকে লইয়াই বাস্ত ছিলেন; স্বর্ণের বাায়াম ক্রমেই যে গুরুতর হইতেছিল, তাহাও তিনি ব্ঝিতেছিলেন, আজ ডাক্রারের নির্কাক মুথের উপর ভয়ের সমস্ত লক্ষণ পরিক্ষ্ট দেখিয়া ক্রেনির নির্কাক মুথের উপর ভয়ের সমস্ত লক্ষণ পরিক্ষ্ট দেখিয়া ক্রেনির নির্কাক মুথের উপর ভয়ের সমস্ত লক্ষণ পরিক্ষ্ট দেখিয়া ক্রেনির নির্কাক মুথের উপর ভয়ের সমস্ত লক্ষণ পরিক্রেত লাগিলেন। নিজের অস্থ্য ভুলিয়া গেলেন। জগদীশ্বরের পদতলে

মায়ের কাতর-প্রার্থনা গিয়া বোধ করি পৌছিল। ডাক্তারের ঔষধে কয়েক দিনের মধ্যেই স্বর্ণ অনেকটা স্কৃত্ব হইল। তথন কার্ত্তিক সকলকে লইয়া বাড়ী চলিয়া গেলেন।

বাটী আসিয়াই স্থপ্রভা মেয়ে লইয়া বিব্রত হইয়া পড়িলেন, সংসারের কোন কাজেই হাত দিতে পারিতেন না। এতদিন পর্যাম্ভ যে বোঝা তিনিই বহিয়াছিলেন, এই বিপদের দিনে সে ভার আসিয়া পড়িল ছোট বধু রঙ্গিণীর উপর। রঙ্গিণী অক্ষুধ্ধ-চিত্তে সমস্তই করিত। এই দিন হাত পরিশ্রমে সে কিছুমাত্র ক্লান্তি বোধ করিত না। কাজ করিয়াই সে আনন্দ পাইত। শুধ একটা তাহার বড় ক্লেশের কারণ উপস্থিত হইয়াছিল : তাহার স্বামীর প্রায় মাসাবধি কাল কলেজ কামাই হইয়া গেল। সে হু:থিত মনে প্রায়ই ভাবিত, এবার বুঝি তিনি পরীক্ষায় পাশ হইবেন না। স্ত্রীর নিকট স্বামীর স্থনাম ও খ্যাতি যত আদরের, এমন আর কিছুই নহে। তাই সে কায়মনোবাক্যে স্থরেক্তের উন্নতির জন্ম সর্ব্বদাই প্রার্থনা করিত। এতদিন পর্যান্ত স্বর্ণের পীড়ার জন্ম প্রবেশ্রর সঙ্গে রঞ্জিণীর ভালরূপ দেখা শুনা হয় নাই, স্থপ্রভারও সেদিকে থেয়াল ছিল না; আজ মেয়েকে স্থত্ত দেথিয়া এই কথাটা মনে পড়ায় তিনি ব্যস্ত হইয়া উঠিলেন।

তিনি অপরাহ্নকালে সহন্তে স্থ্রেক্রের ঘর পরিষ্কার করিলেন।
এতদিন পর্যান্ত তিনি অন্তত্র থাকায় এই সব ঘরে কেহ বড় বেশী
যায় নাই। ঘর-ঘার, বিহানাপত্র সমস্তই বিশৃষ্থল ও শ্রীহীন
হইয়াছিল। স্বর্ণের পীড়া হওয়া অবধি রন্ধিনী শাশুড়ীর কাছে
থাকিত, কারণ স্থরেক্র স্বর্ণের নিকট অধিক সময়ই থাুক্তিতেন।
এ দিকে স্থরেক্রের কলিকাতায় যাওয়ার দিন স্থির ইইয়াছে, অথচ

বড়বাড়ী ১৯

এতদিন বাটীতে থাকিয়াও রঙ্গিনীর সঙ্গে তাঁহার দেখা হইতে পারে নাই জানিতে পারিয়া, স্থপ্রভা মনে মনে তঃখিত ও লজ্জিত চইলেন। হয় ত পাঠক-পাঠিকাগণ বলিবেন যে, "এক বাড়ীতে এতদিন থাকিল, অথচ দেখা হইল না, এ কেমন কথা ?" কিন্তু ইহাই ঘটিয়া থাকে। রঙ্গিনী এই শিক্ষাই পাইয়াছিল। যদিও সে দেখিত যে, অনেক সময় কার্ত্তিক স্ত্রীর সঙ্গে দিবাভাগেই কথা বলেন, এবং স্থপ্রভাও তারকের সঙ্গে কথাবার্তা বলেন, কিন্তু রঙ্গিনী তাহা পারিত না। সে স্থরেক্রকে দেখিলেই সক্ষত্র ভাবে প্রস্থান করিত। কথনও দিবাভাগে তাঁহার সহিত কথা কহিত না; তাহার ভয় ছিল পাছে কেহ তাহাকে নির্লুজ্জা বলে। যদি কথনও ঘটনাক্রমে নিরালায় স্বামীর সঙ্গে দেখা হইয়া বাইত, তাহা হইলে সে কেবলমাত্র স্থরেক্রর মুথের দিকে চাহিয়া একটুথানি হাসিয়াই পলায়ন করিত।

শাজ সকাল-সকাল স্থরেন্দ্র নিজের ঘরে শয়ন করিতে গোলেন।
ঘরের এক পার্য্বে একথানা টেবিল; এক কোণে পিলস্থজের উপর
একটা প্রদীপ জ্বলিতেছে; অপর পার্য্বে একথানি পালঙ্ক। ঘরে গিয়া
স্থরেন্দ্র সেই টেবিলের নিকট একথানি চেয়ার টানিয়া লইয়া পড়িতে
বসিলেন। এতদিন পর্যন্ত বাটীতে আসিয়া তিনি একেবারেই পড়াশুনা করিতে পারেন নাই। তাই আজ পুশুক লইয়া বসিলেন বটে,
কিন্তু মন:সংযোগ করিতে পারিলেন না। ঘরের মধ্যে কাহার ছটী
চরণপাতের মৃত্ব শব্দের আশার উৎকর্ণ হইয়া রহিলেন। রঙ্গিণীও
আজি অত্যন্ত উৎসাহের সহিত গৃহকার্য্য করিতেছিল এবং অল্পকালের
মধ্যেই সমিত নিঃশেষ করিয়া মেয়েদের জন্ম সকালবেলার থাবার
লইয়া উপরে গেল। গিয়া দেখিল কার্ডিক এবং তারক পূর্বাক্ষেই

নিজেদের ঘরে চলিয়া গিয়াছেন। তথন আতে আতে সে নিজের ঘরে গিয়া প্রবেশ করিল। দেখিল স্থরেন্দ্র একথানি পুস্তক লইয়া বিসিয়া আছেন। রঙ্গিণী ধীরে-ধীরে ধাইয়া চেয়ারের পার্শ্বে দাড়াইতে স্থরেন্দ্র মুথ ফিরাইয়া জিজ্ঞাসা করিল, "কাজ সব শেষ হ'ল ?"

রঙ্গিণীও মৃতু হাসিয়া জ্বাব দিল, "আমাদের মেয়েমান্থবের কাজের কথনো শেষ হয় কি।"

স্থরেন্দ্র। তোমাকে আর বাইরে যেতে হবে কি!

রঙ্গিণী। না, আমি আজ তোমার জন্তে সমস্ত কাজ তাড়াতাড়ি শেষ করে এসেছি। তোমার কি যাওয়ার দিন স্থির হয়েছে ?

স্থরেক্ত। তুমি কি তবে আমাকে আরও হুই-একদিন থেকে যেতে বল ?

রঞ্জিণী। বলা ত দ্রের কথা, আমি সে কথা মনেও করি নাই। তোমার যাতে স্থ্যাতি হয়, যাতে দশজনে তোমাকে ভাল বলে, যাতে তুমি গণ্য-মাক্ত হ'তে পার, তাতে কি আমার বাধা দেওয়া উচিত ? আমি সে জক্ত বলছিলাম না, এবার তোমার পরীক্ষার বৎসর, এতদিন দেরী হয়ে গেল, তাই জিজ্ঞাসা করছিলাম।

স্থরেক্স। রঙ্গিণী! এতদিন তোমাকে কোন কথাই বলতে পারিনি। কিন্তু তোমাকে আর কয়েকটী কথা শুন্তে হবে এবং সেই অনুসারে কাজ করতে হবে।

রঙ্গিণী। কি বল। আমি কবে তোমার কথার অক্সথা করেছি?
স্থারেন্দ্র। দেখ তোমাকে লেখাপড়া শিখতে হবে। তুমি এমন
বুদ্ধিমতী, এত কথা বুঝতে পার, আর এইটী বোঝ না? লেখাপড়া
শেখা যে উচিত, এ কি তোমার মনে হয় না?

রিঙ্গি। সে কি আমি বুঝি না? কিন্তু আমি গোড়ার যত্ন

করি নি, তাই এখন মনে লাগে না, কেমন যেন বিরক্তি বোধ হয়। মেজদি কত চেষ্টা করেন, কিন্তু কিছুতেই আমার ইচ্ছা করে না।

স্থরেক্তা। ভেবে দেখ, তোমার লেখাপড়া না শেখায় কত কুফল হতে পারে। মনে কর, তোমার যে দব সন্তান হবে, তাদের শিক্ষার ভার তোমার উপরে থাকাই কর্ত্তবা। যদি অক্স দেশের কথা শোন, তা হ'লে অবাক্ হবে। অন্ত দেশে যে সমস্ত বড় বড় লোক জ্বন্সেছেন, তাঁরা বাল্যকালে শায়ের কাছেই শিক্ষাপ্রাপ্ত হয়েছেন। মা যদি লেখাপড়া না জানে, তাহ'লে সন্তানের ভাল শিক্ষা কথনও হয় না। অন্ত প্রমাণের আবশ্রক কি, মেজবউদিদিকে দেখলেই ত দব ব্যতে পার। তিনি লেখাপড়া শিথেছেন বলে তাঁর মন কেমন সরল, পবিত্র এবং তাঁর কাজ দেখলে চক্ষ্ জুড়ায়। আর ঘোষেদের বাটীর বউদের ব্যবহার দেখ দেখি, তারা দিবারাত্রি ঝগড়া-বিবাদেই আছে। অশিক্ষিতা জ্বীলোক সংসারে থাক্লে নানাপ্রকার গোলযোগ হতে পারে। এখন ব্যেছ, কেন তোমাকৈ লেখাপড়া শিথতে বলি।

রঙ্গিণী। তা সব বৃঝি; কিন্তু কি জন্ম যেন ও-সবে বড় মন যায় না। আমার ইচ্ছা করে দিন-রাত্র সংসারের কাজ করি, শাশুড়ী-ননদের সেবা-ভক্তি করি এবং আর-আর কাজ করি।

স্থরেন্দ্র। সে গুলি ত অবশ্য কর্ত্তব্য, কিন্তু অবসর সময়ে কি করবে ৯

.রঙ্গিণী। তথন আর কি, গল্প হাসি থেলা কর্ব।

্ সংক্রে,। সে সময়টা ঐ সকল বাজে কাজে নষ্ট না ক'রে যদি লেখাপড়া শিক্ষা কর, সে কি ভাল নয়? রঙ্গিণী। তা, তোমার সঙ্গে আমি তর্ক করছি মা। আচ্ছা স্বীকার করছি, এখন থেকে দিদির কাছে লেখাপড়া শিখব।

স্থরেক্স। দেখ, যে দিন তুমি আফাকে আপনার হাতে পত্র লিখতে পার্বে, সেই দিন আমি তোমাকে খুব একটা ভাল জিনিস দেব।

রঙ্গিনী। আমাকে লোভ দেখাতে হবে না। তোমার যথন এত ইচ্ছা, তথন আমি যেমন করে পারি লেখাপড়া শিথব। দেখ, তুমি এবার প্রায় বাড়ী এসোনা, তা'হলে আবার অনেক সময় নষ্ট হ'বে; এট দেখ কতক্ষণ আমার সঙ্গে কথা বলে সময় নষ্ট কর্লো। আছো, আর এক কথা। মনে কর তুমি পাশ কর্লে; তার পর কি করবে?

স্থরেক্ত। কেন, বি-এ পড়ব।

রঙ্গিণী। বি-এ প'ড়ে কি কর্বে ? আমার বাধা বলেন যে আজকাল বি-এ, এম-এর ভাত নেই।

স্থারেক্তা। তানাথাক্ল। রক্তিণী! তোমার এইটী বড় ভূল।
সকল লোকেরই যদি টাকা উপার্জনই লেখাপড়ার উদ্দেশ্য হয়,
তবে আমাদের অবস্থা বড় মন্দ। তৃমি কি মুনে করেছ লেখাপড়া
শিখে আমি চাকরি করব; তা কিছুতেই নয়। আমি চাকরীকে
বড় ঘুণা করি। পরমেশ্বরের আশীর্বাদে আমাদের যা আছে,
তাই ভাল করে দেখে চল্তে পারলে অন্তের ঘারস্থ হতে হয় না।
আমি চিরকালই লেখাপড়াতেই জীবন কাটাব।

রঙ্গিণী। সে ত ভালই। তবে কি জান, মা বলেছেন যে, বি-এ, এম-এ পাশ করা অপেকা ডাকোরী শেখাই ভাল। আমিও বড়বাড়ী ২৩

তাই ভাল বুঝি। কেন তা বুঝেছ? আজকাল যে সব ডাক্তার আমাদের দেশে আসে, তারা যেন কি! সেবার ঐ কলিকাতা থেকে কে একজন ডাক্তার আমাদের গাঁরে ঘোষালদের বাড়ীতে চিকিৎসা কর্ত্তে এসেছিল। মাগো! সে যে কি চলানটা চলালে, তা তোমার কাছে বলতে আমার গা শিউরে উঠে। সেই দিন থেকে মনে করেছি যে ব্যারামে ম'রে যাব তাও স্বীকার, তবু পুরুষ-ডাক্তারকে হাত দেখাব না।

স্থরেক্স । বান্তবিক রঙ্গিণী ! তুমি ঠিক বলেছ । আমারও হই-এক সময়ে তাই ইচ্ছে করে।

রঞ্জিণী। দেখ, তুর্মি যদি ডাক্তার হও, তা হোলে আমাদের
নিজেদের জক্ত মোটেই ভাবতে হয় না; আর গাঁয়ের কত উপকার

হয়, তা আর বলা যায় না! সেদিন দাসেদের একটি ছেলের
বিকার হয়েছিল, গায়ের কবিরাজ টাকা না হোলে য়েতে চায়
না। সে ছেলেটার না কাঁদতে কাঁদতে আমাদের বাড়ীতে এসে
সব বোললে; আমার বুক ফেটে গেল; আমি লুকিয়ে তাকে চারটা
টাকা দিয়ে কবিরাজ আনতে বলে দিলাম। আরও দিতে চেয়েছিলান; কিন্তু হতভাগিনী কবিরাজ ডাক্তে ডাক্তে ছেলেটা
মারা গেল। দেখ দুথি কি কষ্ট। তুমি ডাক্তার হ'লে কি ছেলেটা
অচিকিৎসায় মরে য়েতো।

স্থরেক্ত। রঙ্গিণী, তোমার বড় দয়ার শরীর। তোমার আজ-কের এই কথা শুনে আমি যে কতদ্র সস্তুষ্ট হলাম, তা আর বলতে পারি না। আমি বি-এ পড়া ছেড়ে দেব। তোমার স্থায় দয়াশীলা যা বিবেচনা করেছে, আমি তাতে মোটেই অমত করব না। তবে বড়দাদা কি বলেন তাই ভাবনা। রঞ্চিণী। তিনি অমত করবেন না;—আচ্ছা, এখন তুমি ঘুমাও, রাত্রি অনেক হ'ল।

তৃতীয় দিন স্থরেক্স চলিয়া গেলেন।

& .

স্থরেক্রনাথ পূর্বে যথন ইংরাজী স্কুলের নিম্ন-শ্রেণীতে পড়িতেন, তথন মহেন্দ্র নামে একটি বালকের সহিত তাঁহার অতিশয় বন্ধত্ব হয়। মহেন্দ্র স্থারেন্দ্রকে বড় ভালবাসিতেন। উভয়ে এক স্কুলে পড়িতেন এবং মহেন্দ্র স্থারেন্দ্রের তিন শ্রেণী উপরে পড়িতেন। উভয়ে অধিকাংশ সময়েই একত্র থাকিতেন। মহেন্দ্রের যে গ্রামে বাড়ী, স্থরেন্দ্র সেই গ্রামে এক আত্মীয়ের বাড়ীতে পাকিয়া স্কুলে পড়িতেন, কারণ স্থরেন্দ্রের নিজ গ্রামে ভাল স্কুল ছিল না এবং কলিকাতায় যাইতে তাঁহার ইচ্ছা ছিল না। মহেন্দ্র দরিদ্রের সন্তান, সংসারে মা ব্যতীত তাঁহার আর কেহই ছিল না। মহেল্রের মা অতি কটে তাঁহাকে ইংরাজী স্কুলে পড়াইতেন। এই সময়ই **মহেন্দ্রের সহিত স্থারেন্দ্রের** পরিচয় হয়। কিছুদিন পরে মহেন্দ্র প্রবেশিকা পরীক্ষার পাশ হইয়া পনের টাকা বৃত্তি পাইলেন এবং মাতার নিকট হইতে বিদায় লইয়৷ কলিকাতায় এল-এ পড়িতে গেলেন। স্থরেন্দ্র তাহার পরেও কিছুদিন সেই গাঁয়েই ছিলেন, কিন্তু মহেন্দ্রকে ছাড়িয়া আর অনেক দিন থাকিতে পারিলেন না, স্তরাং তিনিও মাস কয়েকের মধ্যেই কলিকাতায় পড়িতে গেলেন। সেখানে তাঁহাদের নিজেদেরই বাসা ছিল। কিন্তু মহেক্র অপর একস্থানে থাকিয়া পডিতেন।

এই হু'টী বন্ধুর এ প্রকার অভিন্ন ভাব অনতিকাল মধ্যেই কার্ত্তিক এবং তারকের কর্ণগোচর হইলে তাঁহারা অতিশয় সম্ভষ্ট হইলেন, এমন কি মহেক্রকে তাঁহাদেব নিজ কনিষ্ঠ ভাতার কায় ভালবাসিতে লাগিলেন। স্থারেন্দ্রের বড় ইচ্ছা যে মহেন্দ্র তাঁহার সঙ্গে একতা থাকেন, কিন্তু নানা কারণে মহেন্দ্র এল-এ পরীক্ষা পর্যান্ত তাহা করিতে পারেন নাই। বিশেষ মহেন্দ্র পনের টাকা বুত্তি পাইতেন, তাহাতেই তাঁহার সমস্ত ব্যয় নির্বাহ হইত। কিন্তু এল-এ পরীক্ষায় অক্বতকার্য্য হওয়ায় কঁলিকাতায় থাকিয়া অধ্যয়ন করিবার আর যথন তাঁহার কোন উপায় রহিল না, তথন কার্ত্তিক তাঁহাকে স্বত্নে নিজেদের বাদায় আহ্বান করিয়া লইলেন, এবং তাঁহার সমস্ত ভার গ্রহণ করিলেন। এইরূপে ছুই বন্ধু পুনরায় একত্র মিলিত হইলেন। মহেল্র তথনও বিবাহ করেন নাই; বিবাহের কথা উঠিলেই তিনি নানা প্রকার যুক্তি দিয়া বাধা দিতেন। শ্বন্তরবাড়ী ছিল না, তাই তিনি কলেজের অবকাশে অর্দ্ধেক সময় নিজের বাটীতে এবং অর্দ্ধেক সময় স্থরেক্রের মনোহরপুরের বাড়ীতে গিয়া অতিবাহিত করিতেন। স্থরেন্দ্রের বাড়ীর স্ত্রীলোকেরা পর্যান্তও মহেন্দ্রকে বড় স্নেহ করিতেন। স্থপ্রভা মহেন্দ্রকে নিব্দের সহোদরের ন্থায় জ্ঞান করিতেন। শ্রাবণ মাসে স্বর্ণের অস্ত্রথের সময়ে যখন স্থারেন্দ্র বাড়ীতে আসেন, তখন মহেন্দ্রও আসিবার জন্ম ব্যগ্র হইয়া উঠিয়াছিলেন; কিন্তু সে সময়ে তাঁহার শরীর অস্তুস্থ থাকায় স্থরেন্দ্র তাঁহাকে আসিতে দেন নাই। বাটী সাবিয়া প্রায় প্রতিদিনই তাঁহাকে স্বর্ণের খবর ক্লিক্স্নিশাবলিক

তাহার পর তুই বৎসর কাটিয়া গিয়াছে। এই তুই বৎসরের মধ্যে এমন কোন ঘটনা ঘটে নাই, যাহা এস্থলে উল্লেখ করা যাইতে পারে। সংসারে তাঁহার একমাত্র বন্ধন ছিলেন মাতা। সেই মা যখন একদিন হঠাৎ পরলোকে চলিয়া গেলেন, তথন মহেন্দ্র বি-এ পড়া ছাড়িয়া দিয়া একেবারে স্থরেক্রের বাটী মনোহরপুরে আসিয়া বাস করিলেন। মনে মনে বলিলেন, আর পড়িয়া কি হইবে। যাঁহার প্রথম্বাচ্ছন্য বৃদ্ধি করিবার জন্ম পাশ করা, তিনিই যথন নাই, তথন থাকুক এইথানে সমস্ত বিভালয়ের বোঝা। আমি আর রুণা এ ভার বহিয়া বেড়াইব না। অথচ জীবিকার জক্ত উপার্জনেরও আবশ্যকতা ছিল না; এই কারণে তিনি মিত্রদের বাটীতেই রহিলেন। স্থপ্রভা তাঁহাকে ভ্রাতার অধিক ভাল-বাসিতেন, তাই কোনমতেই তাহাকে অধিক দিন আলস্তে দিন কাটাইতে দিলেন না। তিনি বাটীর উপরে একটি বালিকা-বিছা-লয় প্রতিষ্ঠা করিয়া দিয়া তাহার সমস্ত ভার চাপাইয়া দিলেন মহেক্রের উপর। তবে নিজেও একেবারে ভারশৃষ্ঠ রহিলেন না। দ্বিপ্রহারের অবকাশে রঙ্গিণীকে সঙ্গে লইয়া মেয়েদের ফচের কাজ ও গৃহস্থানীর কাজ শিথান, তাহাদিগকে পরীক্ষা করা, যোগ্যতা অমুদারে পুরস্কার দেওয়া, এই সমস্ত কর্ত্তব্য সম্পন্ন করিতে লাগি-লেন। তা ছাড়া স্থপ্ৰভা বালিকাাদগকে মধ্যে মধ্যে টাকা দিভেন এবং সে টাকা ভাহারা কিসে বায় করে তাহার সন্ধান লইতেন। রক্ষিণীও দিদির সমন্ত কার্য্যেই যোগ দিতেন। কার্ত্তিক ছোট বধু-

ন্বয়ের এই সমস্ত কার্য্য দেখিয়া আনন্দিত হইতেন এবং তাঁহাদের কার্য্যে যথোচিত উৎসাহ দিতেন।

বাটীর যে অংশে স্কুল হইত, তাহার উপরের ঘরেই মহেন্দ্র থাকিতেন। এই কামরা বাটীর মধ্যের দিকে, কিন্তু বাহিরেরও অতি নিকটে। স্থপ্রভা এই ঘর মহেন্দ্রের জন্ম নিজে সজ্জিত করিয়া দিয়াছিলেন। এই ঘরে মহেন্দ্র এবং তারক অধিক সময় একত্র কাটাইতেন। স্থরেন্দ্র যথন কলিকাতা হইতে বাটীতে আসিতেন, তথন তিনিও এই ঘরেই থাকিতেন। তারক এবং মহেন্দ্র সমবয়য়, স্থরেন তাহাদের অপেক্ষা দেড় বৎসরের ছোট, কাজেই উভয়ের সহিতই মহেন্দ্রের বিশেষ প্রাণয় ছিল। মহেন্দ্র আর নিজ গ্রামে যাইতেন না, মনোহরপুরে মিত্র-পরিবারভুক্ত হইয়াই জীবন যাপন করিতে লাগিলেন।

কিন্তু এ ভাবে অধিক দিন কাটিল না। পৌষ মাসে হঠাৎ
এক দিন মহেন্দ্র জরে পড়িলেন। প্রথম তুই তিন দিন সকলেই
জর সামান্ত মনে করিয়াছিলেন, কিন্তু পরে ক্রমেই জর বৃদ্ধি হইতে
লাগিল এবং মহেন্দ্র তুর্বল হইয়া পড়িতে লাগিলেন। তথন কার্ত্তিক
এবং তারক উভয়ে অতাস্ত উদিয় হইয়া উঠিলেন। স্থপ্রভা দিবারাত্রি রোগীর কাছে বসিয়া থাকিতেন; এক দণ্ডের জন্তু তাহার
কাছছাড়া হইতেন না। বঙ্গিণী কি করিবে, একবার বাটীর মধ্যে
যায়, পরক্ষণেই মহেন্দ্রের পার্শ্বে আসিয়া নীরবে দাঁড়াইয়। থাকে।
গ্রামের কবিরাজ আসিয়া নাড়ী দেখিয়া যথন ইহাকে ত্শিচকিৎস্ত
সারিপাত বিকার বলিয়া প্রচার করিলেন, তথন স্থপ্রভা কাঁদিতে
লাগিলেন। রক্ত্রণী এতদিনও স্বরেক্রকে এ বিষয়ে কিছুই জানায়
নাই। আজ সমস্ত বুভাস্ত কলিকাতায় স্বরেক্রকে লিথিয়া

TARREST PLANE

পাঠাইল। স্করেন্দ্র পত্রপাঠমাত্র বাটীতে আসিলেন এবং মহেন্দ্রের ভয়ানক অবস্থা দেখিয়া অতিশয় উৎকন্তিত হইয়া উঠিলেন। তথনও মহেন্দ্রের জ্ঞানের বিশেষ বৈশক্ষণা হয় নাই; তিনি ধীরে ধীরে বন্ধুর হাতথানি টানিয়া নিজের বুকের উপর রাখিয়া কি ঘেন বলিবার চেষ্টা করিলেন, কিন্ধু কোন কথাই বলিতে পারিলেন না।

স্থরেক্ত এখন ডাক্তারী পড়িতেছিলেন। তিনি বাড়ী আসিবার সময় নানাপ্রকার ঔষধ আনিয়াছিলেন; বন্ধুর চিকিৎসার ভার তিনি নিজেই গ্রহণ করিলেন। তাঁহার নৈপুণ্য এবং স্থপ্রভার অহর্নিশি অক্লান্ত দেবায় এবং সর্ব্বোপরি জগদীশ্বরের রুপায় পঁচিশ দিন পরে মহেক্রের বাঁচিবার লক্ষণ দেখা দিল। পীডার সময়ে মহেন্দ্র যথন স্থপ্রভার দিকে দৃষ্টিপাত করিতেন, তথনই যেন তাহার পীড়ার যন্ত্রণা অনেক কমিয়া যাইত; তাঁহার বোধ হইত, যেন কোন দেবকক্যা তাঁহার শিয়রে বসিয়া তাঁহার রোগক্লিষ্ট মুখে হাত বুলাইতেছেন! দিন যাইতে লাগিল; ক্রমে মহেক্র স্বস্থ হইতে লাগিলেন। এখন মহেন্দ্র হাঁটিতে পারেন। স্থরেন্দ্র এতদিন পর্যান্ত বাটীতেই ছিলেন। এক্ষণে আর থাকা অনাবশ্যক মনে করিয়া কলিকাতায় যাওয়ার কথা তারককে বলিলেন। তারক দাদাকে বলিয়া তুই দিন পরে যাত্রার দিন স্থির করিলেন। যাওয়ার যথন সমস্ত প্রস্তুত, এমন সময়ে এক নিদারুণ ঘটনায় বিনামেঘে বড়বাড়ীর মন্তকে কঠোর বজ্রপাত হইল।

সেদিন মঙ্গলবার। অপরাহুকালে স্থরেক্ত কাছারী-সংলগ্ধ বাগানের মধ্যে ভ্রমণ করিতেছিলেন। এই বাগান তারকের স্বহন্ত-নির্ম্মিত। তারক নিজে ভিন্ন ভিন্ন দেশ হইতে নানা প্রকার বৃক্ষের কলম, বীজ প্রভৃতি আনিয়া এই বাগান প্রস্তুত করিয়াছিলেন; বড়বাড়ী ২৯

এবং স্বহস্তে বাগানের সমস্ত কাজ করিতেন। বাগানটির প্রতি তাঁহার যত্নের অবধি ছিল না, এবং তাঁহারই যত্নে বাগানটী স্থলার স্থদৃশ্য হইয়া উঠিয়াছিল। আট দশ হাত অন্তর ছোট ছোট আম কাঁটালের গাছ সারি দিয়া লাগান, এবং তাহারই মধ্যে মধ্যে ভাল ভাল ফুলের গাছ, তরকারীর গাছ এবং অন্তান্ত গাছ ছিল। বাগানের দক্ষিণ পার্শ্বে একটি বৃহৎ গর্ত্ত ছিল এবং সেই গর্ত্তে বার-মাসই জল থাকিত। এই দিকটা কিছু জঙ্গলময়, বেত এবং অন্তান্ত আগাছায় পারপূর্ণ। তারক অনেক চেষ্টাতেও এই সমস্ত ানঃশেষ করিতে পারেন নাই। আজ প্ররেক্তের পরামর্শে তারক সেই গাছগুলিতে আগুন লাগাইয়া দিয়াছিলেন! স্থাকেন্দ্ৰ বাগানের মধ্যে যাইয়া, অদুরে দাঁড়াইয়া ইহাই দেখিতেছিলেন। ভারক নিকটেই কোথাও ছিলেন। হঠাৎ স্থরেন্তের চীৎকার শব্দে ছুটিয়া আসিয়া দেখিলেন স্থরেক্ত পা ধরিয়া বসিয়া পড়িয়াছেন। দাদাকে দেখিবামাত্র "আমাকে সাপে কামাড়াইয়াছে" বলিয়া তিনি কাঁদিয়া ফুেলিলেন। মুহুর্ত্তকালের জন্ম তারক কি করিবেন স্থির করিতে পারিলেন না: পরক্ষণেই নিষ্কের কোঁচার কাপড় ছি"ড়িয়া সর্পদষ্ট স্থানের উপর ভাল করিয়া বাঁধিয়া দিলেন এবং ভাইকে কোলে ক্রিয়া বাসলেন। বাগানের মালি ছুটিয়া গিয়া এ ত্বঃসংবাদ বাটীর মধ্যে দিতেই কার্ত্তিক এবং অক্সান্ত সকলে আসিয়া দেখিলেন বিবর্ণপ্রায় ছোট ভাইকে ক্রোড়ে লইয়া তারক কাঁদিতেঁছেন।

. ৃদকলে ধরাধরি করিয়া স্থরেন্দ্রকে বাটীর মধ্যে লইয়া গেলে একটা মর্ম্মতেন্ট্র কান্নার রোল পড়িয়া গেল। জননী হাত-পা আছড়াইয়া স্থরেন্দ্রের বুকের উপর পড়িলেন; শুধু স্থপ্রভা

কাঁদিবার সময় নয় বুঝিয়া নীরবে আসিয়া স্থরেন্দ্রের নিকটে বসিলেন; কার্ত্তিক দূরে সরিয়া গেলেন। চতুর্দিকে গণ্ডগোল করিয়া কবিরাজ, বিষবৈত্য, ওঝা ডাকিবার জন্ম লোক ছুটিয়া গেল। কান্নাকাটি শুনিয়া মহেল্র উপর হইতে নামিয়া আসিতেছিলেন. এখনও তাঁহার তুর্বলতা যায় নাই। নীচে আসিয়াই যাহা শুনিলেন, তাহাতে আর এক পাও অগ্রসর হইতে পারিলেন না, সেই স্থানে বসিয়া পড়িলেন। তারক কখনও বা পাগলের কার নিরর্থক ছুটাছুটি করিতেছেন, কথনও বা "ভাই, দাদা স্থরেন" বলিয়া কাঁদিয়া কাছে আসিয়া বসিতেছেন। আজ তাঁহার দক্ষিণ হস্ত ছিন্ন হইয়া যাইতেছে। কার্ত্তিক হতজ্ঞানের স্থায় দূরে বসিয়া ভাবিতেছেন: এবং এক একবার বাহিরে গিয়া ওঝা আসিল কি না, দেখিতেছেন। গ্রামে এবং নিকটবর্ত্তী স্থানে যত বিষবৈত্য ছিল, সকলেই আসিল, সকলেই চেষ্টা করিল; কিন্তু সব বুথা হুইল। কিছুক্ষণ পরেই মিত্রবংশের সর্ব্বকনিষ্ঠ সন্তান সর্পবিষে জর্জারিত হইয়া. এক হাত তারকের হাতে অপর হাত মহেন্দ্রের হাতে রাথিয়া, স্থপ্রভাব কোলের উপর মাথা রাথিয়া ইহলোক ভাগে করিয়া গেলেন।

ইহার পরের দৃশ্য বর্ণনা করা নিস্প্রোজন: মাতা বিগতপ্রাণ পুর্ব্রের বুকের উপর পড়িয়া মূর্চিছতা। কার্ত্তিক ও তারক শোকে উন্মত্ত। শুধু শোক করিলেন না মহেন্দ্র। এ ঘটনা বোধ হয় তাঁহার শোকের অতীত হইয়াছিল। তিনি শুধু দূরে সরিয়া গিয়া নির্বাক্ নিস্পন্দ পাথরের মূর্ত্তির মত শুক্ক হইরা বসিয়া রহিলেন।

সংসারের সর্বাপেক্ষা তুর্বিষহ, নারীজীবনের সর্বাশেষ যন্ত্রণা আজ ভগবান রঞ্চিণীর মাথায় তুলিয়া দিলেন। সে যথন শুনিল স্থারেন্দ্রকে সাপে কামড়াইয়াছে, তথন তাহার হৃদয়ে যে কি শেল বাজিল, তাহা যাহার সে অবস্থা না হইয়াছে সে বুঝিবে না। সে বেদনা লিথিয়া জানাইবার নয়, শুধু অন্তরে অনুভব করিবার। সে শেষ সময়ে স্বামীকে একবার জন্মের শোধ ভাল করিয়া দেখিতে পায় নাই, একবার হৃদয় ভরিয়া তাহাকে ডাকিতে পায় নাই। এখনও প্রাণ খুলিয়া কাঁদিতে পর্যান্ত পারিতেছে না, শুধু মনের আগুনে অহর্নিশি জলিয়া-পুড়িয়া থাক্ হইতেছে। আজ তাহার জগৎ শূক্তময়, আকাশের চক্র-তারকা জ্যোতিঃহীন। পঞ্চদশবর্ষীয়া বালিকার সংসারের সমস্ত স্থথ ফুরাইয়া গেল, জীবনের দীপ মুহুর্ত্তের জক্ত জ্বলিয়া নিবিয়া গেল। কিন্তু এ সকল চিন্তা তথন তাহার মনে উদয় হইয়াছিল কি না বলা যায় না। সে একটা কথা শুধ সারারাত্রি ধরিয়া ভাবিতে লাগিল, "যে মরে তাহাকে কি আর দেখা যায় না? চিরদিনের জন্তই কি তাহার সব চলিয়া যায়? বুক চিরিয়া রক্ত দিলেও কি সে মুথ এক মুহুর্ত্তের জন্ম দেখা যায় না? পুথিবীময় খুঁজিলেও কি তাহাকে পাওয়া যায় না?" কিন্তু থাক তার কথা। বাঙ্গালীর ঘরের স্বত-বিধবা; ভাবনার কি পার আছে? তার ব্যথার কি অস্ত আছে? কিন্তু তবুও 'তাহার রাত্রি কাটে! তাহার কাছেও প্রভাত-হর্য্য পূর্ব-গগন রাঙা করিয়া আবার দেখা দেয়।

এই ত প্রকৃতির নিয়ম; জড়-জগণ মান্তবের ধার ধারে না।
তাহারা সহামুভূতি প্রকাশ করিতে শিথে নাই। আজ মিত্রপরিবারে যে বজ্রপাত হইয়াছে, যাহার আঘাতে মিত্র-পরিবারের
সকলে অবসর, তাহার সহিত্ত কেহ সহামুভূতি প্রকাশ করিল না।
বরঞ্চ অক্লদিন অপেক্ষা আজ যেন স্থ্য আরও রক্তবর্ণ হইয়া উঠিল,
প্রকৃতির মুখ আরও যেন সজীব বোধ হইতে লাগিল।

মনোহরপুরের নীচেই একটা ক্ষুদ্র নদী; সে নদী কিছুদুঃ বাইয়াই পদ্মার পড়িয়াছে; সেই নদীর তীরে প্রাতঃকালে সূর্য্যোদয়ের পূর্বেই স্থরেন্দ্রের শব লইয়া সকলে উপস্থিত হইল। নদীতীরে লইয়া গিয়া স্থারেক্রের দেহ জলে বিসর্জ্জন দিয়া সকলে বাটীতে ফিরিল; শুধু একজন দূরে বসিয়া রহিল। যথন বাটী হইতে সকলে স্বেন্দ্রের মৃতদেহ লইয়া আসে, তথন তারক এবং মহেলকে কেহ আসিতে দেয় নাই। তারক বাটীতেই সকলকে লইয়াছিলেন; কিন্তু মহেক্ত সকলের অগোচরে আসিয়ানদী-তীরে দুরে বসিয়াছিলেন। যথন দেখিলেন সকলে স্থরেক্তের দেহ বিসর্জন দিয়া চলিয়া গেল, তথন আন্তে আন্তে মহেল আসিয়া দেই স্থানে বসিলেন। চিতা নাই, কারণ সর্পদষ্ট-ব্যক্তির মৃতদেহ দগ্ধ করার প্রথা এ দেশে নাই। সকলে চলিযা গেল; শাশান ভূমি নিস্তব্ধ, पूरे একজন কৃষক লাঙ্গল গরু লইয়া মাঠের দিকে যাইতেছে। মহেন্দ্র সেইখানে বসিয়া কত কথা ভাবিতে লাগি-লেন। তাঁহার মাতার মুখ মনে পড়িন, জগৎসংসারে চারিদিকে চাহিয়া দেখিলেন; এ জীবনে তাঁহার যাহা কিছু আপন ছিল, সব একে একে কোথায় মিলাইয়া গেল; সমস্ত জগৎ খুঁজিলেও কাহাকেও পাইবার উপায় নাই। মাতা নাই, পিতা নাই, ভাই নাই, ভগিনী নাই; সংসারে দাঁড়াইবার এক স্থান ছিল স্থরেক্র, সেও আজ তাঁহাকে পরিত্যাগ করিয়া চলিয়া গেল। সহসা রঙ্গিণীর মুথ তাহার মনে পড়িল। এতক্ষণ তিনি কোনমতে এই দারুণ তুঃথ সহ্য করিয়াছিলেন; কৈন্তু রঙ্গিণীর কথা মনে পড়িতেই তাঁহার ধৈর্যাচ্যতি ঘটল। সেই শ্মশান-ভূমির উপর পড়িয়া কাঁদিয়া বলিলেন, "স্থারেন, ভাই! তুমি গেলে আর একজনকে মারিয়া গেলে কেন? এ জগতে রাঙ্গণীব যে সব ফুরাইল, বালিকা বয়সে সে হঃথের অকৃল-সাগরে ঝাঁপ দিল। স্থরেন ! এ কথা একবার ভাবিলে না—তঃথিনার দীর্ঘ-জীবন কেমন করিয়া কাটিবে ?" এমন করিয়া কাঁদিতে কাঁদিতে যথন দিন শেষ হইয়া আসিল, তখন তিনি ধীরে ধীরে বাটীতে ফিরিয়া আসিলেন; দেখেন কোথাও কেহ নাই। তাঁহার আর বাটীর মধ্যে প্রবেশ করিতে ইচ্ছা করিল না; আর রঙ্গিণীর সে মলিন-মুথ দেখিতে সাহস হইল না; জননীর এবং তারকের সে আর্ত্তনাদ ভনিতে ভরসা হইল না। ত্রিনি নিঃশব্দে স্কুলঘরের মধ্যে প্রবেশ করিয়া একথানা বেঞ্চের উপর শুইয়া পডিলেন।

3

স্প্রভার বেদনা অন্তর্যামীই জানিলেন। কিন্তু তাঁহারও বিসিয়া বসিয়া কাঁদিবার সময় নাই; এত বড় সংসার তাঁহার মাথায়। তাই তিনি চোথ মুছিয়া আবার কাজে মন দিলেন। বড়-বউ রঙ্গিণীকে কাছে করিয়া বসিয়া রহিলেন। স্থপ্রভা কাজ করিতে করিতে এক একবার শাশুড়ীর কাছে আসিয়া বসিতেছেন, আবার উঠিয়া যাইতেছেন। গৃহিণী একেবারে ধরাশায়ী

ছইয়া আছেন; স্থপ্রভা তাঁহাকে কি বলিয়া যে সান্থনা দিবেন, ভাবিয়া পাইলেন না; যথনই সান্থনা দিবার চেষ্টা করিয়াছেন, তথনই চক্ষের জলে নিজের বুক ভাসিয়া গিয়াছে। আজ তিনি ব্ঝিতে পারিয়াছেন যে, এমন করিয়াই সংসারে বজ্রপাত হয়। স্থরেক্তকে তিনি নিজের পেটের সন্তানের ক্যায় ভালবাসিতেন। গৃহিণীর কোলে এক একবার স্থাকে দিয়াছিলেন, কিন্তু গৃহিণীর সেদিকে লক্ষেপ নাই। স্থা তাঁহার কোল হইতে নামিয়া বাইতেছে। আজ আর সে থেলা করিতে যাইতেছে না, সে যেন কি বুঝিয়া কি ভাবিতেছে; মাঝে মাঝে এ-ঘর ও-ঘর বেড়াইতেছে; যেন কাহারও অন্থেষণ করিতেছে। প্রতিবেশিনী ছই চারিজন স্ত্রীলোক আসিয়া গৃহিণী এবং রক্ষিণীকে স্কান করাইয়া আনিল। রক্ষিণী এ জনমের মত শাড়ি ছাড়িয়া শাদাথানের ধৃতি পরিধান করিল।

কিন্তু সময় ত কাহারও অপেক্ষা করে না, তাই দেখিতে দেখিতে বেলা গেল। মিত্রদিগের বাটাতে আজ কোন কাজ নাই। যিনি যেথানে বসিয়াছিলেন, তিনি সেথানেই আছেন। কেবল স্বর্ণ-ই ছুটাছুটি করিতেছে। এক একবার স্থরেন্দ্রের শয়ন-ঘরে যাইতেছে, এক একবার নীচে যাইতেছে, সে যেন কিছুই বুঝিয়া উঠিতে পারিতেছে না; এক একবার উপরে আসিয়া মাকে জিজ্ঞাসা করিতেছে, "মা! কাকা?" কিন্তু কে তাহার এ প্রশ্নের উত্তর দিবে? কি উত্তর দিবে? শেষে স্বর্ণ কালা আরম্ভ করিল। স্থপ্রতা অন্য উপায় না দেখিয়া একজন দাসীর দারা মহেন্দ্রকে সংবাদ দিলেন। মহেন্দ্র এতক্ষণ তারকের নিকট বসিয়াছিলেন। সংবাদ পাইয়া ধীরে, ধীরে বাটার মধ্যে আসিলেন। স্বর্ণ দেখিছাইয়া মহেন্দ্রের কোলে উঠিল; আবার

ঐ প্রশ্ন "কাকা ? কাকা ?" এতক্ষণ পর্যান্ত মহেন্দ্র কোনমতে শোক-সংবরণ করিয়াছিলেন; স্বর্ণের কথায় আবার তাহা দ্বিগুণিত হইয়া উঠিল। তিনি কোন উত্তর না করিয়া তাহাকে লইয়া নীরবে বাহিরে চলিয়া গেলেন।

সমস্ত দিন গেল। অক্যান্ত দিনের ক্যায় আজও সন্ধা আসিল। ঘরে ঘরে প্রদীপ দেওয়া হইল। রঙ্গিণী কার্তিকের স্ত্রীর নিকট এতক্ষণ বসিয়াছিল; যথুন একট রাত্রি হইল, তথন সে উঠিয়া গিয়া নিঞ্জের ঘরে প্রবেশ করিল। ঘরে প্রবেশ করিয়া দেখে, যাহা যেমন ছিল তেমনই আছে: যেখানে যে দ্রব্য যেমন করিয়া স্থারেক্র রাখিয়াছিলেন, ঠিক তেমনই ভাবে আছে। বইগুলি টেবিলের উপরে যেমন করিয়া সাজানো ছিল, তেমনি আছে। রঞ্চিণী ধীরে ধীরে টেবিলের নিকটে গিয়া একবার ঘরের চারিদিকে চাহিয়া দেখিল: একটা মর্ম্মভেদী দীর্ঘশাস হাদয়ের নিভত স্থান হইতে বাহির হইয়া আসিল। তারপরে সে নিঃশব্দে দার বন্ধ করিয়া দিল। আজ তাহার কাঁদিবার বড দরকার: হৃদয় খুলিয়া কাঁদিতে না পারিলে তাহার বুক ফাটিয়া যাইবে। হঠাৎ তাহার চোথে পড়িল দেওয়ালের গায়ে স্থরেক্ত একটা পছ লিখিয়া নিজের নাম স্বাক্ষর করিয়াছিলেন এবং নামের নীচে রক্ষিণী একদিন নিজের নাম লিথিয়াছিল এবং লজ্জায় তৎক্ষণাৎ তাহা মুছিয়া ফেলিয়াছিল। তাহারই পাশে দেওয়ালে আর এক স্থানে তুইটী লতা আঁকা। একদিন উভয়ে আড়াআড়ি দিয়া সেই তুইটী আঁকিয়াছিল; তাহাও চোথে পড়িল। তাহার পর সে মেঝের উপর বসিয়া কাঁদ্ধিত লাগিল।

স্থপ্রভা রঙ্গিণীকে এ ঘরে প্রবেশ করিতে এবং দ্বার বন্ধ

করিতে দেখিয়া প্রথমে মনে করিলেন হয় ত রঙ্গিণী আতাহত্যা করিবার জন্মই ঘরে গেল। কারণ স্বামীর বিয়োগে স্নালোক অতি অনায়াসেই এ কাজ করিয়া ফেলিতে পারে। তাই তিনি ধীরে ধীরে পিছনে গিয়া দার ঠেলিয়া জানিতে পারিলেন যে দার অর্গলবদ্ধ নহে। তথন তিনি সামাক্ত একট্থানি থুলিয়া দারের বাহিরে বসিয়া দেখিতে লাগিলেন। রঙ্গিণী দারের দিকে পশ্চাৎ করিয়া ভূমিতে পড়িয়া কাঁদিতেছিল। স্থপ্রভা এ সময়ে ঘরে প্রবেশ করা উচিত বোধ করিলেন না; তিনি বুঝিলেন, রঙ্গিণীর প্রাণ খুলিয়া কাঁদিবার বিশেষ দরকার। হঠাৎ রঙ্গিণী উঠিয়া টেবিলের কাছে গেল, এবং কালি কলম লইয়া অনেকক্ষণ ধরিয়া একথানা চিঠির কাগজে কি কতকগুলা লিখিয়া সেখানা খামে বন্ধ করিয়াই অকস্মাৎ কাঁদিয়া উঠিল এবং পরক্ষণেই মূচ্ছিতা হইয়া পড়িয়া গেল। এতক্ষণ স্থপ্রভা বাহিরে বসিয়া সমস্ত দেখিতেছিলেন। রঙ্গিণীকে মুর্চ্ছিতা দেখিয়া তাড়াতাড়ি ঘরের মধ্যে প্রবেশ করিয়া রঞ্চিণীকে কোলে করিয়া বসিলেন। অনেক যত্নে রক্ষিণীর জ্ঞান হইল। সে আন্তে আন্তে উঠিয়া বদিল এবং বিহ্বলের মত কিছুক্ষণ একদৃষ্টে স্থপ্সভার মুখের দিকে চাহিয়া থাকিয়া, 'কি হোলো দিদি।' বলিয়া চীৎকাব কবিয়া পুনরায় মর্চ্ছিতা হইয়া স্থপ্রভার কোলের উপর পডিয়া গেল।

>0

তারপরে যেমন করিয়া ছঃথের দিন কাটে, তেমনি করিয়া মিত্র-পরিবারেরও অনেক দিন কাটিয়া গেল। সকলের হুঃথই ধীরে-ধীরে কমিতে লাগিল, শুধু একজন ক্রমেই গভীর হইয়া উঠিতে লাগিলেন, তিনি মহেল্র। মহেল্র কাহারও সলে বড় আলাপ করেন না, কোন কথা জিজ্ঞাদা করিলে "হু" বলিয়াই সারিয়া দেন। তিনি তারকের সঙ্গে দিবারাত্রি আমোদ করিতেন, এখন তাঁহার সহিত বেশী কথা বলেন না। সকলেই মনে করে স্থারেক্রের মৃত্যুতে শোকাচ্ছন্ন হইয়াই বুঝি মহেন্দ্র এমন হইতেছেন। কিন্তু একজন ভুল করিলেন না। তিনি স্থপ্রভা। তিনি মহেন্দ্রের প্রতি অনুক্ষণ তীক্ষ্ণ-দৃষ্টি রাথিয়া বুঝিতে পারিয়াছিলেন যে মহেক্র এখন মিত্রদিগের সঙ্গে সমস্ত সম্বন্ধ বিচ্ছিন্ন করিয়া আর কোথাও যাইতে চাহেন। মহেন্দ্র একা বসিয়া চিন্তা করিতেন, তথনই স্থপ্রভা অস্তরাল হইতে তাঁহাকে দেখিতেন। একদিন তিনি সমস্ত কথা তারককে খুলিয়া বলিলেন। তারক শুনিয়া কিছুক্ষণ চুপ করিয়া রহিলেন; পরে বলিলেন, "দেখি, আমি যদি কিছু করিতে পারি", পরে এক সময়ে মহেন্দ্রকে ডাকিয়া তিনি সমস্ত কথা জিজ্ঞাসা করি-লেন। মহেল কোন কথাই গোপন করিতে পারিলেন না, কাঁদিয়া ফেলিয়া কহিলেন, "তারক দাদা! আজ তোমার নিকট জ্বয় খুলিয়া বলি ৷ স্থাব্লের মৃত্যুতে তোমরা কাতর হইয়াছ, কিন্তু আমি তোমাদের সঙ্গে সহাত্মভৃতি দেখাইতে পারি নাই। তোমার কনিষ্ঠ গিয়াছে; তুমি সেই হুঃথে কাঁদিয়াছ, কিন্তু তোমার সান্ত্নার স্থল আছে। কিন্তু বল দেখি ভাই, জগতে আমার শলিতে কি আছে? যদি তোমার স্ত্রী না থাকিতেন, তাহা হইলে আমি স্থরেন্দ্রের মৃত্যুর রাত্রেই দেশত্যাগ করিতাম। এ জগতে আজ আমার একমাত্র বন্ধন তোমার স্ত্রী। আর স্থারেন্দ্রের হতভাগিনী স্ত্রীর কথা বলিব না, তাহাকে দেখিলে আমার গায়ের রক্ত শুকাইয়া যায়। আমি আর এদেশে থাকিব না; তোমার নিকট আমি জীবনের জন্ম খাণী, কিন্তু দাদা। ক্ষমা করিও। যদি কোন দিন স্থবেক্তকে তুলিতে পারি, তবে এ দেশে আসিব। কাঁদিও না। তৃঃখিত হইও না। তোমার জক্ত আমি দিবানিশি কাঁদিব; দাদা বলিয়া তোমাকে ভালবাসিব; কিন্তু সংসারে থাকিতে পারিলাম না। এক ভয় তোমার স্ত্রী। আমি বাঁহাকে মায়ের মত মাক্ত করি,তাঁহার চক্ষের এক বিন্দু জলে আমার হৃদয় ভাসিয়া বাইবে। কি বলিব দাদা! তুমি তুঃখ করিও না। তোমার নিকটে এইটা আমার ভিক্ষা।"

তারক বলিলেন,—"মৃহেক্ত! তুমি আমার ছঃথ বুঝিলে না। আমার কনিষ্ঠের স্থান যে তুমি অধিকার করিয়াছ,তা কি তুমি জান না? আমার স্ত্রী যে তোমাকে কভ স্নেহ করেন, তা কি তুমি বোঝ না? যাতে আমি কষ্ট পাই, আমার স্ত্রী কষ্ট পান, তা কি তোমার করা উচিত পুদেথ স্থরেক্তের কথা তোমাকে দেখিয়াই ভূলিতে চাই।"

মহেল্র। সব বুঝি; কিন্তু মন বোঝে না।

অনেক কথা হইল। তারক সমন্ত কথা স্প্রভাকে বলিলেন।
শুনিয়া স্প্রভা ব্ঝিলেন, কোন কাজ হয় নাই। তাঁহার স্বামী
মহেল্রকে ফিরাইতে পারেন নাই। অবশেষে তি্নি মনে করিলেন,
পরদিন সকালে নিজেই মহেল্রকে কিছু বলিবেন, কিন্তু সেই রাত্রেই
মহেল্র গোপনে মনোহরপুর ত্যাগ করিয়া চলিয়া গেলেন।

প্রভাতে সকলেই শুনিতে পাইল, মহেলু না বলিয়া কোথায় গিয়াছেন। তারক, স্পুপ্রভা এবং রক্ষিণীর শোক আবার নৃতন হইয়া উঠিল। কার্ত্তিক বড়ই তৃঃথিত হইলেন, স্থানে স্থানে লোক পাঠাইলেন, থবরের কাগজে বিজ্ঞাপন দিলেন, কিন্তু কোন সংবাদই আসিল না। তারকের একটা আশা ছিল, শোকের বেগ কিছু কমিলেই মহেলু আবার আসিবে। তিনি জানিতেন, মহেলু ভাঁহাকে ছাড়িয়া অধিক দিন থাকিতে পারিবেন না।

বিপদ একাকী আসে না। স্থরেক্র সর্পদংশনে প্রাণত্যাগ করিলেন; স্থারন্দ্রের শোকে মহেন্দ্র কাহাকেও কিছু না বলিয়া দেশ ত্যাগ করিয়া কোথায় চলিয়া গেলেন; একটা সংবাদ পর্যান্তও দিলেন না। কার্ত্তিক ও তারক নানাদিকে অমুসন্ধান করিয়াও মহেল্রের সংবাদ পাইলেন না। কিন্তু ইঁহাতেই বিপদ কাটিল না। ফরিদপুর জেলায় মিত্রদের একটা জমিদারী ছিল। জমিদারী যে খুব বড় তাহা নহে, তবুও জমিদারী বটে। আদায় প্রায় বার হাজার টাকা। সেই জমিদাবীতে একটা গোলযোগ বাধিয়া উঠিল। করিম-গঞ্জের নায়েব-মহাশয় পত্র লিখিলেন যে, পদ্মানদীতে যে কটা চর উঠিয়াছে, তাহার দখল লইয়া গোলযোগ উপস্থিত হইয়াছে। পার্শ্বর্ত্তী জমিদার মল্লিক-মহাশরেরা সেই চর দখল করিবার জন্ম আয়োজন করিতেছেন, এ সময়ে বিশেষ ব্যবস্থা করিতে না পারিলে সেই চরের দথল পাইতে বিশেষ অস্কুবিধা ভোগ করিতে হইবে; স্বত্বের মোকদ্দমা উপস্থিত করিলে স্থফল লাভ হইবে না, তাহা অনিশ্চিত। এ অবস্থায় যে প্রকারেই হউক, চর দখলে গাখিতেই হইবে; এবং তাহা করাই কর্ত্তব্য। কারণ, প্রজারা যদি বুঝিতে পারে যে, এ পক্ষ হীনবল, তাহা হইলে তাহাদিগকে বশে রাখা কষ্টকর ছইবে। নায়েব-মহাশয়ের পত্র পাইয়া কার্ত্তিক ও তারক বড়ই চিন্তিত হইলেন। তারক বলিলেন, "আমার ত মনে হয়. ঐ চর লইয়া বিবাদে প্রবৃত্ত হওয়া কিছুতেই উচিত নহে। এতই যথন গেল, তখন একটা চর গেলে আর কি হইবে ?" কিন্তু কার্ত্তিক বিষয়কশ্মে বিশেষ অভিজ্ঞ। তিনি বলিলেন, "তা হ'লে ও জমিদারীর আশাই ত্যাগ করিতে হয়। এখন কি আর তুর্বলের কাল
আছে ? আজ যদি ঐ চরটা বে-দখল হইয়া যায়, তাহা হইলে
তু'দিন পবে দেখিবে, অনেক মঙলই বে-দখল হইয়া যাইবে; তখন
প্রজাদিগকে শাসনে রাখা শক্ত হইয়া পডিবে।"

তারক বলিলেন, "এখন ঐ চর দখল করিতে গেলে একটা দাঙ্গা-হাঙ্গামা নিশ্চয়ই হইবে। তাহা হইলে ফৌজদারী বাধিয়া উঠিবে! টাকা খরচের জক্ত ভাবিতেছি না, কিন্তু এসময়ে এই রকম হাঙ্গামার মধ্যে যাওয়া কি ভাল হইবে।" কার্ত্তিক বিষয়ী লোক; তিনি বলিলেন, "তা বলিয়া আর উপায় কি । নায়েব-মহাশয়কে পত্র লিখিয়া দিই, তিনি জোর করিয়া চর দখল রাখিবার ব্যবহা করন। আমিও একবার ঐ কাছারিতে যাই। ঘটনাস্থলের নিকট উপস্থিত না থাকিলে নায়েব-মহাশয় সব কাজ ঠিক-ঠিক করিয়া উঠিতে পারিবেন না।"

কার্ত্তিকের কথা শুনিয়া, তারকের মনে কি জানি কেন, ভয়ের সঞ্চার হইল। জমিদারের ছেলে মানলা-মোকদনা দাঙ্গা-হাঙ্গামায় কোন দিনই ভয় পায় না; জমিদারী শাসনে রাখিতে হইলে এ সকল করিতেই হয়। তাঁহাদিগকে ইতিপূর্ব্বে এ রক্ষের ত্র'দশটা মানলা-মোকদ্দমায় পড়িতেও হইয়াছিল। সে সময় তারক এত বিচলিত হন নাই। কিন্তু এবার তাঁর মনে বড়ই ভয়ের সঞ্চার হইল। তিনি বলিলেন, "দাদা, এই চর লইয়া গোলযোগ করিতে আমার মন সরিতেছে না। আমার মনে হইতেছে, এই চর লইয়া আমরা বিষম বিপদে পড়িব। যাক্ না একটা চর। এখন আমাদের যে ত্রংসময় পড়িয়াছে, তাহাতে কোন গোলযোগের মধ্যে

বড়বাড়ী ৪১

না বাওয়াই ভাল।" কিন্তু কার্ত্তিক সম্মত হইলেন না; বলিলেন, "না তারক, তুমি ব্ঝিতে পারিতেছ না। নায়েব-মহাশয় পাকা-লোক। তিনি বাহা বিবেচনা করিয়াছেন, তাহা ঠিকই করিয়াছেন। ঐ চরটা জোর করিয়া দথলে রাখিতেই হইবে।"

তারক তথন বলিলেন, "ত। আপনার যথন ইচ্ছা, তথন আর বাধা দিব না; কিন্তু আমার অনুরোধ, আপনি এ সময়ে করিম-গঞ্জের কাছারীতে যাইবেন না। গোলমালের স্থান হইতে এ সময় যত দূরে থাকা যায়, ততই ভাল!"

কার্ত্তিক এ অনুরোধও রক্ষা করিলেন না। তিনি বলিলেন, "আমি উপস্থিত না থাকিলে বিপদ হইবার সম্ভাবনা অধিক। আমি বিদি উপস্থিত থাকি, তাহা হইলে দেখিয়া শুনিরা কান্ধ করিতে পারিব। নারেব-নহাশয় পাকা-লোক হইলেও নিদের বশবতী হইয়া ব্যাপারটা শুরুতর করিয়া তুলিতে পারেন; কিন্তু আমি বিদি সে সময় কাছারিতে থাকি, তাহা হইলে ভাবিয়া-চিন্তিয়া পরামর্শ কবিয়া কান্ধ করিতে পারিব।" তারক আর প্রতিবাদ করিলেন না; কিন্তু তাঁহার এ অনুরোধও ব্যর্থ হইল দেখিয়া তিনি আতশয় বিমর্থ হইলেন।

কার্ত্তিক তথন নায়েব-মহাশয়কে পত্র লিখিলেন, যে উপায়ে হউক, যেমন করিয়া হউক, চর দথলে রাখিতেই হইবে। তিনি
নিজে ত্বই চারি দিনের মধ্যেই কাছারীতে বাইতেছেন, এ সংবাদও
লিখিয়া দিলেন। নায়েব-মহাশয় বাব্র হুকুম পাইয়া আননেদ
নাচিয়া উঠিলেন। জমিদারের কর্ম্মচারীয়া অনেকেই এই রকম
গোলমালই ভালবাদে; মনিবের লাভ-ক্ষতির দিকে তাহায়া
তেমন দৃষ্টি করে না। তাহায়া বোঝে যে, একটা মামলা বাধাইতে

পারিলেই ত্থপয়সা প্রাপ্তি হয়। বিশেষ পার্ষবর্তী যে জমিদারের সহিত বিবাদ উপস্থিত, সেই মল্লিক জমিদারের লোকেরা মিত্র-জমিদারদিগকে অনেক সময়েই গ্রাহ্য করেন না। এবার জাঁহা-দিগকে ভাল করিয়া বুঝাইয়া দিতে হইবে যে, মনোহরপুরের মিত্রেরা নিতান্ত সামান্ত লোক নহেন; জাঁহারাও জমিদারী করিতে জানেন। নায়েব-মহাশয় এবার একহাত দেখাইবার জন্ত বদ্ধপরিকর হইলেন।

বথাসময়ে কার্ত্তিক পুরাতন ভূত্য রাধানাথকে সঙ্গে লইয়া করিমগঞ্জের কাছারিতে পৌছিলেন। নায়েব-মহাশয় সালম্বারে মল্লিক-জমিদারদিগের ঔদ্ধত্যের পরিচয় প্রদান করিলেন। মল্লিক-জমিদারের লোকেরা যে মিত্রদিগের পিতৃমাতৃ উচ্চারণ করিয়া অকথ্য ভাষায় গালাগালি কবিয়াছে, তাঁহাদের ক্ষমতাকে তচ্ছ করিয়াছে, লাঠির চোটে তাঁহাদের সে মঞ্চল হইতে তাড়াইয়া দিবার ভয় দেখাইয়াছে, বড়বাবু আসিলে তাঁহাকে সাতবাটের জল খাওয়াইবার ব্যবস্থা করিবে বলিয়া শাসাইয়াছে, ইত্যাদি বহু কথা নায়েব, গোমন্তা, পাইক, বরকন্দান্ত প্রভৃতি সকশেই একবাক্যে বড়বাবুর কর্ণগোচর করিল। শুনিতে শুনিতে কার্ত্তিক ক্রোধে অধীর হইয়া উঠিলেন। "কি, এত বড় কথা! মিত্রগোর্ছির অপমান, আমাকে সাত্যাটের জল থাওয়াইবে বলিয়া ভয়-প্রদর্শন ! কুচু পরোয়া নেই, যা থাকে অদৃষ্টে," বলিয়া তিনি তৎক্ষণাৎ শপথ করিয়া ফেলিলেন যে "মল্লিক-জমিদারের গর্বে যদি থর্ব করিতে না পারেন, তাহা হইলে তিনি ফ্কির্টাদ মিত্রের ছেলে নহেন।" বুড়া রাধানাথ অনেক নিষেধ করিল, কিন্তু কার্ত্তিক কাহারও কথা শুনিলেন না।

কর্মচারীরাও ত ইহাই চায়। তথন চারিদিক হইতে লাঠিয়াল সংগ্রহ হইতে লাগিল। টাকা-পয়সার দিকে দৃষ্টি নাই; যাহাতে চর দথল হয়, যাহাতে মল্লিক-জমিদারের গর্বা থবা করিতে পারা যায়, ভাহার জন্য কার্ত্তিক যথাসর্ব্বন্ধ পণ করিয়া বসিলেন। তারক এ সংবাদ কিছুই জানিতে পারিলেন না। তাহার পর একদিন প্রাতঃকালে প্রায় পাঁচশত লাঠিয়াল লইয়া নায়েব-মহাশয় চর দথল করিতে গেলেন। মল্লিক বাবুরাও নিশ্চেষ্ট ছিলেন না ; তাঁহারাও মিত্রবাবুদের গতিবিধি, আয়োজন-উচ্চোগের সংবাদ লইতেছিলেন এবং গোপনে গোপনে লাঠিয়াল সংগ্ৰহ কারতেছিলেন। মিত্র-বাবুদের লাঠিয়ালগণ ঘটনাস্থলে উপস্থিত হইয়া দেখিল, অপর পক্ষেও যথেষ্ট লোক জনায়েত হইয়াছে। তথন আর ফিরিবার উপায় নাই। রাধানাথও লাঠিয়ালদিগের সঙ্গে সঙ্গে গিয়াছিল: সে নায়েবকে সে দিনের মত ফিরিতে বলিল; কিন্তু নায়েব-মহাশয় সে কথা শুনিলেন না। তিনি ছকুম দিলেন, "চালাও লাঠি!"

আর কোথায় যাইবে! মিত্র-বাবুদের লাঠিয়ালগণ তথন
হুক্কার দিয়া বিপক্ষ দলকে আক্রমণ করিল। তাহারাও হটিল না।
দুই দলে ভয়ানক দাঙ্গা আরম্ভ হইল। কেইই কম নহে; উভয়
পক্ষেই বাছা-বাছা লাঠিয়াল ছিল, বড় বড় থেলোয়াড় ছিল।
-লেখিতে দেখিতে উভয় পক্ষের পঁচিশ-ত্রিশক্ষন লোক জখম হইয়া
গেল। *তবুও দাঙ্গা শেষ হয় না। অবশেষে রব উঠিল তিনটা
খুন্ ইইয়াছে, পুলিশ আসিতেছে। তথন উভয় পক্ষই রণে ভঙ্গ
দিল; যে যেদিকে পারিল, পলায়ন করিল। জয়-পরাজয়
অনিশ্চিত রহিল। মিত্র-বাবুদের নায়েব-মহাশয় ঘোড়া ছুটাইয়া

৪৪ বড়বাড়ী

দিয়া হাঁপাইতে হাঁপাইতে কাছারীতে আসিয়া সমস্ত সংবাদ কার্ত্তিক-বাবুর গোচর করিলেন এবং বাবুকে তৎক্ষণাৎ কাছারী ত্যাগ করিয়া চলিয়া যাইবার পরামর্শ দিলেন। তিনি নিজেও সেই পরামর্শ অনুসারে কাজ করিবার জন্ম প্রস্তুত হইলেন।

কার্ত্তিক দেখিলেন, বিষম বিপদ উপস্থিত। চর ত দথল হইলই না: মধ্য হইতে প্রকাণ্ড একটা দাঙ্গা হইয়া গেল: মল্লিক-পক্ষের তিনটা খুন হইয়াছে বলিয়া ঘোষণাও পড়িয়া গেল। এ সময়ে তিনি যদি কাছারীতে থাকেন, পুলিশ আসিয়া প্রথমেই তাঁহাকে ধরিবে। তথন তিনি নায়েব-মহাশয়কে বলিলেন, "নায়েব-মহাশয়, আপনি এ সময়ে কাছারী ছাড়িয়া যাইবেন না। আমি এখনই রওনা হইতেছি। আপনার কোন ভয় নাই, যত টাকা লাগে আমি দিব, আপনাকে বাঁচাইবার জক্ত যাহা চেষ্টা করিতে ছয়, তাহা আমি করিব। আপনি সকলকে সাবধান করিয়া দিবেন, যেন আমি এথানে আসিয়াছিলাম এ কথা কেহ প্রকাশ না করে। আমি যদি আদামী-শ্রেণীভুক্ত হইয়া চালান হই, তাহা হুটলে এ মোকদ্দমার তদ্বিরে বিল্ল হুটবে। আপনি থাকুন, আমি চলিলাম। ফরিদপুরে এথনই মোক্তারের কাছে লোক পাঠান। যত টাকা থরচ হয় দিব, আমার স্বপক্ষে রিপোর্ট করাইতে হইবে। এবিষয়ে আপনাকে আর বেশী কি বলিব।"

ঘাটে নৌকা প্রস্তুত ছিল। কার্ত্তিক রাধানাথকে সঙ্গে লইয়া নৌকায় উঠিয়া প্রস্থান করিলেন। কিছুদ্র গিয়া তিনি পথের মধ্যেই নৌকা ছাড়িয়া দিয়া পদব্রজে চলিলেন এবং নিকটবর্ত্তী একটা রেল ষ্টেশনে গাড়ীতে উঠিয়া তৃতীয় দিন প্রাতঃকালে কানীতে গৌছিলেন। তাহার পর আর কি! এই চরের হান্ধানা ও খুন লইয়া তুমুল ব্যাপার আরম্ভ হইল। মনোহরপুরে সংবাদ পৌছিল। তারক দাঙ্গা ও খুনের সংবাদ পাইলেন, কিন্তু কার্ত্তিকের কোন সংবাদ পাইলেন না। নারেবের পত্রে কার্ত্তিকের কোন প্রসঙ্গই নাই। যে সকল পত্র আসিতে লাগিল, তাহা সকলই কার্ত্তিকের নামে। তারক বুঝিতে পারিলেন যে, কার্ত্তিক ব্যাপার গুরুতর দেখিয়া গা-ঢাকা দিয়াছেন।

তারক তথন যেখানে যত টাকা পাইলেন সংগ্রহ করিয়া লইয়া ফরিদপুরে যাত্রা করিলেন। বাড়ীতে কায়ার রোল পড়িয়া গেল। অজস্র অর্থবায় হইতে লাগিল। কার্ত্তিকের নামে ওয়ারেন্ট বাহির হইল। তিনি কানী হইতে ফরিদপুরে আসিয়া জামিনে অব্যাহতি পাইলেন। বে-আইনি জনতা, দাঙ্গা, জথম ও তিনটা খুনের অভিযোগ উপস্থিত হইল। উভয় পক্ষই বড়-বড় উকিল ব্যারিপ্তার নিয়ুক্ত করিলেন। তিনমাস কাল ফরিদপুরে মোকদ্দমা চলিল। অবশেষে আদালতের বিচারে উভয় পক্ষের নায়েবেরই ছই বৎসর কাল কারাবাসের আদেশ হইল; আরও পাঁচ-সাতজন কর্ম্মচারী কারাগারে গেল। ঘটনার সময় কানীতে ছিলেন, এই মিথ্যা প্রমাণ উপস্থিত করিয়া এবং অস্থান্থ অনেক যোগাড় করিয়া কার্ত্তিক অব্যাহতি লাভ করিলেন। নায়েব-মহাশয়ের দণ্ডের বিরুদ্ধে হাইকোটে আপীল হইল; কিন্তু কোন ফল হইল না।

এদিকে যে চর উপলক্ষে এই খুন, দান্ধা হান্ধামা, অর্থব্যয়, সে
চর মাল্লক-বাব্দের দখলে রহিয়াছে ইহাই সাব্যস্ত হইয়া গেল।
স্বত্যের মোকদমা উপস্থিত করা ব্যতীত মিত্র-বাব্দিগের উপায়ান্তর
রহিল না। মোকদমার গোলমাল মিটিয়া গেলে কার্ত্তিক ও তারক

বাড়ীতে আসিয়া হিসাব করিয়া দেখিলেন, ঘরে যে তের হাজার টাকা সঞ্চিত ছিল, তাহা ত কোন্ দিক দিয়া উড়িয়া গিয়াছে, অধিকস্ক ত্রিশ হাজার টাকা ধার হইয়াছে। সর্বশুদ্ধ তেতাল্লিশ হাজার টাকা এই মোকদ্দমায় ব্যয় হইয়া গিয়াছে। সকলেই বলিল, মিত্রপরিবার এ ধাকা সামলাইতে পারিবে না, এতদিনে বড়বাড়ীর পতন নিশ্চিত।

দশন্ধনের এই ভবিশ্বদ্বাণী ফলিতে বদিও অধিক বিলম্ব ঘটিল না, কিন্তু যে পথে মিত্রবাড়ীর অধঃপতনের ভবিশ্বদ্বাণী করা হইরাছিল, সে পথে অধঃপতন হইল না। ভাগ্যলক্ষী অন্ত পথ অবলম্বন করিয়া বড়বাড়ী হইতে অস্তুর্হিতা হইলেন।

ング

ফরিদপুরের মোকজনার পর কার্ত্তিক যেন কেমন হইয়া গোলেন। তাঁহার সর্ব্বদাই মনে হইতে লাগিল, তারক তাঁহার উপর বিরক্ত ও অসম্ভষ্ট হইয়াছেন। তাঁহার মনে এই প্রকার সন্দেহ উদয় হওয়া বিচিত্র নহে; কারণ ফরিদপুরের চর লইয়া বিবাদের স্ত্রপাত সময়ে তারক অনেক নিষেধ করিয়াছিলেন, তাঁহার পরামর্শ না শুনিয়া, তাঁহার অস্থরোধ উপেক্ষা করিয়া কার্ত্তিক এই বিবাদে প্রবৃত্ত হইয়াছেন। চর ত দখলে আসিলই না; পরস্ক এতদিনে তাঁহারা বাহা কিছু সঞ্চয় করিয়াছিলেন, তাহা ও গেলই, আরও ত্রিশ হাজার টাকার ঋণভার মন্তকে পড়িল। ইহার জক্ত কার্ত্তিক যে অপরাধী, তাহার সন্দেহ নাই; কিন্ত তারক কোনও দিন এই কার্য্যের জক্ত দাদার প্রতি অসম্ভোষ প্রকাশ করেন নাই। তবে কিছুদিন পূর্বেই একমাত্র কনিষ্ঠ প্রাতা সর্প্রকাশ করেন নাই। তবে কিছুদিন পূর্বেই একমাত্র কনিষ্ঠ প্রাতা সর্প্

বড়বাড়ী ৪৭

দংশনে প্রাণত্যাগ করিয়াছে, তাহার উপর মোকদ্দমার বিপদ এবং বিপুল ঋণভার—ইহাতে তাঁহাকে অত্যস্ত কাতর করিয়া ফেলিয়াছিল। তিনি সর্ব্রদাই বিমর্ধ থাকিতেন। কেমন করিয়া ঋণ শোধ হইবে, সেই চিস্তাই তাঁহার প্রবল হইয়াছিল। এ সময়ে মহেন্দ্র যদি তাঁহার নিকটে থাকিতেন, তাহা হইলেও তাঁহার হৃদয়ে কথঞ্চিৎ শাস্তি আসিত; কিন্তু তাঁহাদের এমনই ত্রদৃষ্ট যে স্ক্রেন্দ্রের মৃত্যুর পরে মহেন্দ্র নিরুদ্দেশ হইয়া গিয়াছিলেন।

কিন্তু কার্ত্তিক অত্যন্ত বৃদ্ধিমান হইয়াও তারকের হৃদয়ের ভাব বৃথিতে পারিলেন না। কার্ত্তিক বিষয়ী-লোক; তিনি বিষয়কর্মা, টাকাকড়ি বৃথিতেন। তিনি মনে করিলেন, তাঁহারই বিবেচনার দোষে এই মোকদ্দমা হটল—এতগুলি অর্থবায় হইল—এত কপ্ত সহ্য করিতে হইল —এবং ত্রিশ হাজার টাকার ঋণভার মন্তকে গ্রহণ করিতে হইল; অথচ চরও দখলে আসিল না। ইহার জক্মে তাঁহার সর্বাহাই মনে হইত, তারক নিশ্চয়ই তাঁহার উপর বিরক্ত হইয়াছেন, এবং সেই কারণে তিনি বিমর্থ হইয়া থাকেন; এবং কাহারও সহিত ভাল করিয়া কথা বলেন না। কথাটা যদি স্পপ্তাস্পান্ত হইত, তাহা হইলে কোন গোলই হইত না। কিন্তু যথন ত্রুমেয় উপস্থিত হয়, তথন এমনি করিয়াই সব দিক বিপরীত হইয়া যায়। সেইজ্বস্থা মিত্র-পরিবারেও ধার অশান্তির ছায়াপাত হইল।

এতকালের মধ্যে বিষয়-আশায় বা কাজকর্ম্মের সম্বন্ধে কোন পরামর্শের জ্বল্য কার্ত্তিক বা তারক গ্রামের কাহাকেও ডাকিতেন না ; ছই ভায়েই পরামর্শ করিয়া কর্ত্তব্য অবধারণ করিতেন । কিন্তু কি কুক্ষণে চর লইয়া মোকদ্দমা বাধিল, কি কুক্ষণেই দান্ধা হান্দামা হইল ; সেই সূত্রে বাড়ীতে অলক্ষ্মী প্রবেশলাভ করিলেন। কার্ত্তিক এখন আর কোন কথা তারককে জিজ্ঞাসা করেন না, যাহাতে তারকের সহিত বেশী সাক্ষাৎ না হয়, দেই ভাবেই চলাফের। করেন। তারক কিন্তু ঘুণাক্ষরেও বুঝিতে পারিলেন না, তাঁহার দাদার ভাবান্তর উপস্থিত হইয়াছে। তিনি ভালমান্ত্র ;— তাই ভালমান্ত্রের মতই ভাবিলেন, মানলা হারিয়া এবং ঋণজালে জাড়ত হইয়া তাঁহার দাদা এত বিষয় ও অবসর হইয়াছেন। বাড়ীর মেয়েরা অনেকেই দেই কথা ভাবিল; কিন্তু স্প্রভা একটু বেশী বুঝিলেন, তিনি দিবাচক্ষে দেখিতে পাইলেন বে, তাঁহার বড়ঠাকুর দেনার চিন্তায় কাতর নহেন, তাঁহার মনে অন্ত ভাব প্রথিষ্ট হইয়াছে।

এক দিন তিনি তারককে বলিলেন, "দেখ, বড়ঠাকুর যেন দিনে দিনে কেমন হইয়া যাইতেছেন। মুখে আগের মত হাসি, নাই, কাহারও সঙ্গে ভাল করিয়া কথা বলেন না; সর্বাদাহ কি যেন ভাবেন। তুমি কিছু বুঝিতে পারিতেছ না ?"

তারক বলিলেন, "তা কি আনি বুঝিতে প্রি নাই ! এত টাক। ধার আমাদের মাগার উপর চেপে পড়েছে; দাদা সেই চিস্তাতেই কাতর হয়েছেন।"

স্থপ্রভা বলিলেন, "আমার কিন্তু তা মনে হয় না; তাঁর সে ভাবই নয়। আমি এত দিন তোমাদের সংসারে আছি, আমি তোমাদের সকলেরই মনের ভাব বুঝিতে পারি! তুমি যাই বল, আমার কিন্তু বড় ভয় হইয়াছে।"

তারক বলিলেন, "না, ভয়ের ত কোন কারণই দেখছি ুনে। আমার দাদা ত তেমন ভাই নন। তাঁর মনে কিছু হ'লে তথনই আমাকে বল্তেন।" স্থপ্রভা বলিলেন, "দেখ, তোমাকে একটা কথা বলি। এই ত এতকাণ দেখে আস্ছি, তুমিই হও আর বড়-ঠাকুরই হন, তোমরা কেউ কোন দিন ত মাধব-ঠাকুরের সঙ্গে কোন পরামর্শ করিয়া কাজ কর নাই।"

ভারক বলিলেন, "মাধব-ঠাকুর! আমি যে তাকে যমের মত ভয় করি। তার অসাধা কাজ নাই। অত বড় ভয়ানক লোক আমাদের এ অঞ্চলে নাই। তার সঙ্গে, পরামর্শ! কৈ, আমি ত একদিনও মাধবঠাকুরকে ডাকি নাই, তার বাড়ীতেও কোন দিন বাই নাই। তার সঙ্গে কে পরামর্শ করে ?"

স্থপ্রভা বলিলেন, "কেন, এখন ত প্রায়ই বড়-ঠাকুর, তাকে ডেকে আনেন; ঘরের ছ্য়ার বন্ধ ক'রে অনেকক্ষণ ত্ইজনে থাকেন। তাই দেখেই ত আমাব ভয় হয়েছে।"

তারক এই কথা শুনিয়া অনেকক্ষণ নীরবে কি ভাবিলেন। তাহার পর একটা দীর্ঘানশ্বাস ফেলিয়া বলিলেন, "স্থপ্রভা, আমি ত কিছুই ব্যতে পারছিনে। মাধব-ঠাকুর,—সে যে সর্বনেশে লোক। তার সঙ্গে দাদা এমন কি পরামর্শ করেন? আমি যে কিছুই ভেবে ঠাহর করতে পারছি নে।"

স্প্রভা ধলিলেন, "তা কি ক'রে বলব বল। তুমি বড়-ঠাকুরকে কি কথাটা জিজ্ঞাসা করতে পার না? না—তাই বা কি ক'রে হয়, বড়-ঠাকুর হয় ত তা হ'লে কি মনে করবেন।"

তারক বাললেন, "দাদাকে কোন কথা আমি জিজ্ঞাস। করতে পারব না। তবে আমার এক সাহস আছে যে, দাদার কাছে মাধব-ঠাকুরই হন, আর যিনিই হন, কারো চালাকি খাটার যো নেই। দাদা কারো প্রামশে ভূলবার মান্ত্য নন। আর মাধব- ঠাকুরই বা কি পরামর্শ দাদাকে দিতে পারে ? যাক, ও কথা আর ভেবে কাজ নেই। দাদার উপর আমার যে দিন অবিশ্বাস হবে, সে দিন যে আমি মরে যাব, সে দিন যে দেবভার উপরেও আমার বিশ্বাস থাক্বে না!"

স্থপ্রভা বলিলেন, "ভগবান করুন, তাই যেন হয়। তবে মাধব-ঠাকুর লোকটা ভারি বদ্, সেই যা ভাবনা।"

ভারক বলিলেন, "উপরে ভগবান্ আছেন, আর নীচে আছেন দাদ।! তাঁদের ভাবনা তাঁরাই ভাববেন। আমি আর ভেবে কি করব।"

20

এইস্থানেই মাধব ঠাকুরের পরিচয়টা দিতে হইতেছে। মাধবঠাকুরের বাস এই মনোহরপুর গ্রামেই। ঠাকুরের সামান্ত দশ-বার
বিঘা রক্ষোত্তর আছে; তাহাতে অতি অল্লই আয় হয়। সে আয়ে
তাহার সংসার চলে না; স্কতরাং সে নানা উপায়ে অর্থোপার্জ্জন
করিয়া থাকে। এই নানা উপায়ের মধ্যে সর্ব্ধপ্রধান উপায়
পরের সর্ব্ধনাশ-সাধন। সে অবশ্য কাহারও ঘরে সিঁদও দেয় না,
ভাকাতিও করে না; কিন্তু সে যাহা করে, তাহা চুরী ভাকাতিরও
বাড়া। সে প্রকাণ্ড মামলাবাজ। লোকের মামলা-মোকদমার
তবির করিয়া, শলা-পরামর্শে মহা শুভামুধ্যায়ী সাজিয়া, সে
লোকের সর্ব্ধনাশ করিয়া থাকে। কাহারও বাড়ীতে সামান্ত একটু
মনান্তর কি বিরোধের সন্ধান পাইলেই, সে কোন না কোন পক্ষের
পরম শুভামুধ্যায়ীভাবে উপস্থিত হয় এবং নিতান্ত আত্মীয়ের মত
তাহার জক্ত তুংথ প্রকাশ করে, তাহাকে পরামর্শ প্রদান করে এবং

বড়বাড়ী ৫১

অবশেষে তুই পক্ষে গোলযোগ বাধাইয়া নিজের উপার্জনের পথ প্রশস্ত করিয়া লয়। মনোহরপুর ও নিকটবর্ত্তী কয়েকথানি গ্রামের ভাল লোকেরা তাহাকে হিংস্রজম্ভ মনে করিয়া দূরে থাকে। আর বাহারা বিবাদ-বিসম্বাদ, মামলা-মোকদ্দমা ভালবাসে, তাহারা মাধ্ব-ঠাকুরের শরণাপন্ন হয়। ফৌজদারী ও দেওয়ানী আইনকানুন নাধব-ঠাকুরের একেবারে ওষ্ঠাত্যে বর্ত্তমান। পাকা উকিল-মোক্তার যে ব্যাপারে মত প্রকাশ করিতে, আইন-নজীর দেখাইতে চিন্তা করিয়া থাকে, মাধব-ঠাকুর, কথা পড়িবামাত্র তাহার সম্বন্ধে পরামর্শ দিতে পারে, এবং অকাট্য আইন দেখাইয়া তাহার অমুগত পক্ষকে তথনই মোকদ্দমা জিতাইয়া দিয়া থাকে। তাহার পর আদালতে যাহা হইবার তাহাই হয়। এই প্রকারে মাধব-ঠাকুর বিলক্ষণ ত্ত-পয়দা রোজগার করিয়া থাকে। মহকুমা ও জেলার উকিল-মোক্তার এবং কর্ম্মচারীরা সকলেই মাধব-ঠাকুরকে জানে: জুনিয়ার উকিল-মোক্তারেরা তাহাকে বিশেষ থাতির ও যতু করিয়া থাকে। মাধব-ঠাকুর বহু চেষ্ট্রা করিয়াও এতকাল মিত্র-পরিবারের হিতৈষী হইতে পারে নাই, কার্ত্তিক ও তারক এই ভয়ানক জীবটীর ত্রিমীমানাতেও যাইতেন না। মৌথিক যেটুকু সদ্ভাব রাথা প্রয়োজন তাঁহারা তাহাই ক্রিতেন। নিজেদের বিষয়-কর্ম্মের পরামর্শের জন্ত তাঁহারা কোনদিনই তাঁহাদের প্রধান কর্ম্মচারী কর-মহাশয় ব্রাত্রীত অপর কাহারও মুথাপেক্ষী হইতেন না।

ফরিদপুরের চর লইয়া যথন বিষম ব্যাপার উপস্থিত হইল, তথন মাধব-ঠাকুর স্বতঃপ্রবৃত্ত হইয়া ছই তিন দিন মিত্র-বাড়ীতে আসিয়াছিল এবং মামলা সম্বন্ধে ছই চারটি হিতোপদেশও তারককে দিতে গিয়াছিল; কিন্তু তারক মাধব-ঠাকুরের কথায় মনোযোগ না

দেওয়ায় এবং তাহার সহিত কোন বিষয়ে পরামর্শ না করায় সে ভগ্ন-মনোর্থ হইয়া ফিরিয়া গিয়াছিল।

চরের মোকদ্দমার শেষ ফল যখন মনোহরপুরের সকলেই জানিতে পারিল, তখন একদিন রামচক্র রায়ের বৈঠকখানায় বসিয়া মাধব-ঠ।কুর রায়-মহাশয়ের নিকট জনেক তুঃখ করিয়াছিল; বালয়াছিল, "হায় হায়, এত দিনে বড়বাড়ীর অধঃপত্ন হটল। আরে, মামলা-মোকলমা করা কি কারিক তারকের কাজ। ওরা কতটুকুই বা বুদ্ধি রাথে। দেখ দেখি, প্রায় লাখটাকা খরচও হ'ল অথচ পেঁয়াজ-পয়জার চুই-ই হ'ল। ইা, আমার উপর যদি ভার দিত, তবে দেখে নিতাম মল্লিক-বাবুদের মাথার উপর ক'টা মাথা ! বাবা, শুধু টাকা থাকলেই হয় না, স্বধু ছ-পাতা বই-পড়া বিছে থাকলেই হয় না, মামলা করা সোজা কথা নয়। এই ত দেখ না, সেদিন ও-পাড়ার বিশ্বাসদের ভাইয়ে-ভাইয়ে নোকদনা আরম্ভ হ'ল। নবীন বিশ্বেদ এসে আমাকে জড়িয়ে ধরল 'দাদাঠাকুর, তুমি যা কর'। আমি কি করি, নবান গ্রামের লোক, অনুগতও বটে। তিনমাস বাড়ী আর জেলা এক করে মামলা কেমন জিতিয়ে দিলাম। জান রায়-ভায়া, জেলার হাকিমই বল আর উকিল-মোক্তারই বল, এই শর্মার উপর কারও কথা বলা শক্ত। এই ত মতি সাহার দেওয়ানি মামলার যে আরজা আমি মুস্থবিদে ক'রে দিয়েছিলাম, তাই নিয়ে ওরা ত হাইকোটের বড় বড় উকিলকে দেখিয়েছিল; কার্নও সাধ্য ছোল না বে, ভাতে 'এবং' কেটে 'ও'টা বসায়। সামি বলে দিয়েছিলেম, যাকে ইচ্ছে ভাকে দেখিও, কারও এত বিছে নেই যে মাধ্ব-শর্মার মুস্থাবদের উপর কমল চালায়। শুন্বে তবে

রায়-ভায়া ? এই তোমাদেবই স্থবল রায় যথন কল্কাভায় তহবিল ভেঙ্গে ফৌজদারীতে পড়েছিল—সে কথা মনে আছে ত? তথন ত তোমরাই ব'লে কয়ে আমাকে কলকাতায় পাঠিয়ে দিলে। কতকগুলো টাকা দিয়ে উকীল-বাাহিষ্টার রাথা হোলো। **সাক্ষীর** উপর কি জেরা করতে হবে, সেই নিয়ে যথন ব্যারিষ্টার সাহেবের সঙ্গে উকিল-বাবুদের যোর তক্রার, তথন আমি—এই মাধ্ব শর্মাই এমন তিন-চারটে জেরা ব'লে দিলাম যে, অমন যে বাথের মত ব্যারিষ্টার চক্কোত্তি-সাহেব—তিনি একেবারে চেয়ার থেকে লাফিয়ে উঠে আমার পিঠ চাপড়ে বললেন 'হাঁ, বুদ্ধি বটে !' জান রায়-ভায়া, মানলার শলা-প্রামর্শ এই আমাদের মত থেলোয়াড লোকের কাছ থেকে নিতে হয়। কার্ত্তিক, তারক তা ত বুঝলো না, এখন মর; টাকাকে টাকাও গেল—চরও গেল,—এখন ঘরে বসে **কাঁদ।** শুনেছ, ওদের প্রায় আশী হাজার টাকা ধার হয়েছে। বার-ভূতে টাকাটা লুঠে নিয়েছে। পড়ত আমার হাতে, দশ হাজার টাকার মধ্যে মোকদ্দমা জিতিয়ে দিতাম, মল্লিক-বাবুরা আর মাণা তলতে পারত না। হর্বা, দ্ধি, ভায়া, হর্বা, দ্ধি !"

রামচন্দ্র বায় তু: থিতস্বরে বলিলেন, "তাই ত মাধব-ভায়া, তুমি থাক্তে ছোঁড়া তু'টো এমন করে জেরবার হয়ে গেল—বড়ই কষ্টের কণা। মামলার পর পেকে কার্ত্তিক যেন কেমন হয়ে গিয়েছে। অনেকগুলো টাকার ধার মাথায় পড়েছে, তার পর এই অপমানটা।"

মাধব-ঠাকুর বলিল, "আরে ভায়া, আমাকে কি একবার ডেকে জিজ্ঞাসা করলে যে, 'মাধব-দাদা, কি করি?' তাহ'লে কি এমনটা হতে পারত। তবুও আমি আপনা হ'তে তু'দিন তারকের কাছে গিয়েছিলাম। তারক না বলুক, না ডাকুক, আমার ত একটা কর্ত্তর আছে। গ্রামের লোক ওরা, বিশেষ লক্ষী-শ্রী আছে, দশজনকে এতকাল পালনও করেছে। মনে করলাম নিজেই যাই! তা ভায়া, তোমায় বলব কি তারকটা আমাকে আমলই দিলে না। তথন আর কি করি বল? এথন দেখুক, কত ধানে কত চা'ল।"

রায়-মহাশয় বলিলেন, "সে ষাই হোক্ মাধব-ভায়া, কার্ত্তিককে দেখে বড় কপ্ট হয়। আরও এক কথা, আমার যেন মনে হয় এই মোকদ্দমা নিয়ে ভাই-ভাইতে একটু মনাস্তর হয়েছে। শুনেছি, তারক না কি চর নিয়ে গোল করতে কার্ত্তিককে বারণ করেছিল। কার্ত্তিক দে কথা শোনে নাই। তাইতে তারক, ভাইয়ের উপর নাকি ভারি বিরক্ত হয়েছে।"

মাধব-ঠাকুর এই কথা শুনিয়া মনে মনে বড়ই আনন্দ অহুভব করিল। সে তৎক্ষণাৎ রায়-মহাশয়ের কথায় বাধা দিয়া বলিল, "তাই নাকি? এ কথা আমাকে ত বল নাই। এ ত তারকের ভারি অক্যায়। মামলা মোকদ্দমা করতে গেলে হারজিত হয়েই থাকে, তাই বলে কি এই রকম করতে হয়। বিশেষ বড় ভাই পিতৃত্বা; সে বদি একটা কাব্ধ করেই থাকে তার জক্ত দশকথা শোনান কেন? জমিদারী করতে গেলেই মামলামোকদ্দমা করতে হয়। তাই ত ভারা, এতদিনের বনেদি ঘরটা তা হ'লে নষ্ট হুয়ে বাচেছ, বড়বাড়ীর নাম দেখছি আর থাকে না।"

রায়-মহাশয় বলিলেন, "কি হয়েছে না হয়েছে, তা জানি নে, তবে আমার এই রকম বোধ হয়; আমি ওদের ভাবগতিকে—"

মাধব-ঠাকুর রায়-মহাশয়কে কথা বলিতে না দিয়া বলিয়া

উঠিল "আরে ভাবগতিক কি বল্ছ—ও সব ঠিক কথা। আমি কি আর তা বুঝিনি। তবে কি জান, আমি একটু চাপা লোক; সব কথা সব সময় খুলে বলিনি, এই যা। আর কাজ কি আমাদের ও-সব কথায়; তাই মনে করেই ছিলাম। তা, এখন যখন দশ-জনেই কথাট। জেনে ফেলেছে, তখন আর চুপ করেই বা কি করব। তারকের এ ভারি অক্সায়, কি বল ভায়া?"

রায় মহাশয় বলিলেন, "কৈ, তারক ত কাউকে কিছু বলেনি।"
নাধব ঠাকুর বলিল, "আর লুকোঁছো কেন ভায়া? আমি
মাধব-শর্মা, কথা পাড়লেই ব্রুতে পারি; যাক্ এ গোলমালের
একটা নিষ্পত্তি করাই দরকার। এত বড় বাড়ীটা যে ঝগড়াবিবাদে উদ্ভেশ্ন যায়, এ আর আমরা দাঁড়িয়ে কেমন করে সহ্য করি
বল! যাই, সন্ধ্যা হয়ে এল, বাড়াতে যাই, সন্ধ্যা আহ্নিক করিগে।
তুর্গা তুর্গতিনাশিনী মাগো!"

মাধব-ঠাকুরের সন্ধ্যা-আহ্নিক মিথাা কথা! অন্তদিন অর্থাৎ বেদিন হাতে কাজ কর্ম্ম না থাকে, সেদিন লোক-দেখান সন্ধ্যা-আহ্নিক ব্রাহ্মণের ছৈলে করিয়া থাকে; কিন্তু আজ কি আর সন্ধ্যা-আহ্নিকের সময় আছে! আজ যে সে খুব বড় একটা শিকারের সন্ধান পাইয়াছে। আর কি তার বিলম্ব সয়?

রার-মহাশয়ের বাড়ী হইতে বাহির হইয়াই মাধব ঠাকুর ধীরেধীরে বড়বাড়ীর দিকে গেল। তথনও সন্ধ্যার অন্ধকার বোর হইয়া
আদে নাই। মাধব বড়বাড়ীর কাছারীর প্রাঙ্গণের দিকে বাইয়া
দেখিতে পাইল, কার্ন্তিক একাকী প্রাঙ্গণে পাদচারণা করিতেছে।
মাধব পায়ে পায়ে প্রাঙ্গণের দিকে অগ্রসর হইল। তাহাকে দেখিয়া
কার্ন্তিক দাড়াইলেন এবং দুর হইতেই তাহাকে প্রণাম করিলেন।

মাধব আশীব্বাদ করিয়া বলিল, "এই দিক দিয়ে বাচ্ছিলাম, মনে করলাম তোমরা কেনন আছে, খেঁজিটা নিয়ে যাই। তা বাড়ীর সব মঙ্গল ত ?"

কার্ত্তিক ধীরম্বরে বলিলেন, "তোমাদের আশীর্কাদে বাড়ীর সকলেই এক রকম ভালই আছে।"

মাধব বলিল, "কিন্তু তোমার চেহারা ত বড়ই থারাপ হযে গিয়েছে, কার্ত্তিক ! মুখ-চোথ যে একেবারে ব'সে গিয়েছে। কোন অস্তথ ত হয় নাই।"

কার্ত্তিক বলিলেন, "না, শরীরে ত কোন সম্রথ নেই।"

মাধব বলিল, "আরে শরীরের অস্থই কি অস্থ ভাই!
মনের অস্থই প্রধান অস্থ। এই এত বড় সংসারটা মাথার করে
রয়েছে, তারপর এমন একটা ভ্রানক মোকদ্দমা হয়ে গেল; এতে
মনের আর অপরাধ কি? তা, সর্বদা এমন করে ভাবলে ত কোন
ফল নেই, যাতে মনটা ভাল হয়, তাই করতে হয়। তুমি যদি
অমন হয়ে যাও ভাই, তা হ'লে এত বড় সংসারটা যে ভেসে যাবে;
বডবাজীর নাম-ডাক ত কম নয়।"

কার্ত্তিক কাতর-বচনে বলিলেন, "আর দাদা, নাম-ডাক! সংসারে আর স্থথ নেই; এখন যেতে পারলেই বাঁচি!"

মাধব বলিল "সে কি কথা কাৰ্ত্তিক, তুমি সেদিনকার ছেলে; তুমি যদি অমন কথা বল তা হ'লে আমরা ত নেই। তুমি অমন হ'য়ো না। ঘর পেতে গৃহস্থালী করতে গেলে অনেক সইতে হয়। কে কোপায় কি বল্ল, তাই কি মনে রাথতে হয়; আর তাতেই কি মন থারাপ করতে হয়।"

কার্ত্তিক বলিলেন, "না, কারো কথা ত আমি ভাবিনে।

হার হয়েছে, তার কি করবো বল? যা হবার হয়ে গিয়েছে; তা নিয়ে যদি গ্রামের দশজনে দশ কথা বলে, তাতে কি হার মন খারাপ করা চলে ?"

69

মাধব বলিল, "সে ত ঠিক কথা, তবে কি জান ভাই! আমরা ত্বলি নাত্র ; আমাদের নন একটুতেই বেন কেমন হয়। লোকের কথা ধরিনে; কিন্তু যদি নিজের জনেরাই তু কথা বলে, তা বড়ই প্রাণে বাজে।" এই বলিয়া নাধব চুপ করিল।

কার্ত্তিক বলিলেন, "ভোমার কথা ত আমি ব্রতে পাংলাম না, মাধব-দাদা!"

মাধব বলিগ, " না, না, বিশেষ কিছু নয়, ঐ একটা কথার কথা বল্লাম।"

কার্ভিক কিছুদিন ংইতেই এই কণাটা ভাবিতেছিলেন; স্থতরাং নাধব-ঠাকুরের সামান্ত ইপিতেই তিনি কথাটা বুঝিতে পারিলেন। তথন তাঁহার জানিবার আগ্রহ অত্যন্ত বাজিয়া উঠিল। মাধব-ঠাকুরকে কণাটা ঢাকা দিতে দেখিয়া তিনি বিশেষ আগ্রহভরে বলিলেন, "না মাধব-দাদা, তোমার ওটা কথার কথা ব'লে বোধ হচেচেনা। আসল কথাটা কি, খুলে বল না। তোমাকে বলছি, একথা আমি কারে। কাছে প্রকাশ করব না।"

মাধব বলিল, "নাঁ, সে এমন কিছু কথা নয়। সে কথা শুনেই বা তোমার লাভ কি হবে, শুধু মনে কষ্ট হওয়া বই ত নয়।"

কার্ত্তিকের আগ্রহ আরও বাড়িয়া উঠিল। তিনি বলিলেন, "না, মাধব-দাদা, কথাটা তোমাকে খুলে বল্তেই হচ্চে! তা এথানে দাঁড়িয়ে কাজ নেই; চল, বাগানের মধ্যে গিয়ে বসি।"

এই বলিয়া তিনি মাধব-ঠাকুরের হাত চাপিয়া ধরিলেন।

মাধব তথন নিতান্ত অনিচ্ছার ভাব দেখাইয়া কার্ভিকের সঙ্গে বাগানের মধ্যে গেলেন; এবং একটা নির্জ্জন স্থানে একথানি বিঞ্চি টানিয়া লইয়া তুইজনে উপবেশন করিলেন। তথন কার্ভিক পুনরায় মাধবের হাত চাপিয়া ধরিয়া বলিলেন, "মাধব দাদা, আমাকে সব কথা খুলে বল। কিছু গোপন করো না!"

মাধব-ঠাকুর বলিল, "তাই ত ভায়া, তুমি আমাকে বড়ই বিপদে ফেললে দেখ্চি। তুমিও আমার কাছে যেমন, তারকও তেমনই। কিন্তু কি করব ভাই, তুমি যথন ছাড়ছ না, তথন মিথ্যা-কথা আর কেমন করে বলি! তারক যে তোমার সঙ্গে এমন ব্যবহার করবে, এ আমি আগেই জান্তে পেরেছিলাম; কিন্তু সে কথা ত আর যার তার কাছে বলা যায় না। আমি তথনই বুঝেছিলাম যে, এই মোকদ্দমায় তোমাদের হার হবে। কিন্তু আমার ত কোন হাত ছিল না: আমার যা কর্তব্য, তা আমি করেছিলাম।"

কার্ত্তিক বলিলেন, "সে কি রকম; আমি ত কিছুই জানিনে; এখন কিছু বুঝতে পারছি নে।"

নাধব বলিল, "তুমি সোজা মাত্র ভাই—একেবারে মহাদেব; তোমার কি এ সব ফলী মনে আসে, না তুমি তা করতে পার! তবে কথাটা খুলেই বলি। এই তোমাদের ফরিদপুরের দাঙ্গার থবর যথন বাড়ীতে পৌছিল, তথন গ্রামের সকলেই কথাটা শুনতে পেলেন; কিন্তু কেউ কোন উচ্চবাচ্য কংলেন না। আমি ত আর চুপ করে থাকতে পারি নে; স্বর্গীয় কর্ত্তাদের অনেক থেয়েছি, অনেক উপকার তাদের কাছ থেকে পেয়েছি। তাই থবর পাওয়া মাত্রে তাড়াতাড়ি এসে তারকের সঙ্গে দেখা করলাম। কি হয়েছে জিজ্ঞাসা করলাম। আর জান ত ভাই, এ অঞ্চলে সকলেই জানে

যে, মামলা-মোকদমার তদ্বির আমি যেমন করতে পারি, এমন বড় বড় উকিলেও পারে না। আমি তারককে বললাম যে, আমি ফরিদপুরে যাই, তিন ভুড়ি দিয়ে মামলা ফাঁসিয়ে দিয়ে হাসতে হাসতে তোমাকে নিথে ঘরে ফিরে আসি। তারক তাতে যা বললে, তা শুনে ত আমি অবাকৃ হয়ে গেলেম,—একেবারে ভাই, মাথায় হাত দিয়ে বস্লাম। সে বল্ল কি, 'যান্ মশাই, আপনাকে আর পরামর্শ দিতে হবে না। আমি ত দাদাকে এ সব করতে বারণই করেছিলাম। আমার কথা না শুনে যেমন কাগু করে বদলেন, তার ফলভোগ করুন। আমি এক পয়সাও থরচ করতে পারব না, মরুন গে তিনি জেলে পচে !' এমন কথা কি ভাই ভাইকে বলতে পারে ? শেষে আমি অনেক বুঝিয়ে বলায়, ভবে সে নিতাস্ত অনিচ্ছাক্রমেই ফরি দপুরে গেল। মামলার তেমন তদ্বির হলে কি আর এমন হয়। আবার যে শুন্ছো, লাপ টাকা থরচ হ'য়ে গেল, ও সব বাজে কথা। ভারি একটা দালা, তারই জন্ম কি না লাখ টাকা খরচ! আমি তোমায় বল্ছি কাত্তিক, এই মামলায় খুব যদি খর্ট হয়ে থাকে, তবে আট দশ হাজার টাকা— তার একটা কড়িও বেশী নয়। ঐ কর্তে-কর্তে আমার চুল পেকে গেল, আমি কি আর বুঝিনে। তার পর শোন ভাই, এখন গ্রামের মধ্যে স্বধু তোমার নিন্দে করে বেড়ান হচ্ছে। শুন্ছি না কি, কি একটা পরামর্শ গোপনে হচেট। তাই মনে করলাম, সে না হয় আমাকে অপমান করেছিল, তাই বলে ত আর 'তোমাদের সঙ্গে সম্বন্ধ লোপ হয় নাই। মনে বড়ই কট্ট হচ্চিল। – যাক্, ভোমাকে সব কথা খুলে বলা আমার কর্ত্তব্য, তাই ব'লে গেলাম। শেষে তুমিই ত বলতে—'মাধব দাদা, এত জেনে শুনেও

ভূমি আমাকে কিছু বলনি।' আমার কাজ আমি করে গেলাম।
এখন তা হ'লে আসি ভাই!" এই বলিয়াই মাধব-ঠাকুর উঠিয়া
দাঁড়াইল; কার্ত্তিক উঠিয়া বলিলেন, "দেখ মাধব-দাদা, এর একটা
বিহিত করতে হবে। আমি সবই বুঝতে পেরেছি। যাক্, যা হবার
হথেয় গিয়েছে; ভবিয়তের জন্য সাবধান হওয়ার দরকার, কি বল ?"

মাধব বলিল, "সে ভাই, তুমি বোঝ। আমি আর তোমাকে কি উপদেশ দেব।"

কার্ত্তিক মাধবের হাত জড়াইয় ধরিয়া বলিলেন, "না মাধব-দাদা, তুমি আমাকে অমন করে ঝেড়ে ফেল্লে আমি কোথায় দাঁড়াই। দেখ, আজ রাত হয়ে গেল, আজ আর তোমাকে আটকাব না। তুমি কাল খেয়ে-দেয়ে তুপুরবেলায় একবার দয়া করে এস ভাই! এর একটা বিহিত করতেই হবে। তোমাকেই সে ব্যবস্থা করতে হবে।"

মাধব বলিল, "মামাকে মার এ গোলের মধ্যে জড়াও কেন ভাই! বুঝে স্থঝে যা হয় নিজে কোরো।"

কার্ত্তিক নিতাস্ত বিপল্পের স্থায় কাতর-বচনে বলিলেন, "না দাদা, এ বিপদ থেকে আমাকে উদ্ধার করতেই হবে। তুমিই এখন আমার একমাত্র সম্বল।" মাধব অনেক আপত্তি করিয়া অবশেষে সম্মত হইল। তাহার পর তুই তিন দিন কার্ত্তিকের বসিবার ঘরে তুয়ার বন্ধ করিয়া তুইজনে নানা পরামর্শ হইতে লাগিল। সে পরামর্শের মধ্যে যখন আমরা ছিলাম না, তখন তাহার বিশ্রেষ বিবরণ কেমন করিয়া দিব।

স্থ্পতা যদিও তারককে এই আসন্ন বিপদের কথা বলিয়া-ছিলেন, কিন্তু তারক দে কথায় সম্পূর্ণ বিশ্বাস স্থাপন করিতে পারেন নাই। তাঁহার মনে হইয়াছিল, তাঁহার দাদা-যিনি তাঁহাকে এত মেহ করেন—যিনি তাঁহার একমাত্র অবলম্বন— একমাত্র আশ্রয়, – সেই দাদা তাঁহার বিরুদ্ধৈ কিছু করবেন ? না— এমন সংশয় মনে স্থান দিলেও অপরাধ হয়। ও-সব কিছুই নয়। কিন্ত্র—। ঐ কিন্তুতেই ত সকল গোল করিয়া দিতেছিল—সকল সংশয়ের মূলে কুঠারাঘাত করিতেছিল। কিন্তু—মাধব ঠাকুরের সক্ষে তাঁহার দাদা গোপনে কি পরামর্শ করেন? মাধব-ঠাকুরের রাতি-প্রকৃতি সকলই ত তিনি জানিতেন, তাঁহার দাদাও যে না জানেন, তাহাও ত নহে। তবে কি পরামর্শ ? এমন কি পরামর্শ, বাহা তাঁহার সঙ্গে না করিয়া, গ্রামের মধ্যে অনর্থ বাধাইবার যে গুরুঠাকুর সেই মাধব-ঠাকুরের সঙ্গে হয় ? তারক একবার মনে করিলেন, দাদাকে সমস্ত কথা জিজ্ঞাসা করেন। কিন্তু দাদার মনে যদি কোন গোল না থাকে, তাহা হইলে তাঁহার মনে যে ভয়ানক কট্ট দেওয়া হইবে, তাঁহার প্রাণে যে গভীর আঘাত লাগিবে! না, তারক দাদাকে কোন কথা জিজ্ঞাসা করিতে পারিবেন না। কিন্ত।—আবার সেই কিন্তু! কিন্তু, দাদা যে তাঁহার সহিত ভাল করিয়া কথাই বলেন না; ভাল করিয়া কেন, অাজ তিন চারি দিন যে তিনি মোটেই তারককে ডাকিয়া একটী কথাও বলেন না; দেখা হুইলে পাশ কাটাইয়া চলিয়া যান। সর্ববদাই তিনি অতি গম্ভীরভাবে কি চিম্তায় নিমগ্ন। দাদার কিসের এত চিস্তা? ত্রিশ হাজার টাকা ধার হইয়াছে, তাহার জন্ম কি দাদা বিমর্ষ ? তাতে কি হইয়াছে ? একটা চরই না হয় গিয়েছে, আরও ত জমীদারী আছে, কারবার আছে। ভয় কি? ত্রিশ হাজার টাকা শোধ হইতে কয়দিন লাগিবে ? তুই ভাই যদি বেশ ভাল করিয়া দেখাশুনা করেন, চারিদিকের বায়-সঙ্কোচ করেন, তাহা হইলে দেখিতে দেখিতে টাকা শোধ হইয়া যাইবে। না-তাঁহার দাদা এই সামাক্ত ঋণের জক্ত এত বিষয় হন নাই-এত কাতর হন নাই। তবে কি ? তারক বহু চিম্ভা করিয়াও এ প্রশ্নের কোন উত্তর পাইলেন না। শেষে মনে মনে স্থির করিলেন, "না— আমি আর এ সকল চিন্তা মনে স্থান দিব না। ইহাতে পাপ হয়, ইহাতে আমার দাদার উপর অবিচার করা হয়। দাদা যাহা করিবেন, তাহা যেনন এতদিন মাথা পাতিয়া স্বীকার করিয়াছি, যে কয়দিন বাঁচিয়া থাকিব, সে কয়দিন তাহাই করিব। মাথার উপর জগদীখর, আর সম্মুথে আমার দাদা৷ আমি যেন এই বিশ্বাস স্থির রাখিতে পারি।" কিন্তু আর বেণী দিন তারককে অন্ধকারে থাকিতে হইল না! ইহারই মধ্যে একদিন মাধ্ব-ঠাকুর তারককে ডাকিয়া বলিল, "ভাই তারক, তোমার সঙ্গে একটি কথা আছে।"

তারক বলিলেন, "আজ্ঞা করুন।" তথন মাধ্ব-ঠাকুর বলিলেন,
—"দেখ ভাই, তুমিও যেমন আমার আপনার জন কার্দ্তিকও তাই।
তুমিও একটা কথা বল্লে আমিও ফেলতে পারিনে, কার্দ্তিকও
কিছু বল্লে তা আমাকে শুনতে হয়। তোমরা তুই-ই আমার
কাছে সমান।"

বড়বাড়ী ৬৩

তারক বড় উদ্বিগ্ন হইরা পড়িলেন, তাঁহার বুক কাঁপিতে লাগিল; এ কি অশনিপাতের পূর্ব্ব স্থচনা! তারক ধীরভাবে বলিলেন, "মাধব-দাদা, কথাটা কি আমাকে দরা করে বলে ফেলুন না! আপনি অত সম্কৃতিত হচ্চেন কেন?"

নাধব বলিল, "তা কথাটা কি জান ভাই। এই কার্ত্তিক—
ভূমি ত জান আমি তোমাদের কোন কথার মধ্যেই থাকিনে।
আর থাকবই বা কেন? তোমরা তুই ভাই এখন যোগ্য হয়েছ,
সবই দেখে শুনে বুঝে নিজেরাই করতে পার। আমার মত ক্ষুদ্র
ব্যক্তির পরামর্শের দরকারই বা কি আছে? তবে জান কি এই
কার্ত্তিক আজ কয়দিন আমার বাড়ীতে হাঁটাহাঁটি কয়ছে। আমি
কত ক'রে বল্লাম যে, 'ভাই, ও-সবের মধ্যে আমাকে জড়িয়ো না,
তোমরা ভাইয়ে-ভাইয়ে যা হয কর।" কিন্তু সে তা কিছুতেই
শুন্বে না,—আমার পায়ের উপর একেবারে আড় হ'য়ে পড়ল।
তাই কি করি বল—তাই তোমার কাছে আস্তে হলো; নইলে
ভূমি ত জান ভাই, আমুমি ইচ্ছে ক'রে কোন গোল্যোগের মধ্যে
যেতে চাইনে।"

তারক একেবারে অধীর হইয়া পড়িলেন; তিনি বলিলেন "মাধব-দাদা, আপনার পায়ে পড়ি, আর আমাকে কণ্ট দেবেন না, কথাটা কি বলে ফেলুন।"

মাধব বলিল, "কথাটা, তা এমন কিছু নয় ভাই! কার্ত্তিক মামাকে কঁয়দিন থেকে বল্চে বে, চরের মোকদমায় যে সকল থরছ হয়েছে, তার হিসাবটা ভাল করে দেখি। কত কি হোলো, কিসে কি গেল, সেগুলো একবার দেখা দরকার! তাই— তাই আমাকে বলছিল। আমি কত ক'রে বললাম যে, 'তুমি নিজে দেখলেই পার', তাতে সে বলে 'আনি কি অত-শত বুঝি, ভূমিই সেগুলো দেখ'। তাই ভোনাকে বলতে এলাম।"

তারক এই কথা শুনিয়া একেবারে আকাশ হুইতে পড়িলেন। এ কি বিনা-মেবে বজ্ঞাঘাত! তাঁহার বুক ফাটিয়া বাইতে লাগিল। একবার ইচ্ছা হইল চীংকার করিয়া কাঁদিয়া উচ্চেন; কিন্তু কিলে যেন সে শক্তি অপস্থত হুইয়া গেল।

তারককে চুপ করিয়া পাকিতে দেখিয়া মাধ্য বলিল, "তা হ'লে কি বল ভাই ?" এই প্রশ্ন শুনিরা তারক একবার মাধ্যঠাকুরের মুথের দিকে চাহিলেন; তাখার পর আঅসংবরণ করিয়া
অতি ধীর-স্বরে বলিলেন, "দাদার আদেশ আমি মাথা পাতিয়া
লইলাম ! আপনি যথন হয়, তথনট কাগ্রপত্র দেখবেন, আমি
গোমস্তাদিগকে বলিয়া দিব।"

মাধব বলিল, "সে সময় তোমারও উপস্থিত পাকা দরকার; তোমাকেও হয় ত হু'চার কথা জিজ্ঞাসা করতে হ'তে পারে।"

তারকের হৃদয়ের মধ্যে আগগুন জালিয়া উঠিল; তখনই তিনি একটা অতি শক্ত জবাব দিতে যাইতেছিলেন; কিন্তু 'অসাধারণ ধৈষ্য অবলঘন করিয়া তিনি বাললেন, "মাধব-দাদা, সবই কাগজপত্রে আছে। আগদিন আছেন, দাদা—" তারক আর কথা বলিতে পারিলেন না; ধীরে ধীরে উঠিলা শেলেন। তারক মাধব-ঠাকুরের নিকট হুইতে উঠিয়া গেলেন বটে; কিন্তু কোগায় ধাইবেন, কাহার নিকট তাঁহার হৃদয়ের এই গভার বেদলাস কথা বলিবেক, ভাবিয়া পাইলেন না। তিনি চারিদিক অন্ধার দেখিতে লাগিলেন। একবার মনে করিলেন, সপ্রভাবে ডাকিয়া সমন্ত কথা বলিয়া, 'তাঁহার নিকট বলিয়া কাঁদিয়া ধ্বদয়ের ভার একটু লঘু করেন;

বড়বাড়ী ৬৫

আবার মনে করিলেন, তাঁহাকে আর কণ্ট দিয়া কি হইবে? তারক অন্থিরভাবে অনেকক্ষণ এদিক-ওদিক বেড়াইলেন। তাহার পর বাড়ীতে আসিয়া তাঁহাদের পুরাতন কর্ম্মচারী স্বরূপ করকে ডাকিয়া আনিবার জন্ম একজন চাকরকে পাঠাইয়া দিলেন।

শ্রীযুক্ত স্বরূপচন্দ্র কর তারকের পিতার আমলের কর্মচারী। সামান্ত গোমন্তার পদে নিযুক্ত হইয়া এই চল্লিশ বৎসর এই সরকারেই কাজ করিতেছেন। এখন তিনি মিত্রদের সর্বপ্রধান কর্মচারী। এমন বিশ্বস্ত ও ধর্মা ভীক কর্মাচারী পাইয়াছিলেন বলিয়াই. মিত্রদের এত উন্নতি। কাৰ্ত্তিক ও তারক তাঁহাকে কাকা বলিয়া ডাকেন এবং বিশেষ সম্মান করেন। তিনিও হুই ভাইকে সন্তানের মত স্নেহ করেন। কিন্তু কি কুক্ষণেই এই চরের মোকদ্দমা উপস্থিত হইয়া ছিল ৷ কার্ত্তিক এই উপলক্ষে যে তারকের উপরই বিশ্বাস হারাইয়া-ছেন, তাহা নহে, এই পুরাতন বিশ্বস্ত-কর্ম্মচারীকেও তিনি সন্দেহ করিয়াছেন। মাধ্ব-ঠাকুরও তাঁহাকে বুঝাইয়া দিয়াছে যে, কর-মহাশয়ের সহিত যোগ করিয়া তারক এই মোকদ্মা উপলক্ষে, নিতান্ত কম হইলেও ত্রিশ হাজার টাকা আত্মসাৎ করিয়াছে। কাত্তিকও তাহাই বুঝিয়াছেন। লক্ষ্মী যথন ছাড়িয়া যান, তথন এই রকমেই বুদ্ধিত্রংশ করিয়া দিয়া যান। একটু পরেই স্বরূপ কর-মহাশয় কাছারীবাড়ীতে আসিয়া উপস্থিত হইলেন : কিন্তু অক্ত দিনের মত তারককে কাছারীতে না দেখিয়া বিস্মিত হইলেন। ভূত্য বলিল, "মেজবাবু পূজাবাড়ীতে আছেন।" কর-মহা**শ**য় তর্থন পূজাবাড়ীতে গিয়া দেখেন, তারক একাকী চণ্ডীমগুপের সি^{*}ডিতে বিনা আসনে বসিয়া আছেন। কর-মহাশয় **তাঁ**হার

৬৬ বড়বাড়ী

নিকটে যাইয়া বলিলেন, "কি বাবা, এখানে অমন করে একলা মাটীতে বদে আছ কেন ?"

তারক তথন আর স্থির থাকিতে পারিলেন না; স্ত্রীলোকের স্থায় কাঁদিয়া উঠিলেন। কর-মহাশয় তাড়াতাড়ি তাঁহাকে কোলের মধ্যে জড়াইয়া ধরিয়া বলিলেন, "কি হয়েছে বাবা, বাড়ীর মধ্যে সব ভাল ত? তুমি অমন করছ কেন? কি হয়েছে, আমাকে বল।" তারকের কি তথন কথা বলিবার শক্তি ছিল,—তিনি কেবলই কাঁদিতে লাগিলেন। অনেক সাস্থনা দিবার পর তারক যথন একটু স্থির হইলেন, তথন তিনি একে একে সমস্ত কথা কর-মহাশয়কে বলিলেন; কর-মহাশয়ও কোন প্রকারে বাধা না দিয়া সব কথা শুনিয়া গেলেন। অবশেষে তারক বলিলেন,—"কাকা, এথন কি কর্ত্তব্য, তাই স্থির করবার জন্ম আপনাকে ডেকেছি। আপনিই আমার একমাত্র ভরদা। আমি আপনার ছেলের মত; আপনি উপদেশ করুন। আমার দাদা—আমার দাদা"—বলিতে বলিতেই অধােমুখে নীরব হইলেন।

কর-মহাশয় বিচক্ষণ লোক, তিনি সবই বৃঝিতে পারিলেন কিছুক্ষণ চুপ করিয়া থাকিয়া বলিলেন, "সব ত শুনলাম বাবা এখন কি কর্ত্তব্য স্থির করেছ ?"

তারক বলিলেন, "আমি কিছুই স্থির করতে না পেরেই ত আপনাকে ডেকেছি।"

কর-মহাশর বলিলেন, "আমি যে কিছু ব্ঝতে না পেরেছিলাম তা নয়; কিন্তু এতটা যে হবে, তা ভাবিনি। যাক্ তুমি ফে এতদিন পর্যাস্ত মাথা ঠিক করে কাজ করেছ, তাতে আমি খুব সম্ভষ্ট হয়েছি। তবে কথা কি জান, এতদিনে তোমাদের সর্কনাশের

স্তুচনা হ'ল। আজ চল্লিশ বছর মাথার ঘাম পায়ে ফেলে যা করলাম তা আর থাকে না; বড়বাড়ীর নাম দেখছি আর থাকে না। কি কর্ব বল ? নইলে বড়বাবুর এমন তুর্ব্ব দ্ধি হয়! আমার নিজের কথা ভাবিনে; আমি ত কালই সব বুঝিয়ে দিয়ে ইন্ডফা দিব। কতদিন থেকে মনে করেছিলাম, কানীবাস করব: কিন্তু কেমন মালা, কিছুতেই আর এ মালা কাটাতে পারছিলাম না। বিশ্বেশ্বর এই উপলক্ষ ক'রে আনার নায়া কাটিয়ে দিলেন। আর মান-অপনান--সে ভয় বাবা আর এ বুড়ো-বয়সে নেই। মান্তবের কাছে জবাবদিহির সময় আমার পার হয়ে গিয়েছে: এখন সেখানে গিয়ে আমি খুব মাথা উচু করে জবাবদিহি করতে পারব ; এ ভর্মা আমার আছে। সে জন্ম ভয় নেই; কিন্তু তোমার পক্ষে কি কর্ত্তব্য, তাই আমি ভাবছি। তোমার মত দেবতুল্য মানুষের যে এমন মনের কষ্ট হবে, তাত বাবা আমি কোন দিন ভাবিনি। দেখ বাবা, সব বুঝে-স্থাে করতে হবে। চেপ্তা করতে হবে—যাতে বড়বাড়ী নাম বজায় থাকে। আমি তোমাকে এখনই কিছু বল্তে পারছি নে। বুড়ো-মান্তুষ, একটু সমর দাও; আমি ভেবে দেখি, কোন উপায়ে সব দিক রক্ষা করা বায় কি না। তুনি ভীত হোয়ো না তোমার একটা ব্যবস্থা করে দিয়ে তবে আমি কাশী যাব। তুমি কাত্তিককে কিছু বোলো না; তার এখন বেরকম মনের অবস্থা, আর মাধব তাকে যেরকম পেয়ে বসেছে, তাতে তাকে এথন কিছু বলা না বলা সমীন হবে। মনে বল বাঁধ বাবা, বিশ্বেশ্বর আছেন, তিনিই কোমার মঙ্গল করবেন। চল তোমাকে বাড়ীর মধ্যে রেখে আমি বাফ্রী যাই। ওঠ আর দেরী করোনা।" তথন কর-মহাশয় তারককে বোডীর মধ্যে পৌছাইয়া দিয়া নিজে বাড়ী চলিয়া গেলেন।

পরদিন কর-মহাশয় কাছারীতে আসিয়াই দেখিলেন, কার্ত্তিক ও মাধব-ঠাকুর বদিয়া আছেন। তিনি কোন কথানা বলিয়া কাছারী-ঘরের মধ্যে যাইতে উত্তত হইলে কার্ত্তিক বলিলেন, "কাকা একটা কথা আছে।" কর-মহাশয় দাঁডাইয়া বলিলেন, "কি কথা ?" কার্ত্তিক বলিলেন, "চরের মোকদ্মার হিসাবটা একবার দেথতে চাই।" কর-মহাশয় বলিলেন, "সে হিসাব ত ভূমি দেখেছ, নেজবাবুও দেখেচেন; তিনি সই করেও দিয়েছেন।" কার্ত্তিক বলিলেন, "তবুও একবার দেখ্বার দরকার হায়ছে।" কর-মহাশয় বলিলেন, "সে হিসাব ত সেরেন্ডায় আছে, চাইলেই পেতে ! আচ্ছা, আমি ব'লে দিচ্ছি।" এই বলিয়া তিনি কাছারীর মধ্যে প্রবেশ করিলেন এবং একটু পরেই একজনের দারা হিসাবটা বারান্দায় পাঠাইয়া দিলেন। মাধব-ঠাকুর তথন হিসাবট। হাতে করিয়া পড়িতে লাগিলেন। এই সময়ে কর-মহাশয় একখানি কাগজ ছাতে করিয়া বাহিরে আসিলেন এবং কাগজথানি কার্ত্তিকের হাতে দিয়া বলিলেন, "বড়বাবু, আজ চল্লিশ বছর তোমাদের সংসারে কাটালাম; এখন বুড়ো হয়ে গিয়েছি, আর কাষকর্ম ক'রে উঠতে পারিনে; তাই কাণী যাওয়ার সঙ্কল্ল করেছি। তোমরা এথন উপযুক্ত হয়েছ; দেখে শুনে কাজ কর। এই আমার ইন্তর্লা-পত্র।" কাৰ্ত্তিক পত্ৰথানি না পড়িয়াই বলিন, "কেন কাকা, হঠাৎ আজ

তাঁহার কথায় বাধা দিয়া কর-মহাশয় বলিলেন, "হঠাৎ নয় বাবা,

আপনি ইন্ডফা দিলেন ? আমি ত"-

অনেক দিন থেকেই ইচ্ছা হয়েছে, কিন্তু তোমাদের মায়ায় বেতে পারিনি। সংসারে আর ত কোন বন্ধন নেই। একটা মেয়ে, তাকেও তোমাদের বাপ-মায়ের আশীর্কাদে সংপাত্রেই দিয়েছি। এখন তোমরা ছেড়ে দাও, আনরা বুড়োবুড়ী কাশী গিয়ে শেষের ক'টা দিন কাটিয়ে দিই, আর তোমাদের মঞ্চল-কামনা করি।"

কার্ত্তিক কি বলিতে যাইতেছিল, কিন্তু তাঁহার কথায় বাধা দিয়া মাধব-ঠাকুর বলিল, "তা এত তাড়াুতাড়ি কেন যাবেন ? আর যাবেন বল্লেই ত হয় না; সব বুঝিয়ে দিয়ে ত যেতে হবে।"

কর-মহাশয় একটু অবজ্ঞার-ম্বরে বলিলেন, "মাধব, তোমার সঙ্গেত আমি কথা বল্ছি নে, তুমি একটু চুপ করে শোন। দেথ বড়বাবু, আমি ত কাঁচা ছেলে নই; তোমরা যথন থেকে সাবালক হয়েছ, তথন থেকেই সব তোমাদের বৃথিয়ে দিয়েছি। ইা, যথন কর্ত্তা ছিলেন, তথন আমিই কাজ করতাম, সব ঝুঁকি আমার উপর ছিল। আজ ছয় বৎসর হলো সবই ত তোমরা করছ। তোমাদের দন্তথতি মঞ্জুরি ভিয় কেউ কোন কাজ করতে পারবে না, এ হুকুমও আমি দিয়েছিলাম। একটি পয়সাও তোমার বা মেজবাবুর মঞ্জুরি ছাড়া কোথাও থরচ হবার পথ রাখিনি! মাধব, এ বুড়াকে গোলে কেলবার চেষ্টা তোমার নিতান্তই বুথা হবে! আমি এই দণ্ডে বেরিয়ে গেলেও কারো সাধ্য নেই বে, একটা কথা বলে। আজ চিল্লিশ বছর এই ক'রে চুল পাকিয়েছি মাধব, তুমি ত কালকের ছেলে।"

় ষাধব-ঠাকুর বলিল, "না, না, আমি সে কথা বলছি না। আমি বলু≉িলাম যে, সব দেখিয়ে-ভনিয়ে দিয়ে বেতে-হবে ত।"

কর-মহাশয় বলিলেন, "তুই ভাইকে সবই দেখিয়েছি, দেখাতে

কিছুই বাকী নেই মাধব। ঐত বড়বাবু বসে আছেন, আর ডাক মেজবাবুকে, তারা যদি আরও কিছু দেখ্তে চায়, কোন একটা কিছুর নিকাশ চায়, তখন সে কথা হবে।"

কান্তিক এতক্ষণ কথা বলেন নাই, তিনি বলিলেন, "না, কাকা, দে কথাই নয়। আপনি বিরক্ত হবেন না। এই মামলার হিসাবে বড়ই বেশী খরচ হয়ে গিয়েছে কি না, তাই একবার দেখ্ছিলাম।"

কর-মহাশয় বলিলেন, "দে ত ভাল কথা, সব ত দেখ তেই হয়। ছেলেবেলা থেকে তোমাদের চুই ভাইকে তাই শিথিয়েছি।"

মাধব বলিল, "এ হিসাবে দেখ্ছি মেজবাবুর সই রয়েছে, বড়বাবুর সই ত নেই ?"

কর-মহাশয় একটু বিজপের-স্বরে বলিলেন, "মাধব, সব জেনে নিয়েছ, ঐটে বৃঝি জানতে পার নাই ? তবে শোন, আমাদের এই কারমের পক্ষ হতে এরা তুই ভাইয়ের যে কেহ স্বাক্ষর করলেই তা বলবৎ হয়; এই রকম একটা লেখাপড়া আছে। তাতেই যিনি যথন উপস্থিত থাকেন, তিনিই সহি করিলে ব্যাক্ষণেকে পর্যান্ত চেকের টাকা বাহির হয়ে আসে। সে সম্বন্ধে পাকা দলিল আছে। বড়বাবুকেই জিজ্ঞাসা কর। যাক্, এতকাল যখন বিনা কৈফিয়তে কাজ করে এসেছি, তখন এখন আর মাধব-ঠাকুরের কাছে কৈফিয়ত দিতে পারি না। ওরে, কে আছিস, আমার চাদরখানা আর লাঠিগাছাটা এনে দে ত, বাড়ী যাই।"

কার্ত্তিক বলিলেন, "কাকা, আপনি রাগ করে চলে যাচেন কেন? আপনাকে ত কেহ কিছু বলে নাই?"

কর-মহাশয় বলিলেন, "কে কি বল্তে পারে ধাবা ? সে রকম

বড়বাড়ী ৭১

যদি স্বরূপ কর হোতো, তা হ'লে এই চল্লিশ বৎসরে তার বাড়ীতে কোঠা-বালাথানা হোতো, সে দশবিশ হাজার টাকার বিষয় করতে পারত। ভগবান সে মতি দেন নাই। তবে একজন আমাকে বেতে বল্ছেন, সে কথাটা আর গোপন করে কি করব। মা-লক্ষী আমাকে সরে যেতে বলছেন। এতকাল এই স্বরূপ কর তার ঘাঁটি আগলে বসে ছিল। সে আয় এখন থাক্তে দিলে না, তাই যাছি। কি করব, এই বৃড়ো বয়সে জ্বার তোমাদের তুর্গতি দেখতে না হয়, তাই আনি আগেই চল্লুম। মাধব, চেষ্টা করে দেখ, বৃড়োর নামে যদি ছই চার নম্বর দেওয়ানী ফৌজদারী করতে পার।" এই বলিয়াই চল্লিশ বৎসরের কর্ম্বচারী স্বরূপ কর বড়বাড়ী হইতে বাহির হইয়া গেলেন। কার্ভিক একটি কথাও বলিতে পারিলেন না।

>9

কথাটা গোপন থাকিল না। কর-মহাশয় চলিয়া যাওয়ার পরই এই সংবাদ বাড়ার মধ্যে পৌছিল। তারক এ কয়দিন বাহিরেও আসেন না, কাছারী ঘরেও বসেন না; কাজকর্মাও দেখেন না; সমস্ত দিন ঘরের মধ্যেই থাকেন, কেবল স্নান-আহারের জন্ম একবার বাহির হন। স্থপ্রভা তাঁহার নিকট সমস্ত কথাই শুনিয়াছিলেন। তিনি যথন-তথনই বলিতেন, "তুমি ভয় কয়ছ কেন? ভগবানকে ডাক, তিনিই সব বিপদ কাটিয়ে দিবেন। দেখ, রড়ঠাকুর ছেলেমাম্ব নন, তিনি ম্থ্ও নন, অবিবেচকও নন। স্মান্দের অদৃষ্টের দোবে তাঁর মনের উপর একখানি মেব এসেছে, সে মেঘ কতক্ষণ থাক্বে? দেখতে দেখতে সব স্থাপদ কেটে

যাবে। এ সময় তুমি অমন ক'রে থাক্লে হবে না। যেমন কাজ-কর্ম্ম করছিলে, ঠিক তাই করে যাও।"

92

তারক বলিলেন, "স্প্রভা, তুমি বুঝতে পারছ না, আমার বুকে কি বাথা বেছেছে। আমার কাজ-কর্মা করবার শক্তিনেই; আমার বুক ভেঙে গিয়েছে। কি যে করব, তা ঠিক করে উঠতে পারছি নে! এক-একবার মনে হচ্চে বাড়ী ছেড়েচলে যাই। কিন্তু কোথায় গাব ?"

স্প্রভাবলিলেন, "সে কি কথা? তুমি এমন অধীর হ'লে চলবে কেন ? আমরা তা হ'লে কোথায় বাই ?"

ভারক বলিলেন, "ভোমাদের কথাই ত আমি ভাবি। আমি
যদি একা হতান, তা হ'লে যেদিন এই কথা শুনেছিলান, সেই
দিনই দেশত্যাগ করতাম। কিন্তু তা ত পারি নে স্প্রভা!
ভূমি আছ, স্বর্ণ আছে; আর আছেন হতভাগিনী ছোট-বউমা!
ভোমাদের কার হাতে দিয়ে যাব!"

স্থপ্রভা বলিলেন, "কারও হাতে দিয়ে যেতে হবে না, আমি বল্ছি, বড়ঠাকুর শীঘ্রই তাঁর ভুল বুঝতে পারবেন'; দশজনের কথায় কি তিনি তোমার পর হ'য়ে যাবেন ?"

তারক বলিলেন, "স্প্রভা, এতকাল ত সেই কথাই বিশ্বাস করে এসেছি। কিন্তু এখন কি হোলো! আমাকে চোর মনে করেছেন। এ তৃঃখ যে আমার রাখ্বার স্থান নেই। আমার দাদা ——স্প্রভা আমার দাদা——" তারক কাঁদিয়া ফেলিলেন। স্প্রভাও চোখের জল রাখিতে পারিলেন না। অবশেষে স্প্রভা বলিলেন, দেখ, আমি একটা কথা বলি। বড়ঠাকুরকে কিছুই ফল কাল্প নেই; এ বাড়ীতেও থেকে কাল্প নেই। যে বাড়ীতে তোমার বড়বাড়া

অপমান হয়, সে বাড়ীতে আর থাকা নয়। আমাকে আর স্বর্ণকে নিয়ে তুমি রাইগঞ্জে চল। তার পর যা হয় হবে।"

তারক বলিলেন, "সে হয় না স্থপ্রভা! একবার ত তাই মনে করেছিলান যে, তোমাদের রাইগঞ্জে পাঠিয়ে দিয়ে আনি বাড়ীথেকে বেরিয়ে পড়ি। কিন্তু তুমি ত আমাকে ছেড়ে থাকতে পারবে না। এখন এই সংসারে তুমি ছাড়া যে আমার আর কেউনেই। তুমি আমাকে রাইগঞ্জে যেতে বল্ছ; কিন্তু এ সময়ে কিকোখানে বাওয়া আমার উচিত? না স্থপ্রভা, এই মনোহরপুর ছেড়ে আমি কোথাও বেতে পারব না। আবার তাও ভাবি যে, এখানে কেমন করে থাকি। ভগবান আমার অদৃষ্টে এ কি লিখেছন। আজ আমার স্থেরক্রের শোক ন্তন ক'রে বাজছে। আজ বদি সে বেঁচে থাক্ত, তা হ'লে কি এ বিপদ হ'তে পারত! শেষে চোর বদ্নাম আমার অদৃষ্টে ছিল! আর সে বদ্নাম দিলেন কি না আমার দাদা—বাঁকে আনি পিতার মত মান্ত করি—সেই আমার দাদা! এ তুঃখ ত আমার মহলেও বাবে না স্থ্প্রভা!"

স্প্রভাব বুকে তারকের প্রত্যেক কথা শেলের মত বিদ্ধ হইতে লাগিল। কিন্তু তিনি কোন দিকে কোন উপায়ই চোথে দেখিতে পাইলেন না। কি বলিয়া স্থানীকে এ বিপদে সান্তনা, স্থপরামর্শ দিবেন, তাহা ভাবিয়া পাইলেন না।

এই সময়ে সেই ঘরের দারে কে যেন মৃত্ করাঘাত করিল।
তারক পান শব্দ শুনিতে পাইলেন না, কিন্তু স্থপ্রভার কর্ণে সে শব্দ পৌছিল। তিনি বলিলেন, "তুমি একটু বোসো, বোধ হয় ছোট-বুট আমাকে ডাক্ছে; আমি শুনে মাসি।" এই বলিয়া স্থপ্রভা ঘরের বাহিরে গেলেন।

রঙ্গিণী এতক্ষণ দারের পার্শ্বে দাঁড়াইয়া তারক ও স্থপ্রভার কথা শুনিতেছিল, তাঁহাদের কথোপকথন শুনিয়া সে অধীর হইয়া উঠিয়াছিল, শেষে হির থাকিতে না পারিয়া দ্বারে করাঘাত করিয়া সে স্থপ্রভাকে ডাকিল। স্থপ্রভা বাহিরে আসিয়া বলিলেন, "ছোট-বউ, তুমি এখানে দাড়িয়ে কি কর্ছিলে?" রঞ্গী বলিল, "আমি এতক্ষণ তোমাদের কথা ভন্ছিলান। শেষে যথন অসহা হ'ল তথন তোমাকে ডাকলাম। মেজাদাদ। দেখ, তোমরা যে কেন এমন করছ, তা ত আমি ভেবে পাইনে। বড়-ঠাকুরকে স্পষ্ট করে জিজ্ঞাসা করলেই হয়, তিনি কি চান ? তিনি মনে করেছেন, মেজ-ঠাকুর টাকা চুরি করে, মিথ্যা-মিথ্যি খরচ লিখেছেন। যে বড় ভাই ছোট ভাইয়ের সম্বন্ধে এমন অন্তায় কথা বলা দূরে থাক, ভাবতেও পারেন, তাঁর সঙ্গে কোন সহন্ধ রাথতে নাই—তার মুথও দেখতে নেই। এমন মহাদেবের মত ভাইকে যিনি চোর বলতে পারেন, তিনি আনার বাবা হ'লেও আমি তাঁকে ক্ষমা করি নে। তোমরা এই স্ব কথা শুনেও চুপ ক'রে বসে আছো। আমার কথা শোন, চল আমরা এ বাড়ী থেকে চলে যাই। এ পাঁপ-সংসারে আমরা থাকব না। আর টাকার কথা বল্ছ? কত টাকা? তিশ হাজার টাকা ত ? এ টাকা আর সংগ্রহ হবে না ? তোমার আর আমার গয়না বিক্রী করলে যেমন করে হোক, পাচ-ছয় হাজার টাকা ত হবে। তুমি যদি বল, তা হ'লে আমি বাপের বাড়ীতে সব কথা খুলে লিখে দিই: মা'র হাতে বে টাকা আছে, তার থেকে তিনি জামাদের নিশ্চয়ই পাঁচ হাজার টাকা দেবেন: তার পর আমরা শোধ করতে পারি—ঈশ্বর যদি গে দিন দেন—তথ্ন আমরা শোধ কর্ব; আর না দিতে পারি, তাতেই বা কি ? মা ও টাকা ত আমাকেই দিতে চেয়েছিলেন। সেই টাকা নিয়ে এসে বড়ঠাকুরের মুখের উপর ছুড়ে ফেলে দিয়ে আমরা চলে বাই। তার পর দেখব বে, এ জমীদারী কে রক্ষা করে? মেজঠাকুরকে চোর বলবে, আর আমরা তাই দাঁড়িয়ে শুন্ব?—তোমরা না পার চুপ করে থাক। আমার আর কি? আমি সংসারের কি দেখে ডরাব? আমার সে ভয় নেই। বিধবার ভয় কি? তুনি বল, মেজঠাকুরের কাছ থেকে অয়মতি নিয়ে এস, আমি কেমন আগুন আলিয়ে দিই, দেখ। আমার মেজঠাকুর চোর? কি বল্ব দিদি! রাগে আমার শরীর জলে বাছে। তুমি অয়মতি নিয়ে এস! তার পর আমার বাওয়ার বলোবত করে দেও, আমি টাকা নিয়ে আসি।"

স্থপ্রভা বলিলেন, "ছোটবউ, বোনটি আমার, অত রাগের সময় এখন নয়। টাকার কথা আমিও ভাবিনি। আমি রাইগঞ্জে পত্র লিখলে এখনই কিছু টাকা নিয়ে আস্তে পারি। কিন্তু কি বলে টাকা দিতে যাচছ? লোকে কি মনে কর্বে? হয় ত বল্বে সত্যিই উনি টাকা সরিয়েছিলেন; এখন গোলনাল হ'তে সব বার করে দিলেন। এতে যে অপরাধ স্বীকার করা হয়।"

রিজনী রাগিয়া উঠিয়া বলিল, "অপরাধ স্বীকার কি? আমরা কি চোরের মত টাকা দিতে বাচ্ছি? দশজনকে জানিয়ে, দশজনকে সকল কথা ব'লে কেমন করে আমরা কোথা থেকে টাকা এনেছি কেন দিতে বাচ্ছি, সে কথা গ্রামের দশজনের সমূথে স্পষ্ট ক'রে ব'লে ওবে ত টাকা দেব। তাতে যদি তোমার মত না হয়, তা হলে মেজঠাকুরকে বল, তিনি যেন বড়ঠাকুরের মুথের উপর বলেন য়ে তিনি কাউকে হিসেব দিতে বাধ্য নন; বড়ঠাকুরের মনে সন্দেহ থাকে, তিনি নালিশ করে টাকা আদায় করে যেন নেন।

তাঁকেই বাঁচাতে গিয়ে এত কাণ্ড হোলো, আর শেষে কি না তিনিই বলেন চোর।"

স্প্রভা বলিলেন, "না, না বোন, অমন কথা মুথে আনিদ্নে। বড়ঠাকুর গুরুজন, তাঁর নিন্দা করতে নেই। তিনি দশজনের কথায় ভূলে এমন কাজ করেছেন। যথন নিজের ভূল বুঝতে পার-বেন, তখন তিনিই লজ্জায় যে নরে যাবেন।" রঙ্গিণী আরও রাগিয়া গেল; ঘরের মধ্যে যে তারক বসিয়া আছেন, সে কথাও সে বিশ্বত হইল। চীৎকার করিয়া বলিল, "কেন বলব না-একশ-বার বলব। এমন করে যিনি অক্তায় করতে পারেন, এমন করে যিনি মেজঠাকুরের মত মাতুষকে চোর বলতে পারেন, তাঁকে ব্যথা দিতে পারেন, তাঁকে আমি কিছুতেই ক্ষমা কর্তে, পারি নে। এ ত বড়ঠাকুর ;— আজ যদি তিনি বেঁচে থাক্তেন, আর তিনি যদি এমন কথা মুথ দিয়ে বা'র করতেন, তা হ'লে—তা হ'লে আমি তাঁকেও কমা করতাম না। যিনি যতক্ষণ ভাল, ততক্ষণ তাঁকে মাথায় রাখ্বো; কিন্তু তাই বলে যথন অক্সায় করবেন, তথনও তাঁকে ভাল বলতে হবে, এমন শাস্ত্র আমি মানিফে: –তা তিনি যিনিই হোন। এ কি অকায় কথা। এমন অপবাদও নহ করতে হবে ?"

স্থপ্রভা বলিলেন, "রঙ্গিণী, তাই করতে হয়। দশজনকে নিয়ে বাস করতে গেলে অনেক সইতে হয় বোন! তুমি ছেলেনাম্ব, তাই তোমার অসহ বোধ হচ্চে।"

রঞ্জিণী বলিল, "মেজদিদি, তোমাদের মত এত সহু করবার ক্ষমতা আমার নেই—আর তা থেকেও আমার কাজ নেই,—এমন দশজনকে নিয়ে আমি ঘর করতেও চাইনে। আমি ত কিছুতেই .

নেই ;—তোমরা যদি না থাকুতে, তা হ'লে কোন্ দিন আমি মরে বৈতৃম। তোমাদের দিকে চেয়েই আমি বেঁচে আছি। সেই তোমাদের এত অপমান, এত নির্যাতন,—আর আমি তাই বসে বসে দেখ্ব—তা কিছুতেই হবে না—কিছুতেই না।"

এত ছংখেও স্থপ্রভার হাসি আসিল; তিনি বলিলেন, "তা হ'লে তুই কি কর্তে চাস্বলত। কোনর বেঁধে দাঙ্গা কর্তে যাবিনা কি?"

রঙ্গিণী বলিল, "হেস না মেজদিদি! আমি যদি বেটাছেলে হতুম, তা হ'লে যেদিন এ কথা আমার কানে গিয়েছিল, সেই দিনই একটা কুকক্ষেত্র বাধিয়ে দিতুম। তাতে যা হয় হোতো। অক্সায় আমি সহ্য করতে পারিনে—পারবও না।"

স্প্রভা তেমনই হাসিয়া ববিলেন, "তা ভুই ত আর পুরুষমান্ত্র ন'স্। এখন মেয়েমান্ত্র হ'য়েই ভুই কি করবি, তাই বল্।"

রঞ্জিনী বলিল, "বল্ব আর কি ? চোর বল্লেই চোর! মুখে আর কথা আট্কায় না! আমি হ'লে কি করতুম জান ? ঐ বিটলে-বামুনটাকে ঘাড় ধ'রে বাড়ীর বা'র করে দিতুম—কিছুতেই এ বাড়ীর সীমানার মধ্যে চুকতে দিতুম না। তার যা সাধ্য থাকে, সে করত। কেন ? এ বাড়ী কি একেলা বড়-ঠাকুরের ? তোমরা কি কেউ নও? আমারই না হয় কপাল পুড়ে গিয়েছে. আমিই না হয় একবেলা হ'টো আলোচালের বরাত নিয়ে এ বাড়ীতে এসেছিলুম। কিন্তু তোমরা ত তা নও। তোমরা অমন করে বাক কেন ? কথা বল্লেই অমনি হোলো।"

স্প্রভা বলিলেন, "যা, ভুই এখন ভোর ঘরে যা! মাথাটা একটু ঠাণ্ডা কর গিয়ে। তোর আজ কি হয়েছে?" রঙ্গিণী বলিল, "কি আর হবে? আজ কয়দিন আমি রাগ চেপে রেখেছিল্ম। মেজঠাকুরের কথা শুনে আজ আর থাক্তে পারলুম না।"

স্থপ্রতা বলিলেন, "না আর তোকে একলা ছেড়ে দিতে পারছিনে। তোর যে রকম রাগ হয়েছে, তাতে তুই লজ্জা-সরম ত্যাগ করে এখনি হয় ত একটা কাণ্ড বাধিয়ে ফেলতে পারিসু। চল তোর ঘরে যাই।" এই বলিয়া স্থপ্রভা রঙ্গিণীকে টানিয়া লইয়া অকু ঘরে চলিয়া গেলেন। তারক ঘরের মধ্যে বসিয়া সকল কথাই শুনিতে পাইরাছিলেন। তাঁহার হৃদয়ে তথন ভাতশোক উথলিয়া উঠিয়াছিল। তাঁহার চকু ফাটিয়া জন পড়িতেছিল; আর স্থ্যু মনে হইতেছিল, আজ যদি স্থারেন্দ্র বাচিয়া থাকিত, তাহা হইলে কি এমন করিয়া তিনি নিরাশ্র হন ৷ আর ছোট বউমা;—কি তাহার মনের বল, কি তাহার শ্রন্ধা-ভক্তি, কি তার অক্যায়ের প্রতিশোধ। হার! ভগবান, এমন হৃদয়ে এ কি শেল হানিয়াছ প্রভূ! তাঁহার মনে হইতে লাগিল, কি তাঁহার ছিল না—স্থরেন্দ্র মহেন্দ্রে মত ভাই, ছোট-বউমার মত ল্রাতৃজায়া আর হু-প্রভার মত পত্নী! অমন অদৃষ্ট কাহার! কিন্তু, কিছুই ত তাঁহার সহিল না। স্থরেক্ত — তাঁহার প্রাণের ভাই স্থরেক্ত সর্পাঘাতে জীবন বিসর্জন দিল ; তাঁহার দক্ষিণ হন্ত, স্থথ-তু:থের সঙ্গী মহেন্দ্র নিরুদেশ হইল ; আর অভাগিনী ছোট-বউমা—দেবী আজ কি মর্শ্বন্ত্রণাই ভোগ করিতেছেন। হায় দাদা। কেন তুমি এমন কাজ করিলে? কেন তুমি এই সংসারের মধ্যে এমন আগুন জালিয়া দিলে ? এতৈ থে সব বায়---সব বায় দাদা---সব বায়। তারক আর ঘরের মধ্যে বসিয়া থাকিতে পারিলেন না; বারাণ্ডায় গেলেন। বেলা তৎন প্রায় নয়টা। বারান্দার সম্মুখে নীতের উঠান দিয়া একজন চাকর কাছারীবাড়ীর দিকে যাইতেছিল। তারক তাহাকে ডাকিয়া, কর-মহাশ্যকে একবার বাড়ীর মধ্যে পাঠাইয়া দিতে বলিলেন। তাঁহার কথা শুনিয়া চাকরটা বলিল, "মেজবাবু, কর-মশাই ত কাছারীতে নেই!"

তারক বলিল, "তিনি কি আজ আসেন নাই ?"

চাকর বলিল, "তিনি এসেছিলেন, বড়ুরাব্র কাছে কর্মেই ইস্তফা দিয়ে বাড়ী চলে গেছেন।" তারক মাথায় হাত দিয়া সেই স্থানেই বসিয়া পড়িলেন।

26

বড়বাড়ীতে যে ভাইয়ে ভাইয়ে মনান্তর হইয়াছে, এ সংবাদ শাথা-পল্লবে স্থানেভিত হইয়া গ্রামে এবং নিকটবর্ত্তী অনেক স্থানে প্রচারিত হইল। এই প্রচারের মধ্যে যে মাধব-ঠাকুরের হাত ছিল, তাহা বলা বাহুল্য। গ্রামে প্রচার হইল যে, একটা দাসা-হাঙ্গামীপ্র আর বিলম্ব নাই; কার্ত্তিক ও তারক হই ভাই গোপনে লাঠিয়াল সংগ্রহ করিতেছেন; এমন কি তুই চারিজন সাক্ষ্য দিল যে, তাহারা পাটকেলবাড়ীর কাছারীতে পঞ্চাশ জন লাঠিয়াল দেখিয়া আসিয়াছে। কেহ বলিল যে, স্বরূপ কর চাকরীই ইস্তাহা দিয়া মেজবাবুর পক্ষাবলম্বন করিয়াছেন। একজন বলিল, "আমি স্বচক্ষে দেখিয়া আসিলাম, স্বরূপ কর থানার দারোগাবাবুকে স্পক্ষে স্থাখিবার জন্ম হাজার টাকার একটা তোড়া দারোগাবাবুকে দিলেন।" কেহ বলিল, "মল্লিক-বাবুদের সাহায্য প্রার্থনা করিবার ক্ষম্ম মেজবাবু লোক পাঠিয়েচেন।" বুজেরা সন্ধ্যা-আহিক ভূলিয়া

গিয়া দিব্যচক্ষে দেখিতে লাগিলেন যে, মা-সন্ধী মনোহরপুরের বড়বাড়ী পরিভ্যাগ করিয়া গেলেন। তবে তিনি যে কোন্ভাগ্যবানের গৃহে গেলেন, সে কথা কেহ নিশ্চিত বলিতে পারিলেন না। আকারে-ইঙ্গিতে কেহ জানাইলেন যে, এবার মাধব ঠাকুরের, পোয়া-বারো।

এত বড় ব্যাপারটা যথন দশ গ্রামের লোক শুনিল, তথন খ্যামপুরের নিতাই কুণু যে কানে ভূলা দিয়াছিল, এ কথা কেমন করিয়া সম্ভব হইতে পারে? নিতাই কুণু ব্যবসায়-বাণিজ্য করিয়া বিলক্ষণ চুই প্রসা সঞ্চয় করিয়াছে। এথন বুদ্ধ বয়সে আর কাজ কর্ম দেখিতে পারে না, নানা আড়তে ঘুরিতে পারে না, পূর্বের মত খাটিবার শক্তি নাই। একনাত্র পুত্র রাধাবলত কিঞ্চিৎ ইংরাজি লেখাপড়া শিথিয়াছে; স্বতরাং সে আর কেমন করিয়া আডতে বসিয়া মালপত্র কেনাবেচা করে। এই দমস্ত কথা চিন্তা করিয়া বৃদ্ধ নিতাই কুণু আড়তগুলি তুলিয়া দিয়াছে; আট দশখানি বড় বড় নৌকা ছিল, ত্যুত্ৰ বেচিয়া ফেলিয়াছে; দে নগদ টাকার কারবার করে এবং হুইবেলা হারিনাম করিতে করিতে স্থদের হিসাব করে ৷ বিনা-বন্ধকে বা মর্টগেজে সে প্রায় কাহাকেও টাকা ধার দেয়না; এবং টাকা আদায়ের সময় আধলা পয়সাও কাহাকে রেয়াত দেয় না। ও-অঞ্লের সকলেই বলিয়া থাকে যে, ভামপুরের নিতাই কুণু নিজেও এক প্রসা ঠকে না, কাহাকেও এক প্রসা ঠকার না।

এই নিতাই কুণ্ণুর নিকট হইতেই তারক বেশী স্থান নিজের হাতচিঠাতেই ত্রিশ হাজার টাকা ধার করিয়াছিলেন। মনোহর-পুরের বড়বাড়ীতে টাকা ধার দিবার সময় নিতাই কোন প্রকার মটগেজ লয় নাই; কারণ, সে জানিত,—তাহার টাকা মারা যাইবার কোন সম্ভাবনা নাই। কিন্তু যেদিন নিতাই কুণ্ডু শুনিল বে, তুই ভাইয়ে মনান্তর হইয়াছে এবং শীঘ্রই একটা দাঙ্গা-হাঙ্গামা হইয়া, একটা প্রকাণ্ড ফৌজদারী মামলা স্কুক্ন হইবে, তথন সে আর চুপ করিয়া থাকিতে পারিল না। এক-আধ শত টাকা নহে—ত্রিশ হাজার টাকা। বড়বাড়ীতে বিরোধ লাগিয়াছে; এ সব টাকা আদায়ের অবস্থা না করিলে সাত হাত জলের নীচে পড়িতে হইবে। অন্ত কোন খাতক হইলে টাকার তাগাদার জন্ত গোমস্তাকে পাঠাইত। কিন্তু এখানে ত গোমন্তা পাঠান যায় না, মনোহর-পুরের মিত্র বাবুরা বনিয়াদি ঘর, বড়মাতুষ, মানী-লোক: গোমস্তা হয় ত কি বলিতে কি বলিয়া ফেলিবে; শেষে কি নিতাই কুণ্ডু হটতে মানী-লোকের মান নষ্ট হইবে। বিশেষতঃ সে যে প্রকার সংবাদ পাইল, তাহাতে অবিলম্থেই একটা ব্যবস্থা করা বিশেষ প্রয়োজন, গোমস্তার দারা তাহা কিছুতেই হইতে পারেনা। এই সকল চিন্তা করিয়া বৃদ্ধ নিতাই কুণ্ডু নিজেই মনোহরপুর যাত্রা করা স্থির করিল।

মনোহরপুর ভামপুর হইতে তিন ক্রোশ পথ। পুত্র রাধাবল্লভ বথন শুনিল যে, তাহার পিতা মনোহরপুর বাইবেন, তথন সে বলিল, "বাবা, আপনি বুড়া-মানুষ; আপনি থাকুন, আমিই ঘাই।" নিতাই কুণ্ডু বলিল, "আরে, সেথানে গিয়ে কি তুমি তাঁদের সঙ্গেকথা বল্তে পারবে। আর শুন্ছো ত, তাঁদের ভাইয়ে-ভাইয়ে বোল 'লেগেছে। এই গোলের মধ্যে গিয়ে কি কাল গোছানো তোমার মত ছেলেমানুষের কাল। অনেক বৃদ্ধি থরচ করতে হবে। তোমার গিয়ে কাল নাই, আমিই যাই!" রাধাবল্লভ

বলিল, "তাহ'লে একখানা পাকী আনতে পাঠান। বড়মান্থবের বাড়ী যেতে হবে, পথও তিন ক্রোশ।" নিতাই হাসিয়া বলিল, "তাহ'লেই তুমি আমার কারবার রক্ষে করেছ। ওরে বাবা, তোমার মত বয়সে আমি এক চোটে চোদ্দ ক্রোশ পথ হেঁটেছি। এমন দিন যায় নাই, যে চার-পাঁচ ক্রোশ পথ না চলেচি—তা কেবা জানে তুপুর-রাত্রি আর কেবা জানে ঝড়-রৃষ্টি। আজ বুড়ো হয়েছি বলে কি এই তিন ক্রোশ পথ চল্তে পার্ব না? এত কষ্ট করে তবে এই সামান্য যা কিছু করেছি। এই, বেলাটা একটু গড়ালেই রওনা হব; চার-পাঁচটার মধ্যেই মনোহরপুর যাব; আর দেখানকার ব্যবস্থা করে, এই চার দণ্ড এক প্রহর রাত্রের মধ্যেই বাড়ী এসে পড়ব; গাড়ী-পালকী চড়লে কি আমাদের ব্যবস্থা চলে।" রাধাবল্লভ আর কথা বলিল না।

নিতাই কুণ্ড় বেলা একটার সময় যাত্রা করিয়া তিনটার পরই মনোহরপুরে উপস্থিত হইল। তাহার একবার মনে হইল যে, অন্ত কোন বাড়ীতে যাইয়া উপস্থিত অবস্থাটা বিশেষ করিয়া জানিয়া লইয়া তাহার পর বড়বাড়ীতে যাইবে; কিন্তু তাহা হইলে বিলম্ব হইয়া যাইতে পারে। এই ভাবিয়া দে একেবারে বড়বাড়ীতে গিয়া উঠিল। কার্ত্তিক ও মাধব-ঠাকুর তথন কাছারী-যরের বারান্দায় বসিয়াছিলেন। নিতাই কুণ্ডু সেই বারান্দায় উঠিতেই কার্ত্তিক বলিলেন, "আরে এস, কুণ্ডু-মশাই, এস।" নিতাই তথন প্রথমে বড়বাবুকে নমস্কার করিয়া পরে মাধব-ঠাকুরকে প্রণাম করিল এবং ঠাকুরের দিকে একটু বক্রদৃষ্টি করিয়া কার্ত্তিকের দিকে মুথ ফিরাইয়া দাঁড়াইল। কার্ত্তিক ধলিলেন, "কুণ্ডু-মশাই, ঐ বেঞ্চিখানার উপর বোস। বাড়ীর সব

কুশল ত ?" নিতাই বলিল, "আপনাদের আশীর্কাদে এক-রকন প্রাণগতিক।"

কার্ত্তিক বলিলেন, "তার পর, আজ হঠাৎ কি মনে করে উপ-স্থিত?" এই বলিয়াই তিনি মাধব-ঠাকুরের দিকে একটা অর্থপূর্ণ দৃষ্টি করিলেন; মাধব-ঠাকুর চক্ষু টিপিয়া কি যেন ইঞ্চিত করিল।

নিতাই বলিল, "একটা প্রয়োজনে আপনার কাছে এসেছি !" কার্ত্তিক বলিলেন, "এমন কি প্রয়োজন পড়ল যে তুমি বুড়ো-মান্থব এই তিন ক্রোশ পথ হেঁটে এলে ?"

নিতাই কেমন করিয়া যে কথা আরম্ভ করিবে, তাহা ুবেশ ভাল করিয়া ভাবিয়া উঠিতে পারিল না। রাস্তায় আসিতে আসিতে যাহা স্থির করিয়া আসিয়াছিল, তাহা ভূলিয়া গেল। বিশেষ মাধব-ঠাকুর যে এ সময়ে উপস্থিত থাকিবে, নিতাই তাহা মনে করে নাই। সে একটু চিম্ভা করিয়া বলিল, "বড়বাবু, আমার টাকাগুলির কি ব্যবস্থা হবে, তাই আপনার কাছে জান্তে এসেছি।"

কার্ত্তিক কথা বলিবার পূর্ব্বেই মাধব-ঠাকুর বলিয়া বসিল, "কোন্ টাকার কথা বল্ছ কুণ্ডুর-পো?"

নিতাই বলিল, "সে তুমি জান না ঠাকুর!" এই বলিয়াই কাার্ত্তককে বলিল, "বড়বাবু, অনেকগুলি টাকা—একটু ভাল রকম পাকা কথার দরকার।"

কার্ক্তিক মাধব-ঠাকুরের এক কথাতেই তাহার ইন্ধিত বুঝিয়া লইয়াছিলেন। তিনি বলিলেন, "কোন্ টাকাটার কথা কুণ্ডু-মশাই?"

নিতাই কুণ্ডু এই প্রশ্ন শুনিয়াই আসল মতলবটা বুঝিয়া

ফেলিল; দে অতি ধীরভাবে বলিল, "এই সেদিন মামলা উপলক্ষে
আপনারা যে ত্রিশ হাজার টাকা নিয়েছেন।"

কার্ত্তিক বলিলেন, "আমরা? কৈ আমি ত তোমার কাছে যাই নাই; আমি টাকা ত নিই নাই।"

মাধব ঠাকুর বলিল, "তা হ'লে কুণ্ণুর-পো, তুমি 'আপনারা' কথাটা বল্লে কেন ?"

নিতাই একটু রুক্ষরে বশিল, "ঠাকুর, তুমি কথা বল্তে আস্ছ কেন? তোমার সঙ্গে ত আমি কথা বল্ছি নে।" কার্ত্তিককে সে বলিল, "বড়বাবু, আমি ত জানি, যে আপনি, সেই মেজবাবু; মেজবাবু নিলেই আপনার নেওয়া হয়। সরকারী-কাজের জন্ম যিনিই নেন, তাই সরকারী নেওয়া—এই ত জানি, আর এই জেনেই ত টাকা দিয়েছি।"

কার্ত্তিক বলিলেন, "আমার ঘরে কি টাকা ছিলনা, যে তোমার কাছে ধার কর্তে হবে ?"

নিতাই বলিল, "বড়বাবু, মনে কিছু করবেন না; আপনার মুখে যে এ কথা শুন্ব, তা জেনেই আমি এসেছি। বিশেষ, এখানে যথন দেখলাম, মাধব ঠাকুর বসে আছে, তথনই সব বুঝে ফেলেছি! আমরা বাবু, এক কথার মানুষ; এক কথার টাকা দিই, এক কথার আদার করি। আপনাকে সোজা কথার জিজ্ঞাসা করিছ, আপনি কি এ টাকা দেবেন না?"

কার্স্তিক বলিলেন, "আমি ত তোমার কাছে টাকা ধার করি নাই, হাতচিঠায়ও সই করি নাই যে, আমি টাকা দেব। যে টাকা নিয়েছে, তার কাছ থেকে আদায় কর গে। আমি ও-টাকার জন্ত দায়ী নই। যে টাকা নিয়ে বাক্সে তুলেছে, সেই শোধ দেবে।" কার্ত্তিকের মুখে এই কথা শুনিয়া নিতাই কুণ্ডু বড়ই বিষণ্ণ হইল! তথন স্থযোগ পাইয়া মাধ্ব-ঠাকুর বলিন, "কুণ্ডুর-পো, আর ভেবে কি করবে, তোমার টাকা আদায় অনেক দূর।"

নিতাই এ বিজ্ঞপ নীরবে সহ্ করিতে পারিল না; সে অতি কর্কশ-স্বরে বলিল, "মাধব-ঠাকুর, টাকার জন্ম আমি ভাবছি নে; বড়বাড়ীর মিত্তিরদের যথন টাকা ধার দিয়েছি, তথন টাকা আমি পাবই, সে বিশ্বাস আমার আছে। আমি কি ভেবে কাতর হয়েছি শুন্বে? বড়বাবু কিছু মনে করবেন না; আমার বড় গরব ছিল যে, আমি খুব লোক চিনি; আজ আপনার কথা শুনে আমার সেই গরব নপ্ত হয়ে গেল,—এই ভেবেই আমি কাতর হয়েছি! মনোহরপুরে মিত্তিদের ছেলের মুথে এমন কথা শুন্ব, এ আমি কোন দিন ভাবিনি। যাক্ সে কথা; আমাকে এথনই বাড়ী ফিরে যেতে হবে! বড়বাবু, দয়া করে একবার মেজ-বাবুকে ডেকে দিন, তাঁর মুথের কথা শুনে যাই; তার পর যা হয় সে দেখব।"

কার্ত্তিক তথন একজন চাকরকে ডাকিয়া মেজবাবুকে সংবাদ দিতে বলিলেন; এবং নিতাই কুণুর দিকে চাহিয়া বলিলেন, "কুণু-মশাই, একটু চাপাচাপি করে ধরলেই টাকাটা পেয়ে যাবে; টাকা ওর কাছেই আছে, বুঝ্লে? চরের মামলায় যা থরচ হয়েছে, সে টাকা আমার ঘরেই ছিল।"

নিতাই কুণ্ডু বলিন, "বড়বাবু, থবর আপনার চাইতে আমি বেশী জামি। মল্লিক-বাবুরাও আমার কাছ থেকে টাকা নিয়ে ছিলেন"; কার কত থরচ হয়েছে, সে আমার বেশ জানা আছে।"

মাধব-ঠাকুর বলিল, "মল্লিকরা তোমার কাছ থেকে কত টাকা - নিয়েছে কুণ্ডুর-পো?" নিতাই বলিল, "তুমি ত আচ্ছা লোক হে! তোমাঞে দে কথা বল্তে গেলাম কেন? তারা কি সে দেনা রেখেছে,—সব টাকা মায় স্থদ শোধ করে দিয়ে গিয়েছে—পনর দিনও রাখে নাই। এঁরাও শোধ দিতে পারতেন; তবে তুমি যখন এসে স্কন্ধে তর করেছ মাধব, তখন আর বড়বাড়ীর মঙ্গল নেই! মল্লিক-মহাশয় ব'লে পাঠিয়েছেন যে, আমি যেন কিছু টাকার যোগাড় রাখি; তাঁরা শীগ্গিরই মিভিরদের জমিদারী কিন্তে পার্বেন। কথাটা তখনই আমি ব্যাতে পেরেছিলাম; আজ তোমাকে এখানে দেখে আরু আমার সন্দেহ রইল না। বড়বাড়ীর জমিদারী মলিক-বাবুদেরই হাতে যাছে।"

নিতাই কুণ্ডর মুথে এমন কথা শুনিয়া কার্ন্তিকের চক্ষু রক্তবর্ণ হইল। তিনি কি বলিতে যাইতেছিলেন; কিন্তু তাঁহার আর কিছুই বলা হইল না, কাছারীর প্রাঙ্গণে তারককে দেখিয়া তিনি নীরব হইলেন। তারক ধীরে-ধীরে কাছারী-ঘরের নিকটে আসি-লেন। বারান্দায় না উঠিয়া, নীচে দাঁড়াইয়াই বলিলেন, "কুণ্ডু-মশাই আমাকে ডেকেছেন?"

তারককে আসিতে দেখিয়াই নিতাই কুণ্ণু উঠিয়া দাঁড়াইয়া-ছিল। সে তথন নমস্বার করিয়া বলিল, "মেজবাব্, একটা কথা আছে; আপনি উপরে উঠে আস্কন।"

তারক বলিলেন, "আপনার কি কথা বলুন, আমি এখান থেকেই শুন্ছি।" এই কথা শুনিয়া নিতাই কুণ্ডু বারান্দা হইতে নীচৈ নামিয়া গিয়া বলিল, "নেজবাবু, সেই ত্রিশ হাজার টাকার জন্ম এসেছিলাম। তা বড়বাবু বল্লেন যে, সে টাকা সরকারী খরচের জন্ম নাকি নেওয়া হয় নাই, সে টাকা আপনিই নিয়েছেন; আপনাকেই—"

নিতাই কুণ্ডুর কথায় বাধা দিয়া তারক বলিলেন, "সে কথা ঠিক, কুণ্ডু-মশাই! টাকাটা, আমিই নিয়েছি, আমিই থরচ করেছি। দাদা ত সে টাকা নেন নি, তিনি থরচও করেন নাই। আপনার টাকাটা আমিই শোধ দেব। তবে দয়া করে আমাকে এক মাসের নিতান্ত না হয় পনের দিনের সময় দিতে হবে। এই সময়ের মধ্যে আমি যেমন করে হোক, টাকা শোধ করে দেব। আপনি কি আমার এ কথার উপর নির্ভির করতে পারবেন না?"

নিতাই কুণ্ডু অবাক্ হইয়া গেল। তাগার স্থানীর্ঘ জীবনকালে সে অনেক লোক দেখিয়াছে, অনেক লোকের সঙ্গে কারবার, লেনদেন করিয়াছে; কিন্তু এমন মাস্থ্য ত সে কথন দেখে নাই! সে বিস্থা-বিমুগ্ধ হইয়া মেজবাবুর মুখের দিকে চাহিল; দেখিল, ভাঁহার সন্মুখে যিনি দাঁড়াইয়া আছেন, তিনি মাস্থ্য নন—দেবতা।

নিতাই কুণ্ডু একটু চুপ করিয়া থাকিয়া বিশায় দমন করিল। তাহার পর বলিল, "মেজবাবু, এক মাস কেন, আপনার বতদিন ইচ্ছা, ততদিন পরে টাকা দেবেন। নিতাই কুণ্ডু আপনার কাছে আর টাকার তাগাদায় আস্বে না! যথন পারেন—যা পারেন আপনি, তাই দিয়ে আস্বেন। আমি সেই টাকা নিয়েই আপনার হাতচিঠা শোধ করে দেব।"

তারক বলিলেন, "না কুণ্ডু মশাই, অত দিন লাগ্বে না; আমি প্রনর দিনের মধ্যেই মায় স্থদ সমস্ত টাকা দিয়ে আদ্ব। টাকা ত দাদা নেন নি, কুণ্ডু-মশাই, আমি নিয়েছিলাম। তাহ'লে আমি আদি; আপনি নিশ্চিম্ভ থাক্বেন, আপনার টাকা আমি এই সময়ের মধ্যেই দিয়ে আদ্ব।" এই বলিয়া কাতর-নয়নে একবার কার্তিকের দিকে চাহিয়া, দৃঢ়পদবিক্ষেপে প্রাক্ষণ পার হইয়া তারক

৮৮ বড়বাড়ী

বাড়ীর মধ্যে চলিয়া গেলেন। কাছারীর সমস্ত লোক নির্ব্বাক হইয়া তারকের দিকে চাহিয়া রহিল, কাহারও মুখ দিয়া একটা কণাও বাহির হইল না।

নিতাই কুণ্ডুই প্রথমে এই নিস্তক্কতা ভক্ষ করিল। সে বলিল, "মাধব আমার গরব ঠিক আছে; আমি মালুষ চিনি। বড়বাব্, এমন ভাইয়ের সঙ্গে গোলমাল করতে বসেছেন,—ভাই না দেবতা। কলিয়্গে এমন ত দেখি নাই—শুনিও নাই। বড়বাব্, আমি বড়ামালুষ, আপনার বাপের বয়সী লোক। আমি বল্ছি, মেজবাব্র চোথ দিয়ে যদি এক কোঁটা জল পড়ে, তা হ'লে আপনাদের মঙ্গল হবে না। টাকা যে কিসে খরচ হয়েছে, তার প্রত্যেক দফার কথা আমি মল্লিক-মহাশয়ের কাছে শুনেছি। মেজবাব্ এমন ক'রে টাকা খরচ না করলে আপনাকে এতদিন জেলে খাক্তে হোতো। তারই এই প্রস্কার! হায় রে কলিকাল!" এই বলিয়াই বৃদ্ধ নিতাই কুণ্ডু চলিয়া যাইতে উত্তত হইল।

নাধব-ঠাকুর রহস্ত করিয়া বলিল, "ও কু ওর-পো, আবরে রাগের চোটে যে যাওয়ার সময় একটা প্রণাম কি নমস্কারও কর্লে না ?"

নিতাই কুণ্ডু ফিরিয়া দাঁড়াইয়া বলিল, "গোলোক কুণ্ডুর ছেলে নিতাই কুণ্ডু তোমাদের মত বামুন কায়েতকে চণ্ডালেরও অধম মনে করে" বলিয়া ক্রতপদে চলিয়া গেল। বড়বাড়ীর কর্ত্তা প্রবল প্রতাপান্থিত মহামহিম জমিদার শ্রীকার্ত্তিকচন্দ্র মিত্র একটী কথাও বলিতে পারিলেন না। অন্দর-নহলের দোতালার যে ঘরে তারক শয়ন করেন,
সেই ঘরের পশ্চিম দিকের জানালা খুলিলে কাছারী-ঘর এবং
কাছারীর সম্মুথের অঙ্গন বেশ দেখিতে পাওয়া যায়। তারক
যথন কুঙু-মহাশয় ডাকিতেছেন শুনিয়া বাহিরে গেলেন, স্প্রভা
তথন শয়ন-ঘরের একটা জানালা উন্মুক্ত করিয়া দাড়াইয়া কাপিয়া
উঠিতে লাগিলেন। তিনি সেইখানে দাড়াইয়া মনে মনে ভগবান্কে
ডাকিতে লাগিলেন, "হে ভগবান্, এই বিপদে তুনি রক্ষা করিও,
উনি যেন কোন গোল না করেন। হে মা কালী, এই সময়ে
ভব বুকে বল দিও, উনি যেন অপমানে জ্ঞানশৃন্ত না হ'ন।"

স্প্রভা দেখিলেন, তারক কাছারী-ঘরের' বারান্দার সন্মুথে যাইয়া দাড়াইলেন, বারান্দায় উঠিলেন না। তাহার পর কিকথাবার্ত্তা হইতে লাগিল। কেহ চীৎকার করিয়া কথা বলিলে স্প্রভা যেথানে দাঁড়াইয়াছিলেন, সেখান হইতে শুনিতে পাওয়া যাইত; কিন্তু যে কথাবার্ত্তা হইল, তাহা উচ্চৈঃস্বরে হইল না, অতি ধীরে হইতে লাগিল। স্প্রভা কোন কথাই শুনিতে পাইলেন না, কিন্তু তাঁহার ভয় কমিয়া গেল; তিনি বুঝিতে পারিলেন যে, কোন প্রকার ঝগড়া-বিবাদ হইতেছে না। তিনি আরও দেখিলেন যে, কার্ত্তিক কোন কথাই বলিতেছেন না, তিনি নীরবে বসিয়া আছেন। তাহার পরই তারক যথন অন্বরের দিকে ফিরিয়া আসিতে লাগিলেন, তথন কুণ্ড্-মহাশয় একটু উচ্চেঃস্বরে যে কথা কয়টি বলিলেন, তাহা স্প্রভা বেশ শুনিতে পাইলেন। সে

কথায় তাঁহার প্রাণ জ্ড়াইরা গেল; তিনি বুঝিতে পারিলেন, তাঁহার স্বামী দেবতার মত সমস্ত সহ্ করিয়াছেন এবং কুড়-মহাশয়ও তাঁহার কথায় পুব সন্তই হইয়াছেন। তিনি তথন করযোড়ে বলিলেন, "হে ভগবান, হে বিপদ্ভপ্তন, আজ তুমি যেমন দয়া করিয়া আমাদিগকে এই বিপদে রক্ষা করিলে, এই রূপা যেন চিরদিন থাকে প্রভূ! আজ আমরা বড়ই বিপন্ন!" তাঁহার ত্ই চক্ষ দিয়া অঞ্চ গড়াইয়া পভিতে লাগিল।

সেই সময় রঞ্জিণী কোথা হইতে আসিয়া সেই ঘরে প্রবেশ করিয়া দেখে যে, স্প্রভা করবোড়ে দাঁড়াইয়া কাঁদিতেছেন। সেতথন দৌড়াইয়া স্প্রভার নিকট যাইয়া তাঁহার হাত ধরিয়া বলিল, "মেজদিদি! ও কি ? তুমি কাদ্ছ কেন? কি হয়েছে ? মেজঠাকুর কোথায় গেলেন? কি হয়েছে দিদি, সামাকে বল।"

স্প্রভা রঙ্গিণীকে বুকের মধ্যে জড়াইয়া ধরিলেন; তথন তাঁহার কথা বলিবার শক্তি ছিল না। রঙ্গিণী কিছু বুঝিতে না পারিয়া আরও কাতর হইয়া বলিল, "ও মেজদিদি, কি হয়েছে আমাকে বল না ? আমার যে ভয় করছে।"

স্প্রতা আর নীরব থাকিতে পারিলেন না; "কিছু হয় নি বোন! মেজবাব্ যার কাছ থেকে টাকা ধার করেছিলেন স্থামপুরের সেই কুণ্ণু এসেছিল; মেজবাব্ তার সঙ্গে দেথা করতে গিয়েছেন।"

রঙ্গিণী বলিল, "তাতে কি হয়েছে? সে কি আর পেয়াদা দিয়ে ধ'রে নিতে এসেছে। টাকা পাবে দিলেই হোলো। তাতে আর এত ভয় কি ?"

স্থাভা বলিলেন, "টাকার জন্ম ভয় নয়। কাছারীতে

বড়বাড়ী ৯১

বড়ঠাকুর বসে আছেন, সেই মাধব-ঠাকুর আছে, আর কুণ্ডু আছে।"

"সত্যি না কি ?" বলিয়া রন্ধিণী তাড়াতাড়ি জানালার নিকট গেল; একবার দেখিয়াই ফিরিয়া বলিল, "কৈ দিদি, মেজঠাকুর ত কাছারীতে নেই; তাঁকে ত দেখ্তে পাচ্ছিনে? তিনি কোথায় গেলেন দিদি ?"

স্প্রভা বলিলেন, "তিনি ফিরে এসেছেন। এখনই উপরে আস্বেন।" "তা হ'লে আমি বাই" বলিয়া রঞ্জিণী বাইতে উল্লত হইল। স্থপ্রভা তাহাকে বাধা দিয়া বলিলেন, "না, তুই , এখানেই থাক্। তিনি এসে ও-ঘরে বস্বেন; কি কথা হোলো তা তু'জনেই তাঁর মুখে শুন্তে পাব।" এই কথা শেষ হইতে না হইতেই তারক সেই ঘরের সমুখে আসিয়া দাঁড়াইলেন। স্থপ্রভা বলিলেন, "চল, আমরা পাশের ঘরে বাই, এ ঘরে ছোটবউ রয়েছে।" তারক আর পাশের ঘরে বাইতে পারিলেন না; তাঁহার হৃদয় অবসম হইয়াছিল, তাঁহার ব্ক ফাটিয়া কায়া আসিতেছিল। অতি কপ্রেকাল সংবরণ করিয়া তিনি এই পথটুকু আসিয়াছিলেন। স্থপ্রভাকে দেখিয়াই তাঁহার এতক্ষণের সংযম ভাঙিয়া গেল; তিনি বালকের স্থায় ক্রন্দন ক্রিতে করিতে সেইখানে বসিয়া পড়িলেন।

ু স্থাতা তাঁহার নিকটে বসিয়া বলিলেন, "ছি, তুমি অমন করে কাঁদছ কেন? কি হয়েছে, কি করে এলে বল। কেউ কি তোমায় কোন অপমানের কথা বলেছে ?

তারক অতি কটে ক্রন্দন সংবরণ করিয়া একটা দীর্ঘনিখাস ফেলিয়া বলিলেন, "অপমান করলে ত ভালই হত।"

স্থ্পভা বলিলেন,—"বড়ঠাকুর কিছু বলেছেন ?"

তারক বলিলেন,—"না, তিনি একটা কথাও বলেন না; তিনি মুখ ভার ক'রে বসে রইলেন। আমার দাদা—একটা কথাও বলেন না। তিনি যদি আমাকে ত্'লা মারতেন, তা হ'লেও কপ্ট হোত না। তা না ক'রে নিতাই কুণ্ডু আর মাধব-ঠাকুর তাঁর হ'য়ে কথা বললে।"

স্প্রভা বলিলেন,—"কি কথা হোলো?"

তারক বলিলেন, "কুণু বুলিল যে, দাদা বলেছেন, তিনি ও-টাকা ধারেন না; সরকারী কাজে ও-টাকা থরচ হয় নাই; আমিই টাকা নিয়েছি, আমাকেই দিতে হবে। আমি তাতে বললাম, কথা ত ঠিক; টাকা আমি নিয়েছি, দাদা ত নেন নি। ও-টাকা আমিই শোধ দেব। আমিই নিতাই কুণ্ডুর কাছে পনের দিন সময় নিযেছি। নিতাই বলে গেল যে, আমার যথন স্থাবিধে হবে, তথনই সে টাকা নেবে। এমন কি আমার উপর দরা কবে বললে বে, আমি যদি সব টাকা না দিতে পারি, যা আমি দেব তাতেই নিতাই হাতচিঠা শোধ করে নেবে,— মামাকে রেচাই দেবে—মামাকে ভিকা দেবে স্প্রপ্রা—ভিক্ষা দেবে ! যে ভিক্ষা আমার দাদ৷ দিতে পারলেন না-সে সেই অন্ত গ্রহ করে গেল। দাদা আমাকে বিশ্বাস করেন না-আমাকে চোর মনে করেছেন; কিন্তু যার সঙ্গে আমার সম্পর্ক নেই, যে আমাকে সামান্তই চেনে, সেই নিতাই আমাকে বিশ্বাস করলে। স্থপ্রভা, স্বাই মিলে আমাকে অবিশ্বাস কর্লেনা কেন ? স্বাই আমাকে চোর বল্লে না কেন ? আমি যে এ যন্ত্রণা সইতে পারছি না। যাঁর কাছে দয়া, অমুগ্রহ, স্নেহ পাবার দাবী করতে পারি, তিনি আমার মুখের দিকে চাইলেন না,—চুপ করে রইলেন—আর নিতাই কুণ্ডু আমাকে দয়া করে গেল! তার কাছে আমাকে অন্তগ্রহ প্রার্থনা করতে হ'ল—দাদার সম্মুখে।"

তারক যথন কথা বলিতেছিলেন, তথন রঙ্গিণী ঘরের মধ্যে দাঁড়াইয়া এক-একটী কথা শুনিতেছিল, আর রাগে গর্জিতেছিল। কিন্তু কি করিবে, বাহিরে আদিবার যে। নাই, চেঁচাইয়া রাগ মিটাইবার যে। নাই। অবশেষে তারক যথন চুপ করিলেন, তথন রঙ্গিণী আর স্থির থাকিতে পারিল,না। স্থপ্রভা দারের পার্শে দেওয়ালে ঠেদ দিয়া বিদিয়াছিলেন, রঙ্গিণী দারের অপর দিক্ হইতে হাত বাড়াইয়া স্থপ্রভাব অঞ্চল ধরিয়া টান দিল। স্থপ্রভা ফিরিয়া চাহিতেই রঙ্গিণী হাত-ছানি দিয়া তাঁহাকে ডাকিল। স্থপ্রভা বলিলেন, "একটু দাঁড়া, উনি স্থন্থ হ'লে যাছিছ।" রঙ্গিণী দে কথা না শুনিয়া আবার অঞ্চল ধরিয়া টানিল। স্থপ্রভা তথন অগত্যা ঘরের মধ্যে গেলেন।

রিজণীর আর লজ্জা-ভয় ছিল না; বাহিরেই তারক বসিয়া আছেন, জোরে কুথা বলিলে তিনি শুনিতে পাইবেন, এ ভাবনাই তাহার মনে আসিল না। সে বিশিন, "মেজদি! এ সব কি হ'ছে? এমন করে কি চলে? অক্যায় করলে তার সাজাটি পেতেই"—

সুপ্রভা তাহার মুখ চাপিয়া ধরিয়া বলিলেন, "ছি ছি, রঙ্গিনী, তুই ও কি বল্ছিস। বড়ঠাকুরকে অমন কথা বল্তে আছে—
চূপ করী।"

 বল্লেন না কেন—নিতাই কুণ্ডুর কাছে টাকা নিয়ে মামলা না চালালে যে জেলে যেতে হ'ত? উচিত কথা ভগবান্কে বলা যায়। উনি যত সয়ে যাচ্ছেন, বড়ঠাকুরের ততই তেজ বাড়ছে। 'টাকা দেব না';—দেব না বল্লেই অম্নি হলো? মেজঠাকুর কেন বল্লেন না 'কুণ্ডু, নালিশ করে দাও; যার দেনা হবে দেই দেবে।' আমি যদি হতাম, তা হ'লে—যাক্ গে সেকথা। এখন উনি ত পন্র দিনের মধ্যে টাকা দেবেন বলে এসেছেন; টাকার কি করা যাবে?"

স্থাতা বলিলেন, "তুই অমন করে রেগে গেলি কেন? তুই চুপ করে থাক্ না? উনি আছেন, আমি আছি, যা হয় করব। তোর—"

রঙ্গিনী রাগিয়া বলিল, "তোমরা ত স্বই করবে! শুধু দাদা— আর বড়ঠাকুর!"

এত কষ্টেও তারক হাসিয়া ফেলিলেন; বলিলেন, "ওগো ছোট বউমাকে জিজ্ঞাসা কর, উনি কি বলেন?"

স্থাভা বলিলেন, "শুন্লি! একটু ছোট করেই কথা ক'। ভাসার বলেও লজ্জানেই ? তুই হলি কি ?"

রঙ্গিণী বলিল, "আমার ভাগ্নরের মত ভাগ্নর যদি ভোমার থাক্ত, তা হলে ভূমিও এমনি কথাই বল্তে। ওঁকে অপমান করবে, আর আমরা কানে শুনে চুপ করে থাক্ব, কেমন ?"

স্থপ্তভা বলিলেন, "তা হ'লে ভূই বলিস্ কি ? তিন জনে মিলে কোমর বেঁধে ঝগড়া কর্তে যাব নাকি ?" '.

রক্ষিণী বলিল, "মেজদিদি! আমার যদি সে দিন থাক্তে, তা হ'লে দেখতে আজ আমরা কোমর বেঁধে ঝগড়া করতেই যেতাম। তা হ'লে কি আর তোমার পায়ে ধরতে আসি ? তা হ'লে কি মেজঠাকুরকে কেউ অপমান ক'রে পার পেয়ে যেত ?—এতক্ষণে যে আগুন জলে উঠত !"

স্থপ্রভা বলিলেন, "আর সেই আগগুনে মিত্তিরদের বড়বাড়ী ছারথার হয়ে যেত। তুই কি তাই চাদ্ রঙ্গিণী?"

রঞ্জিণী রাগিয়া বলিল, "আমি চাই আর না চাই, তুমি আমাকে ছেলেমান্ত্রই বল, আর বদ্-রাগীই বল, আমি বেশ দেখ্তে পাচ্ছি, মনোহরপুরের বড়বাড়ীতে আগুন লেগেছে। এ আগুন নেবাবার সাধ্য কারও নাই। তুমি আর মেজঠাকুর যত চেপ্তাই কেন কর না, যত অপমান কেউ সহ্ কর না—বড়বাড়ী গিয়েছে। এমন অবিচার যে বাড়ীতে চুকেছে, ভাইয়ের উপর ভাইয়ের এত অবিশ্বাস, এত হিংসা যে বাড়ীতে হয়েছে সেবাড়ীর কিছুতেই মঙ্গল নেই — আমি বলে রাথ্ছি।"

স্প্রভা বলিলেন, "তা ত শুন্লাম, এখন আমাদের কি করতে হবে তাই তুই বল্ ত—তোর মনের কথা কি ?"

রঞ্জিণী বলিল, "আমার ইচ্ছে কি, তাই বল্ব—শুন্বে? সে দিন তোমাকে বলেছিলাম যে, তোমাতে আর আমাতে মিলে টাকা শোধ করে দিই—কেমন? আজ আর আমি তা বল্ছি নে। আমাদ কথা যদি শোন, তা হ'লে এই জমিদারীতে, এই কারবারে আমাদিক যে অংশ আছে, সব বেচে ফেল; সেই টাকা দিয়ে কুণ্ডুদের ধার শোধ করে, চল—আমরা এ পাপপুরী ছেড়ে চলে ঘাই। বিখানে-সেধানে গিয়ে আমরা কুড়ে বেঁধে থাকব, দিন গোলে শাক-ভাত থাব সেও ভাল, কিন্তু এ জমিদারী, এ বাব্গিরি আর নয়। এ কথা কেন বল্ছি জান? মনের যথন অমিল হয়েছে, তথন শুধু এই টাকা দিলেই তা থামবে না মেজদিদি! কিছুতেই থামবে না। এই শুধু আরম্ভ। এখন আমি যা বশ্লুম, তাই কর।"

স্প্রভা বলিলেন, "বোন, এ ভিটে, এ বড়বাড়ীর মারা কেমন করে ছাড়তে আমি ওঁকে বল্ব ? এ যে নিভিরদের সাত-পুরুষের ভিটে।"

তারক এতক্ষণ বাহিরে বসিয়া সমস্তই শুনিতেছিলেন;
কেইই ত ছোট করিয়া-কথা বলেন নাই। এইবার তারক
কথা বলিলেন; কহিলেন, "ঠিক কথা, ছোট-বউমা ঠিক কথা
বলেছেন—খুব পাকা কথা বলেছেন। যে আগুন জলেছে, এতে
মিত্রবংশ ছারখার হয়ে যাবে—কিছুই থাকবে না।—কিছুনা—
কিছু না!, ঠিক কথা—এই আগুন ভাল করে জলবার পূর্বেই
আমাদের পালাতে হবে—আমাদের দ্রে গিয়ে দাঁড়াতে হবে।
নিবিয়ে দেবার সাধ্য আমার হবে না। আমি দাদার পায়ে ধরে
কাঁদলেও আগুন নিববে না। নইলে দাদা কি এরূপ হন! বউমা
ঠিক বলেছেন—জমিদারীর জংশ বেচেই ধার শোধ করে, আমার
এই সাধের বড়বাড়ী—আমার পৈতৃক বাসভূমি মনোহরপুর, আমায়
ছেড়ে যেতে হবে। ঠিক কথা—আর বিলম্ব নয়।" এই বলিয়াই
ভারক উঠিয়া দাঁড়াইলেন।

স্প্রপ্রভা তাড়াতাড়ি বাহিরে আসিয়া বলিলেন, "বেশ ত বিষয় বেচতে হয়, তাই করা যাবে। তুমি এখন স্থির হয়ে বস। ভেবে-চিন্তে, জ্বেনে-শুনে, শেষে যা হয় করা যাবে।"

ভারক উন্মাদের স্থায় বলিলেন, "না, না, অনেক ভেবেছি, অনেক চিন্তা করেছি,—এ বাড়ী আর রক্ষা হয় না। এখানে বড়বড়ো

হিংসা-ছেষ ঢুকেছে। এখানে ভাইয়ের বুকে ভাই ছুরি মারতে দাঁড়িয়েছে। এখান থেকে যত শীঘ্র পারা যায়, বেরিয়ে যেতেই হবে! আমি অনেক সয়েছি—আর না; সব বেচে চলে যাব। কেউ যেন না বলতে পারে, মনোহরপুরের বড়বাড়ীর তারক মিত্র তার দাদার সঙ্গে বিবাদ করেছে, দাদাকে অক্সায় কথা বলেছে। এই আমার যথেষ্ট! এই আমার যথেষ্ট!"

20

তারক তথনই বাড়ী হইতে বাহির হইবার জন্ম প্রস্তুত হইয়াছিলেন: কিন্তু স্প্রভা অনেক বলিয়া-কহিয়া তাঁহাকে শান্ত করিলেন। সন্ধার পর স্থপ্রভা তারককে বলিলেন, "দেখ, নিজের বিবেচনায় এতদিন যাহা করিয়াছ, তাহাতে সকলেই তোমার প্রশংসা বই নিন্দা করিতে পারে নাই। এমন অবস্থায় পড়লে অনেকেরই মাথা ঘুরিয়া যায়, একটা বিবাদ ঘটিয়া উঠে; কিন্তু তুমি এত অপমান সঁহ করেও বিবাদ হ'তে দেওনি। কিন্তু এখন যা করতে চাইছ, তাতেও ভাল লোকের পরামর্শ লওয়া দরকার। · আমরা সামাক্ত স্ত্রীলোক; আমরা কি বুঝি। তোমারও এথন যে রকম্মনের অবস্থা হয়েছে, তাতে ভূমিও ঠিক বল্তে পার না যে, ভূমি যা ঠিক করেছ, তা উচিত হয়েছে। আমি বলি কি, ভূমি একবার কুর-কাকার কাছে যাও। তিনি থাঁটি লোক; আর - তিনি € মাকে খুব ভালবাদেন। তাই যদি না হবে, তা হ'লে তিনি রাপ করে এতকালের চাকরী ছেড়ে দিয়ে চলে যেতেন না। তিনি বুড়া মাহুষ; তোমার বাপের মত। তাঁকে জিজ্ঞাসা কর, তিনি যা বলবেন, তাই তুমি করো। এখনই একবার তাঁর কাছে যাও।"

তারক বলিলেন, "আমিও সেই কথা ভাবলাম। কর-কাকার কাছেই যাই। এ বিপদে তিনিই আমাদের একমাত্র ভরসা।"— এই বলিয়া তারক কর-মহাশয়ের বাড়ীতে যাইবার জন্ম বাহির হুইলেন। স্থপ্রভা বলিলেন,—"এঞ্জনকে ডেকে দিই, একটা লঠন নিয়ে সঙ্গে যাক; অন্ধকার রাত্রি।"

তারক বলিলেন, "না, সঙ্গে লোক নিয়ে কাজ নেই। একটু গোপনে যাওয়াই ভাল। অমনিই দাদা তাঁর উপর বিরক্ত হয়েছেন; তারপর যদি জান্তে পারেন বে, আমি তাঁর কাছে গিয়েছিলাম, তা হ'লে তাঁকেও বিপদে ফেলা অসম্ভব নয়। মাধব-ঠাকুর না পারে এমন কাজ নেই।"

তারক একাকীই কর-মহাশয়ের বাড়ীতে গেলেন। কর-মহাশয়ের বাড়ী বড়বাড়ী হইতে বেণী দূর নয়। তারক কর-মহাশয়ের বাড়ীর মধ্যের উঠানে যাইয়া ডাকিলেন, "কাকা, বাড়ীতে আছেন কি?"

স্বরূপ কর-মহাশয় তথন অন্ধকারের মধ্যে ঘরের বারান্দায় হরিনামের মালা লইয়া বসিয়াছিলেন। তারকের কঠস্বর শুনিয়াই তিনি বলিলেন, "কে, তারক না কি ?"

তারক বলিলেন, "কাকা, আমি আপনার কাছে এসেছি ।" কর-মহাশয় বলিলেন, "এস বাবা, উপরে উঠে এস। ওরে কে আছিস, আলোটা ধর, আর একথানা আসন দে।"

দরকার নেই। আসন দিয়ে কি হবে? আমি আপনার কাছে

মাটীতেই বস্ছি।" এই বলিয়া তারক কর-মহাশয়ের সন্মুখে বিসয়া পড়িলেন।

্কর-মহাশয় বলিলেন, "না, না, অমন করে বোসো না বাবা! ওরে একটা মাতুর এনে দে।"

চাকর একটা মাত্র আনিয়া দিব; কিন্তু তারক তাহাতে না বসিয়া বলিলেন, "কাকা, আপনি বুঝি মালা-জপ কর্ছিলেন? তা, আনি একটু বসি, আপনি মালা-জপ শেষ করে নিন্।"

কর-মহাশয় বলিলেন, "বাবা, এখন আর মালা ফেরানো হবে না, আজ জোর করেই হরিনাম করতে বসেছিলাম: কিন্তু কিছুতেই নামে মন দিতে পারছিলাম না ; কেবল তোমাদের কথাই মনে হচ্ছিল। সকাল বেলা যথন চ'লে এলাম তথন মনটা একটু থারাপ হয়েছিল। তোমাদের সঙ্গে ত আর ত্র'চার দিনের সম্বন্ধ নয়; চাকর-মনিব ভাবই যে ছিল না। এতকাল বড়বাড়ীতে কাটিয়ে এই বুড়ো-বয়সে এমন করে ছেড়ে এলাম; তাই মনটা কেমন হয়েছিল। কিন্তু সে ভাব 'বেশীক্ষণ থাকতে দিই নি ; সব ভাবনা ঝেড়ে ফেলে দিয়েছিলাম। কিন্তু সন্ধার পূর্বে খ্যানপুরের নিতাই কুণ্ড আমাকে যে সব কথা বলে গেল, তাই ওনে একদিকে মনে যেমন আনন্দ হ'ল, ত্রাবার অক্তদিকে তেমনই কট্ট হোলো। বাবা তারক, আশ্রের এই শরীরের রক্ত জন ক'রে বড়বাড়ীর এত বড় বিষয়, এন্ড নাম-ডাক করেছিলাম। তার কি এই পরিণাম ! ্তুমি গোঁৱাচাঁদ-দাদার ছেলের মত বলেছ। এমন কথা কেউ বলতে পারে না-এ কলিকালে ত এমন স্বার্থত্যাগ দেখি নাই-. শুনিও নাই। তাই মনটা আবার কেমন হয়ে গেল। এই একট

স্মাগে মালা নিয়ে বসেছি। কিন্তু মন স্থির করতে পারছিলাম এক-একবার ইজ্ঞা হচ্ছিল, তোমাকে আশীর্কাদ করে আসি ; আবার ভাবছিশান, গিয়ে কাজ নেই, কার্ত্তিকের যে রকম মেজাজ হয়েছে, হয় ত অপমান করে তাড়িয়ে দিতে পারে। যাক সে কথা। নিতাই ত সব কথা বলে গেল; তার কথায় যা বুঝতে পারনাম, তাতে ও-টাকাটা শোধ করবার জন্ম তোমাকে তাডাতাড়ি না করলেও চলবে; নিতাই তোমার কাছ থেকে এক প্রসাও স্থদ নেবে না! এমন কি সে এ কথাও বলে গেল যে, তুনি আসল টাকার যা দিয়ে সম্ভষ্ট হবে, তাই নিয়েই সে হাতচিঠা শোধ করে দেবে। বুঝেছ বাবা, যে নিতাই কুণ্ডু কোনদিন কারও কাছে একটি আধলা স্থদ ছাড়ে নাই, দে আজ তোমার সম্বন্ধে কি বলে পেল। এরই থেকে বুঝে ফেল বাবা, ধর্মপথে থাকলে ভগবান সহায় হন। তিনি পাপের দণ্ডও দেন, পুণ্যের পুরস্কারও দেন। আজ তুমি যে মহত্ব দেখিয়েছ, চিরদিন তাই দেখিও; তোমার কোনদিন অকল্যাণ হবে না।" তারক কর-মহাশয়ের পদধূলি গ্রহণ করিয়া विनातन, "काका, निভाই आमात्र अवसा (मर्थ-एक्त मत्राभतवम हरत्र ও-সকল কথা বলে গিয়েছে: কিন্তু তাকে ত আমি বলে দিয়েছি. যেমন করে হ'ক পনর দিনের মধ্যে আমি তার টাকা শোধ करत एवं। त्मरे मध्यक डेशएम निष्ठरे वाशनात केर्ट अले हि। এখন কি কৰ্ত্তব্য তাই বলুন।"

কর মহাশয় বলিলেন, "বাবা, তুমি ত বিষয়ী-লোকের মত কোন কাল কর নাই; স্তরাং আমার মত বিষয়ী-লোকের পরামর্শ ত তোমার মনের মত হবে না। বল দেখি, কে এক কথায় তিশ হাজায় টাকার ঋণ স্কল্পে নের ? তুমি ত জান যে, নিতাই নালিশ করলে সমস্ত বিষয়ের উপর ডিক্রা হতো, এ টাকার জন্ম তৃমি একগুলি দায়ী হতে না। জেনে-শুনেও যথন তৃমি একগুলি টাকা নিজে হতে দিতে স্বীকার করেছ, তথন তোমার পথ ত খোলাই রয়েছে। শোন বাবা, এই যে টাকার কথা উঠেছে, এটা সবে আরম্ভ; ইহার পর প্রতি কথায়, প্রত্যেক খুটিনাটি নিয়ে বিবাদ আরম্ভ হবে, তা আমি বেশ দেখতে পাছি! তৃমি কিছুতেই সে বিবাদের হাত এড়াতে পারবে না। হয় ত শেষে এমনও হতে পারে যে, পুনং পুনং বিপন্ন হয়ে তোমারও মাথা বিগড়ে যেতে পাবে;—আর মাত্রেব পক্ষে দেটা স্বাভারিক। তথন মামলা-মোকজনা, দাকা হাকামা সবই হ'তে পারে।"

তারক বলিলেন, "ছোট-বউমাও সেই কথাই আজ বল্-ছিলেন।" কর-মহাশার বলিলেন, "বল্বেন না! ছেলেমানুষ হলে কি হয়, কেমন জমিলাব-বংশে ওর জন্ম! আদৃষ্টে স্থথ নেই, কি হবে। নইলে ঘরের মত ঘর থেকে মেয়ে নিয়ে এসেছিলাম। আজ যদি স্থরেক্র বেঁচে থাক্ত, তা হ'লে কি এমন হয় ? যাক্, সে কথা। ছোট-বউমা কি বল্লেন ?"

তারক বলিলেন, "ছোট-বউনা বল্লেন, এই টাকাতেই গোল
মিটবেনা; একটার পর একটা গোল বেধে উঠবে। তিনি বলেন
আমার অংশ বেচে ধার শোধ দিয়ে, আমরা মনোহরপুরের সম্বন্ধ
ব্রেণ করে চলে ঘাই। হাঁ কাকা, এতকাল পরে কি ভিথারীর
বেশে গ্রাপ্র ছেড়ে চলে বেতে হবে—হ'টে। অল্লের জন্ম স্ত্রী-কন্মার
হাঁত ধরে পরেব দারে গিয়ে দাঁড়াতে হবে। ছোট-বউনা যথন এই
কথা বলেছিলেন, তথন আমি তাই কর্ত্রব্য স্থির করেছিলাম;
কিন্তু কাকা, কেমন তুর্বল মন, তারপর থেকে শুধুই মনে উঠছে,

১*৽*২ বড়বা**ড়**ী

আমাকে যথাসর্বস্থ ছেড়ে এই মনোহরপুর থেকে চলে যেতে হবে !
এ বাড়ীর সঙ্গে আমার কোন সম্বন্ধ থাক্বে না। তাই আপনার
কাছে এলাম কাকা! আপনি সত্পদেশ দিন। তবে আমার
একটি প্রতিজ্ঞা এই যে, দাদার সঙ্গে আমি কিছুতেই বিরোধ করতে
পারব না—কিছুতেই না। তার জন্ম যদি আমার সব যায়, সেও
স্বীকার।"

কর-মহাশয় বলিলেন, "বাবা তারক, যে রকম অবস্থা দেখতে পাচিচ, তাতে এ গোল আর মেটে না। বিশেষ, মাধব যথন পরামূর্মাদাতা হয়েছে, তথন কিছুতেই মঙ্গল নেই! বিষয় বিক্রয়
—েসে কথা বল্তেও যে আমার কষ্ট হছেে। কিন্তু তাও বলি, এ
বিষয় তোমরা রক্ষা করতে পারবে না। ছোট-বউমা ঠিকই বলেছেন, এ আগুন ক্রমেই জলে উঠবে।"

তারক বলিলেন, "তা হ'লে আপনি কি বলেন ?"

একজন লোক কিছুক্ষণ হইল প্রাঙ্গণে অন্ধকারের মধ্যে দাঁড়াইয়া ছিল। লোকটা যে কথন আদিয়াছে, তাহা কেহই জানিতে পারেন নাই,—বারান্দায় আলো ছিল না। লোকটা এতক্ষণ উভয়ের কথাবার্তা শুনিতেছিল। অবশেষে তারক যথন বলিলেন, "তা হ'লে আপনি কি বলেন?" তথন লোকটা আর একটু অগ্রসর হইয়া বারান্দার নিকট আসিয়া বলিল, "তার্ক্ক-দা, আমারও কিছু বল্বার আছে।"

এ কণ্ঠস্বর যে বড়ই পরিচিত! তারক ফিরিয়া চাহিশ দেখেন বারান্দার পাশে দাঁড়াইয়া লোকটা কথা বলিল। তারক বাললেন, "কে তুমি চিন্তে পেরেছি, মহেন্দ্র ভাই!" এই বলিয়াই তিনি একলন্দে বারান্দা হইতে নীচে নামিয়া মহেন্দ্রকে আলিকনবদ্ধ. করিলেন! কিছুক্ষণ কেহই কথা বলিতে পারিলেন না। কর-মহাশয় বারান্দা হইতে বলিলেন, "তারক, মহেন্দ্রকে নিয়ে উপরে উঠে এস। মহেন্দ্র, ভূমি কথন এলে?"

এই প্রশ্ন শুনিয়া মহেল্র তারককে ধরিয়া লইয়া বারান্দায় উঠিলেন এবং কর-মহাশয়ের পদধূলি গ্রহণ করিয়া বলিলেন, "কাকা মশাই, আমি সন্ধার সময় এসেছি।"

তারক বলিলেন, "ভাই, তুমি সন্ধার সময় এসেছ? এতকণ কোথায় ছিলে?"

মহেন্দ্র বলিলেন, "আমি সন্ধার সময় এসেই পোষ্টমাষ্টার-বাব্র ওথানে বসেছিলাম। তোমাদের সব কথা শুন্তে শুন্তেই বিলম্ব হয়ে গেল। তারপর বাজীর দিকে আস্তেই হরির সঙ্গে দেখা হ'ল; সে বল্ল তুমি কাকার বাজীতে রয়েছ। তাই এথানে এসে অন্ধবারে দাঁড়িয়ে তোমাদের কথা শুন্ছিলাম!"

কর-মহাশয় বলিলেন, "তা হ'লে তুমি এখনও বাড়ীতে যাও
নাই; কারও সঙ্গে দেখাও কর নাই; হাতে-মুথে জ্বলও দেও
নাই। ওরে হরি, মহেল্র এসেছে। বাড়ীর মধ্যে বল একটু
জ্বলথাবার তৈরী করে শীগ্গির দেয়। মহেল্র, তুমি হাতে-মুথে
জ্বল দেও, ঠাণ্ডা হও, তারপর সব কথা শুনো। তুমি যে এ-সময়
এসেছ, বড়ই ভাল হয়েছে। তারক, এই দেথ ভগবানের লীলা।
তুমি বড়ই একলা মনে করেছিলে; ভগবান তোমাকে এমন
লোক্ত মিলিয়ে দিলেন, যার চাইতে আপনার লোক আর
তিটামার নেই।"

তারক বলিলেন, "ভাই মহেন্দ্র, তোমাকে আর কি বল্ব! আমি বড়ই বিপদে পড়েছি; তুমি ত আর সব কথা শোন নি।"

মহেन विनालन, "मव कथा छनिनि वर्षे, किन्न या छनिष्ठि, তেমন কথা আর কোন দিন শুনি নাই—আর শুনব তাও ত মনে হয় না। তারক-দা, তুমি সত্যসত্যই দেবতা; তোমার মত মানুষ ত আমি দেখি নাই। দেখ, আমি যে আর এখানে আসব, সে ইচ্ছাই আমার ছিল না; স্থারেন্দ্রের সঙ্গেই আমার সব বিস্র্জ্জন হয়ে গিয়েছিল। তবুও মধ্যে-মধ্যে তোমার কথা মনে হোতো। আজ তিন দিন হোলো আমাৰ যে কি হয়েছিল, তা আমিই বুঝতে পারছিনে। দিন-রাত কে যেন আমাকে ক্রমাগত বল্ত যে, তুমি কি কর্ছ; ছুটে যাও মনোহরপুরে, বিলম্ব কোরো না। কেন মনোহরপুরে আসব, তা আমি ভেবেই পাই নাই। কিন্তু যথন-তথনই ঐ এক কথা—ছুটে যাও মনোহর-পুরে। কলকাতার এত লোকজন, এত কোলাহলের মধ্যেও আমি ঐ কথাই শুনতে লাগলাম। এমন ত আর কখনও হয় নাই। শেষে সভ্যসভাই আমার ভয় হলো: আমার তথন মনে হোলো, তোমাদের নিশ্চয়ই কোন বিপদ হয়েছে। তথন আর আমি স্থির থাকতে পারনান না। মনোহরপুরে আস্ব ব'লে বেরিয়ে পড়লাম। তোমাদের এই ঘাটে এসে যখন আমার নৌকা লাগল, তথন নেমে আমি যেন পথ চলতে পারি না, আমার কেমন যেন ভয় করতে লাগল। তাই সমুখেই ডাক্ঘর দেখে সেখানে বর্দে, পোষ্টমাষ্টারবাবুর কাছে তোমাদের সংবাদ জিজ্ঞাসা করলাম। তিনি যা জানতেন সব বল্লেন। নিতাই কুণ্ডুর সঙ্গে তোমাল যে সব কথা আজ বিকেলে হয়েছে, তাই শুনে আমি আর সেখনি বসে থাকতে পারলাম না ; তাই দৌড়ে এসে দাদা, তোমার পায়ের ধুলো নিতে ইচ্ছা হোলো।"

কর-মহাশয় বলিলেন, "থাক্ সে কথা এখন। ভূমি হাতে-মুখে জল দিয়ে কিছ খাও।"

তারক বলিলেন, "মহেন্দ্র, এমন করে, আগাকে নাবলে চলে যাওয়া তোমার ভাল হয়নি ভাই! আমি যে কি কষ্টে পড়েছিলাম, তা আর তোমাকে কি বল্ব; তথন তোমার কথাই যথন-তথন মনে হোতো! কত ডেটা করে দাদাকে মামলার দায় থেকে উদ্ধার করা গেল। তারপর মনে করলাম যাক, এখন কিছুদিন বিশ্রাম করি। কিন্তু ভগবান আগার অদৃষ্টে আরও ছঃখ লিখেছেন; ভাই এখন আমি পথের ভিখারী হ'তে যাছিছ।" এই সময় মহেন্দ্রের জক্ত জলখাবার আগিল। কর-মহাশয়ের অক্তরোধে বাধ্য হইয়া মহেন্দ্র হাতে-মুখে জল দিয়া জলগোগ করিতে বসিলেন। তথন কর-মহাশয় জিজ্ঞাসা করিলেন, "মহেন্দ্র, ভান এতদিন কোথায় ছিলে? কি কর্ছ এখন? শুনেছি, তুনি কোন সংবাদই এখানে দেও নাই।"

মহেল বলিলেন, "দিনকয়েক এদিক-ওদিক নানা বায়গায় খুরে বেড়ালাম; কিন্তু কিছুতেই মন স্থির ঝোলো না। শেষে কলি-কাতায় এলে, এক বন্ধু বললেন, যে কাজকর্মা নিয়ে থাকলে আমার মন ভাল হবে! তাই কলিকাতায় একটা চাকরী নিয়েছি। একটা সওদাগরের আফিনে কাজ করি; তারা খুব ভালবাসে, আশি টাকা মাইনে পাই। ছোট একটা বাড়ী ভাড়াকরে সেইখানেই পড়ে থাইকি, আর কাজকর্ম করি।"

ত কর-মহাশয় বলিলেন, "বেশ করেছ ! এই ত চাই ! তোমার ভাল হবে মহেন্দ্র। আমি বলে রাথছি, তোমার ভাল হবে।"

মহেন্দ্র বলিলেন, "আর ভাল কাকা! যাদের নিয়ে আমার

ভাল, তাদের এই ত অবস্থা দেখছেন।" মহেল জলযোগ শেষ করিয়া তারকের নিকট আদিয়া বসিলেন।

ত্থন কর-মহাশয় বলিলেন, "এখন বল ত কি করা কর্ত্তর ?"
মহেল্র বলিলেন, "আপনি থাকতে আমরা আর কি বল্ব ?
আমি এই বলতে পারি যে, তারক-দাদাকে আমি এখানে কিছুতেই
থাক্তে দিচ্ছি নে। আনি সাত দিনের ছুটি নিয়ে এসেছি, এই
সাত দিনের পরে ওঁকে নিঃয আমি কলকাতার যাব।"

কর-মহাশয় বলিলেন, "সে অতি উত্তম কথা। তারকের যে প্রকার মনের অবস্থা, তাতে সে যদি দিনকয়েক বাইরে থেকে আসে, তা হ'লে তার মনও ভাল হবে, শরীরও ভাল হবে। কিন্তু এদিকের কি?" এই বলিয়া তিনি স্থরেক্রের স্ত্রী যে যে কথা বলিয়াছিল, সে সমস্তই বলিলেন। মহেন্দ্র এ সকল কথাত আর পোষ্ট-মাষ্টারের নিকট শুনিতে পায় নাই। এই কথা শুনিয়া মহেল্র অত্যম্ভ হাইভাবে বলিয়া উঠিলেন, "ছোট-বউ এই কথা বলেছেন? হা তারক-দা, তিনি এই কথা বলেছেন?ুতা হ'লে ত ঠিকই হয়েছে। তোমার মত কাজ ভুমি করেছ তারক-দা। আর ছোট-বউমার মত কথা তিনি বলেছেন। আজ স্থারেন্দ্র বেঁচে থাকলে, সেও বোধ হয় এমন কথা বলতে পারত না। তাই হোক কাকা, এ জমিদারীর অংশ এখনই বেচে ফেলা হোক। গোলমাল যথন লেগেছে, মনান্তর যথন আহন্ত হয়েছে, তথন শীঘ্র শেষ হবে না। এ অবস্থায় তারক দাদার একেবারে স'রে দাঁড়ানই উচিত। ভবে আমি যথন অন্ধকারে দাঁড়িয়ে ছিলাম, তথন তারক-দানা ত্র:খ করছিলেন যে, দেশত্যাগ কি ক'রে করেন। সে কথা আর ভাবলে চলবে না। এমন সময় তাঁকে স'রে দাঁড়াতেই

হবে। বিষয়ের অংশ থাকলে তিনি ত চুপ ক'রে থাক্তে পারবেন না। আর কেউ হ'লে আমি বলতাম যে নিজের স্থায় অংশ ছাড়বে কেন? কিন্তু উনি যথন তা করবেন না, উনি যথন সমস্ত দেনার দায়িত্ব এক-কথায় স্কন্ধে নিলেন, তথন বিষয় বিক্রেয় করা বাতীত গত্যস্তর নেই। এখানে থাকতে গেলে বিবাদ করতেই হবে, মামলা করতেই হবে।"

তারক বলিলেন, "দেথ মহেন্দ্র, দাদা যাই করুন না কেন, আমি কোন দিন তাঁর বিরুদ্ধে কিছু করব না, তাতে যদি বিষয় যায় যাবে। একটু আগেই আমার ভাবনা হয়েছিল যে, কোথায় গিয়ে দাঁড়াই। শ্বন্ধরবাড়ীতে আমি যেতে পারব না; কাষেই আমাকে পথে দাঁড়াতে হবে; কিন্তু এখন তুমি এসেছ, এখন আর আমার কোন ভয় নেই—কোন ভাবনা নেই। কাকা, বিষয় বিক্রয় করাই স্থির। আপনি সেই অন্থমতি করুন।"

কর-মহাশয় বলিলেন, "তারক, তুমি কথাটা যত সহজে বল্লে, আমি যে বাবা, ততু সহজে কথাটা বলতে পারছিনে। বড়বাড়ীর মানসন্ত্রম যে আমার হাতে গড়া; আমি যে তোমাদের শ্রীর্ন্ধির জক্য জীবনপাত করেছি। সেই চাঁদের হাট ভাঙতে বল্তে যে আমার মুথে বেধে আস্ছে। কিন্তু যে রকম দেখছি, আর তারকের যে রকম মনের ইজা তাতে তোমরা যা বল্ছ, তা ছাড়া আর ত পথও নেই। কিন্তু এই ভাগের জমিদারী কিনে বিবাদ কিন্তু ত কে আস্বে? তারপর দেখ, সমস্ত বিষয়ের আর্দ্ধকের মীলক হচ্ছে কার্ত্তিক; আর যে অর্দ্ধক তারই আর্দ্ধকের অর্থাৎ সমস্ত বিষয়ের সিকি অংশের মালিক তারক; ছোট-বউমার অংশ ত তিনি দান-বিক্রয় করতে পারবেন না, তাঁর জীবনস্বত্ব মাত্রী।

এখন এই সিকি অংশ কিনে নিয়ে কার্ত্তিক মিত্রের সঙ্গে দিনরাত লাঠালাঠি করতে কে যাবে ?"

মহেন্দ্র বলিলেন, "এক কাজ করা যাক না, বড়দাদাকেই ভারক দাদার অংশ কিনবার জন্ত অনুরোধ করা যাক না কেন? ভিনি নিশ্চয়ই এ প্রস্তাবে সম্মত হবেন।"

কর-মহাশার বলিলেন, "সে বিষয়ে সন্দেহ আছে; তবে অস্তের নিকট বিক্রয়ের প্রস্থাব ক্ররবার পূর্বে তাকে জিজ্ঞাসা করা কর্ত্তব্য। সে যদি উচিত মূল্যে কিনে নিতে চায়, তা হ'লে ত ভালই হয়; সংসারটা বজায় থাকবার একটা সম্ভাবনা হয়—যদিও তা হবে না।"

মহেন্দ্ৰ বলিলেন, "মনে করুন, বড় দা যদি কিন্তে রাজী না হন, তাহ'লে কি করা যাবে ?"

কর-মহাশর বলিলেন, "তা হ'লে বিনি কিন্তে চাইবেন, যিনি উপসুক্ত মূল্য দেবেন, তার কাছেই বেচে ফেলবে। কিন্তু এ কথাও বল্ছি, তারক যা করেছে, এ-ভারতে এমন কেউ কথন করে নাই; এমন করে নিজের স্বস্তু কেউ কথন ছাড়তে পারে না।"

তারক বলিলেন, "তবে কাকা, আমার অংশ বিক্রয় করাই আপনার মত ?"

কর-মহাশ্য বলিলেন, "তারক, অমন কথা এই বুড়োর মুখ থেকে আদায় করো না বাবা! তোমরা যা ভাল বোঝা, তাই কর গে। এখন তোমরা বাড়ী যাও। মহেন্দ্র, প্রস্তাবটি ক্লাল তুমিই কার্ত্তিকের কাছে করে দেখো। তার পর সে কি বলে আমাকে বলে যেও।" তারক ও মহেন্দ্র তথন কর মহাশ্যের বাড়ী হইতে বাহির হইলেন।

বাড়ীতে আসিয়া মহেল্রের আর বিলম্ব সহিল না; তিনি তারককে বলিলেন, "তারক-দা, কথাটা এই রাত্রেই বড়দার নিকট উপস্থিত করা যাক।"

তারক বলিলেন, "আজ রাত্রেই? এত তাড়াতাড়ি কি?
তুমি আজ কান্ত হয়েছ, তারপর এই সব কথা শুনে তোমার
মনটাও ভাল নেই। আজ রাত্রিটা বিশ্রাম কর; কাল সকালে
যা হয় কোরো।"

নহেন্দ্র বলিলেন, "বড়দার সঙ্গে ত রাত্রিতেই দেখা করা উচিত। নইলে তিনি হয় ত মনে করবেন যে, আমি তাঁকে তুচ্ছ করলাম।"

তারক বলিলেন, "সে কথা ঠিক; তাঁর সঙ্গে এখনই তোমার দেখা করা উচিত। দেখ মহেক্স, এই কথাটী খুব মনে রেখ যে, দাদার সঙ্গে আমরা কোন প্রকার অসম্ভাব করব না; তাঁকে একটা উচু কথাও বলতে পারব না।"

মহেন্দ্র বলিলেন, "তা কি আর বুঝি নাই তারক-দা! নইলে এক কথাতে তুমি ত্রিশ হাজার টাকার ঋণ স্কল্পে কর। তোমার কোনও ভয় নাই; তুমি ত জান, আমি কথনও কারও সঙ্গে তুর্বাবহার করি নাই; বিশেষ তোমার এই অপূর্বে দৃষ্টাস্ত যথন আমার মনে রয়েছে, তথন আমি কিছুতেই আত্মবিশ্বত স্বৃদ্ধে না। বড়-দা যদি ও-সব কথা মোটেই না তোলেন, তা হ'লে আজ্ম আমিও আপনা হ'তে কিছুই বলব না; কিন্তু তিনি যদি কথাটা তোলেন, তথন সব কথাই আমাকে বলতে হবে।"

তারক বলিলেন "কিন্তু সাবধান ভাই, কোন রকমে যেন অক্সায় কথা তোমার মুখ দিয়ে না বেরিয়ে পড়ে !"

মহেন্দ্র হাসিয়া বসিলেন, "তারক-দা, তোমার একশ বছর আগে জন্মগ্রহণ করা উচিত ছিল; আর জমিদারের ঘরে না জন্মে তোমার কোন ব্রাহ্মণ-পণ্ডিতের ঘরে গেলে ঠিক হ'ত।" এই বলিয়াই মহেন্দ্র কান্তিকের সহিত দেখা করিবার জন্ম তাঁহার শয়ন-ঘরের সম্পুথে যাইয়া ডাকিলেন, "বড়-দা যরে আছেন?" কার্ত্তিক তথনও শয়নগৃহে আসেন নাই; বড় বরু ঘরে ছিলেন। তিনি মহেন্দ্রের আগমন-সংবাদ শুনিয়াছিলেন। তিনি তাড়াতাড়ি ত্রমারের কাছে আসিয়া বলিলেন, "কি ঠাকুরপো, তুমি কথন এলে? ভাল? আছো মার্ম্ব যা হোক। কথা নেই, বার্ত্তা নেই, হঠাৎ যে ডব দিলে, আর খোঁজ-থবর নেই!"

মহেন্দ্র বড়-বধ্কে প্রণাম করিয়া বলিলেন, "বড়-বউদি, আপ-নাদের চরণ ছেড়ে কি থাকবার যো আছে? তাই নানা যায়গা ঘুরে ক্লাস্ত হয়ে, আবার ঐ চরণের ছায়াতেই এলাম। বড়-দা কোথায় বড়-বউদি!"

বড়-বধু বলিলেন, "তিনি এখনও কাছারী-ঘরেই আছেন। দেখ ঠাকুরপো, আমি তাঁকে কিছু বল্তে সাহস পাইনে। তুমি নিশ্চরই সব শুনেছ; তুমি যদি তাঁকে বুঝিয়ে ফেরাতে পার, তবে ভাল হয়। দেখ দেখি, সামাক্ত একটা কথা নিয়ে কি সব হচ্চে! তুমি বড় সময়ে এসেছ, ঠাকুরপো। তোমাুর কথা তিনি ঠেল্তে পারবেন না। আমি ত একেবারে লজ্জায় মরে আহ্নি. কারও সদ্দে কথাটী পর্যান্ত বলতে পারছিনে। কি বল্ব বলা?"

মহেন্দ্র বলিলেন, শআমি যথন এসে পড়েছি বড়-বউদি, তথন

আপনি কিছুই ভাবেন না; যাতে সব দিক বজার থাকে, তা আমি করব।"

বড়-বধু বলিলেন, "তাই কর ভাই—তাই কর। ঠাকুরপো আমার বড় ভালমান্থর; সে এই কয়দিন স্থধু কেঁদেই আকুল হচেচ; মেজ-বউও তেমনি। সেও দিনরাত কাঁদছে। আমি লজ্জায় একেবারে মরে গেলাম। লোকে বলে বউয়ে-বউয়ে ঝগড়া করে সংসার ডুবিয়ে দেয়। আমাদের ত তা নয় ঠাকুরপো! আমাদের এ যে উল্টো হতে গেল। 'আমি কি কর্ব বল? তুমি ত জান, আমি বড় বউ হয়েও ছোটই আছি; কোন দিন সাহস করে তোমার দাদাকে একটা কথা বলতে পারি নাই। এখন আমি কি কর্ব?"

মঙেক্র বলিলেন, "বড়-বউদি, আপনি লজ্জা করছেন কেন ? সকলেই জানে যে, আপনি কিছুর মধ্যেই নেই—তারক-দাও তা জানেন, মেজ-বউদিদিও তা জানেন! আপনি ব্যস্ত হবেন না।"

বড়-বধৃ তথন মহেন্দ্রের হাত চাপিয়া ধরিয়া কাতরকঠে, বলিলেন, "ঠাকুরপো, তোমাকে আমরা পর মনে করি না। আমার কাছে যেমন মেজ-ঠাকুরপো, থেমন ছোট-ঠাকুরপো ছিলেন, তুমিও তেমনি। তুমি এই বিপদ থেকে আমাদের বাঁচাও। এ আগুন নিবিবে দেও ভাই। তোমাকে কলছি, উনি ভুল ব্ঝেছেন, মেজ ঠাকুরপোর মত মাহুষ মাটী দিয়ে গড়লেও হয় না। ওঁর ভুল ভেঙে দেও। তুমি ত জান, উনি ভাইভুমু প্রাণ ছিলেন। ঐ ঠাকুরটাই আমাদের সর্বনাশ করলে। তুমি ওর হাত থেকে তোমার বড়-দাদাকে বাঁচাও, নইলে সম্ব্রুষ্য ভাই, আমাদের স্ব্রুষ্য গ্রুষ্

মহেন্দ্র বলিলেন, "বড়-বউদি, আপনি কিছু ভাববেন না। আমি বড়-দার কাছে এখনই যাচ্ছি।" এই বলিয়া তিনি বাহির হুইয়া কাছারী-ঘরের দিকে গেলেন।

কাছারীর বারান্দায় অন্ধণারে বসিয়া তথনও কার্ত্তিক ও মাধব-ঠাকুর কি কথাবার্ত্তা কহিতেছিলেন! বাড়ীর ভিতর হইতে একটা লর্থন ধরিয়া একটা চাকর বখন মহেন্দ্রকে লইয়া আসিতে লাগিল, তথন উভয়েই বিশ্বিত হইলেন। কে আসিতেছে তাহা কেহই স্থির করিতে পারিলেন না। মহেন্দ্র বারান্দায় উঠিয়াই "বড়-দা, আমি এসোছ"বালয়া কার্ত্তিককে প্রণাম করিলেন। কার্ত্তিক ভাড়াতাড়ি উঠিয়া দাঁড়াইয়া মহেন্দ্রের হাত ধারয়া তুলিয়া বলিলেন, "নহেন্দ্র যে, কখন এলে? ভাল ত? বস বস শুনি।"

মহেন্দ্র বলিলেন, "একটু আগেই এসেছি।" কার্তিক বলিলেন, "তবুও বা হোক, তুমি এসেছ। সেই যে কাউকে না ব'লে কোথায় চলে গেলে, তার পর আর উদ্দেশ নেই। আমরা আর ভেবে বাঁচিনে! খবরের কাগজে পর্যান্ত বিজ্ঞাপন দিয়েছিলাম। তারপর, তোমার শরীর কেমন আছে? এতদিন কোথায় ছিলে? ভূমি যে দাঁড়িয়ে রইলে! বোদ।" এই বলিয়া তিনি মহেন্দ্রের হাত ধরিয়া বেঞ্চের উপর নিজের পার্শে

মহেন্দ্র বলিলেন, "থাকবার কোন নির্দিষ্ট স্থান ছিল না, বড়-দা! নানা যায়গায় ঘুরে বেড়িয়েছি। শেষে কিছুই ভাল লাগন-না; তাই আবার ফিরে এলাম।"

কার্ত্তিক বলিলেন, "আমি মনে করেছিলাম, ভূমি বুঝি সংবাদ পেয়ে এসেছ।" মহেক্স বলিলেন, "না বড়-দা, আমি কোন সংবাদ পাই নাই।" কার্ত্তিক বলিলেন, "তা হ'লে বাড়ী এদে সব শুনেছ ?" মহেক্স কোন উত্তর দিলেন না, চুপ করিয়া রহিলেন।

কার্ত্তিক মহেক্রকে চুপ করিয়া থাকিতে দেখিয়া বলিলেন, "তা এক পক্ষের কথা শুনে ভূমি কিছু সিদ্ধান্ত করো না; আমার কথাগুলোও শোন।"

মহেন্দ্র বিনীতভাবে বিনিলেন, "বড়-দা, আমি আপনাদের ছোট ভাই, আপনাদের কাছ থেকে অনেক অনুগ্রহ পেয়েছি। আমি পক্ষাপক্ষ মোটেই বৃঝি নে, আর সব কথা শুনে একটা বিচার করবার ধুইতাও আমার থাকা উচিত নয়। আমি একটা নিবেদন জানাতে এসেছি। আপনি আমাদের যেমন বড়-দা, তেমনই আছেন। তারক-দার প্রতিজ্ঞা, তিনি আপনার অসন্তোষভাদন কিছুতেই হবেন না; আপনি যা আদেশ করবেন, তিনি তাই মাথা পেতে নেবেন; আপনি যা বলবেন, তিনি তাই করবেন।"

কার্ত্তিক বলিলেন, "আমি আর কি বল্বো? আমার বলবার কিছুই নাই। সে যী করছে, তা কেউ করবে না।"

নহেন্দ্র বলিলেন, "দে কথা আমি জিজ্ঞাস। করছি নে বড়-দা। আমি বলছি কি, আপনার কি আদেশ, তাই তিনি শুনতে চেয়েছেন,—তিনি তা প্রতিপালন করবেন।"

মাধব-ঠাকুর এতখণ চুপ করিয়া ছিল; এইবার সে কথা বলিল, "বড়বাবু আবার কি আদেশ কর্বেন? তিনি কোথাকার

মংক্রে উগ্রন্থরে বলিলেন, "আপনার সঙ্গে ত আমি কথা বলছি নে মহাশয়। আপনি কেন আমার কথার উত্তর দিছেন।" মাধব-ঠাকুর উত্তেজিত ভাবে বলিলেন, "তুমি কে হে ? তোমার যে বড় কড়া মেক্সাজ দেখছি।"

মহেক্ত বলিলেন, "আমি ত আপনাকে কোন কড়া কথা বলি নাই, আপনাকে শুধু চুপ করে থাকতে বল্ছি।"

মাধব আরও রাগিয়া বলিল, "কেন আমি চুপ করে থাক্ব ? উচিত কথা বল্ব, তাতে আমি কাউকে ডরাই না।"

মহেন্দ্র তাহার কথায় কর্ণপাত না করিয়া কার্ত্তিককে বলিলেন, "বড়-দা, আমি একটা কথা বলতে চাই।"

কাৰ্ত্তিক বলিলেন, "কি কথা মহেল ?"

মহেন্দ্র বলিলেন, "আমি বলি যে আপনি তারক-দাদার বিষয়-সম্পত্তির অংশ কিনে নিন; তিনি বাড়ী থেকে বাহির হয়ে যান। তা হ'লে ত আর কোন গোলই থাকে না; বড়বাড়ীর মান-সম্ভ্রম থাতি-প্রতিপত্তি স্বই বজায় থাকে।"

কার্ত্তিক বলিলেন, "কি বল্লে? তোমার কথা আমি ব্রতে পারলাম না।"

মহেন্দ্র বলিলেন, "কথাটা ত তেমন শক্ত নয় বড়-দা। আপনা-দের সম্পত্তিতে তারক-দার বে অংশ আছে, তা তিনি আপনার কাছে বিক্রয় করতে চান।"

কান্তিক বলিলেন, "আমার কাছে বিক্রয়! কেন সে বেচতে চায় ?"

মহেন্দ্র বলিলেন, "তিনি বলেন, তা হ'লে তিনি আপনার ছোট-ভাই হয়েই থাকতে পারেন।"

মাধব-ঠাকুরের লজ্জা বলিয়া কিছুই নাই; সে বলিল, "বিষয় বিক্রয় করলে মেজ-বাবুর চলবে কি করে, তা ভেবেছেন?" মহেন্দ্র বলিলেন, "এই দশ ত্য়ারে ভিক্ষা করে তার চল্বে।
সে জন্ম আপনার কোন চিস্তা নাই, আপনার ত্য়ারে তিনি ভিক্ষা
চাইতে যাবেন না; তাঁর বড়-দা যতদিন বেঁচে আছেন, ততদিন
তাঁকে ভিক্ষাও কর্তে হবে না, দরিদ্র ছোট-ভাইকে বড়-দা হু'টো
থেতে দিতে পারবেন।"

কার্ত্তিক বলিলেন, "ন হক্র, সে আর হয় না। তোমার প্রস্তাব কোন কাজের কথাই নয়। •আমি তার বিষয় কিন্ব কেন ?"

নংক্রে বলিলেন, "তাঁকে বিষয় বেচতেই হবে, নইলে ধার-শোধের অক্স উপায় নাই। আপনি কিন্লে সব রক্ষা হয়, তাই তিনি এই প্রস্তাব করেছেন।"

কার্ত্তিক কথাটা উল্টা ব্ঝিলেন; এ সময় তাঁহার পক্ষে উল্টা বোঝাই স্বাভাবিক। তিনি কুপিত হইয়া বলিলেন, "মহেন্দ্র, তুমি ছেলেমান্থ্য, কথাটা ব্ঝতে পার নাই। এটা জমিদারী চাল। এটা আমাকে ভয়ু দেখান মাত্র। তুমি তাকে বোলো, তার এ কথায় আমি ভয় পাবার ছেলে নই। তার ইচ্ছা হয়, সে যাকে ইচ্ছা তাকে বিষয় বেচতে পারে। এমন মাধার উপর মাধা কার আছে যে, এই বিষয়ের অংশ কিনে তা দখল কর্তে পারে? ব্ঝেছ মাধব-দা, ও ভয় দেখাবার কথা। তাকে বলো, কার্ত্তিক মিত্তির ভয় পাবার ছেলে নয়।"

্বাহেন্দ্র বলিলেন, "বড়-দা, যদি কিছু মনে না করেন, তা হ'লে একটা কথা বলি। আপনি প্রভাবটা যে ভাবে গ্রহণ করলেন, তারক-দা সে ভাবে বলেন নাই। যাতে তাঁর ঋণ শোধ হয়, এদিকে বড়বাড়ীর মান বজায় থাকে, এই ভেবেই তিনি আপনার কাছে

এই প্রস্তাব করতে বলেছিলেন। আপনি ভাল করে চিন্তা করে কথাটার উত্তর দেন, এই আমার প্রার্থনা।"

কার্ত্তিক তেমনই রুক্ষপ্তরে বলিলেন, "আমি অনেক ভেবেই কথা বলেছি। তার সাধ্য থাকে, সার সে বদি ধরিদ্ধার পাদ, তা হ'লে সে যার কাছে ইচ্ছা, তার অংশ বেচতে পারে, তারপর দেখে নেব, সে খরিদ্ধার কেমন ?"

মহেলু বলিলেন, "তা হ'লে আপনার কাছে কোন আশা নেই ?"

কার্ত্তিক বলিলেন, "না, আমি বিষয়ের অংশ কিন্ব না; আর . কে কিনতে আনে, তাও দেখে নেব।"

মহেন্দ্র বলিলেন, "ভা হ'লে আমি আসি বড়-দা।"

মাধব বিজ্ঞপ করিয়া বলিল, "মতেজ-বাবু, থদের জুট্লে আমরা বেন জানতে পাই।" মতেজ সে কথার কোন উত্তর না দিয়া চলিয়া গেলেন। তথন অন্ধকারে বসিধা তুইজনে নানা কথা হইল, সে সকল কথা অন্ধকারেই থাকুক; ভাতৃবিরোধের সে বিষ আর ছড়াইয়া কাজ নাই।

পরদিন বেলা আটটার সময় তুইখানি পাঞ্চী বড়বাড়ীর কাছারী প্রাঙ্গণ পার হইয়া অন্দরের দারের কাছে আসিল; আর তুইখানি পাঞ্চী কাছারীর পার্থে-ই রাজপথের উপর রহিল। কার্ত্তিক তথন একাকী কাছারীর বারান্দায় বসিয়া ছিলেন। একটু পরেই অন্দর হইতে স্প্রভা, রিম্নণী ও স্বর্ণ আসিয়া পাঞ্চীতে উঠিলেন। কার্ত্তিক বারান্দায় বসিয়া সমস্তই দেখিলেন; একটি কথাও বলিলেন না। পাঞ্চী তুইখানি যথন কাছারীর প্রাঙ্গণ স্থাতিক্রম করিয়া রান্ডায় গেল, তথন তারক ও মহেক্র অন্দর

হইতে বাহির হইয়া আসিলেন। তাঁহারা দেখিলেন, কার্ত্তিক কাছারীর বারান্দায় বসিয়া আছেন। তারক অপ্রসর হইয়া, কোন কথা না বলিয়া কার্ত্তিককে প্রণাম করিয়া রাভার দিকে গেলেন। কার্ত্তিককে প্রণাম করিয়া যথন তুই চারি পদ গিয়াছেন, তথন কার্ত্তিক ডাকিলেন, "মহেন্দ্র!"

মহেন্দ্র ফিরিয়া দাঁড়াইয়া বলিলেন, "আজ্ঞা।" কার্ত্তিক বলিলেন, "এ সকল কি ?"

মহেন্দ্র অবিচলিত-কণ্ঠে বলিলেন, "মনোহরপুরের বড়বাড়ীর লক্ষ্মী চলিয়া গেলেন।" এই বলিয়া মহেন্দ্র আর দাঁড়াইলেন না। রাস্তার উপর যে তৃইখানি পান্ধী ছিল, তাহাতে তুইজনে আরোহণ করিলেন। কার্ত্তিকের মুখ মনিন হইয়া গেল।

22

ননোহরপুরে আর বাস করা সঙ্গত নয় স্থির হওয়ায়
আপাততঃ সকলে রাইগঞ্জে গেলেন। রক্ষিণী সেথানে ত্ই
তিন দিন থাকিয়াই পিত্রালয় গমন করিবেন। ব্যবস্থা এই
হইল বে, মহেল্র কলিকাতায় যাইয়া ভাল দেখিয়া একটা বাড়ী
ভাড়া করিবেন; তাহার পর সকলেই কলিকাতায় যাইবেন।
কলিকাতায় মহেল্রের যে বাসা ছিল, তাহাতে এতগুলি লোকের
থাকিবার স্থান হইবে না বলিয়াই এই ব্যবস্থা হইল। রাইগঞ্জে
পৌছিয়াই সেই দিন অপরায়্রকালে মহেল্র ও তারক শ্রামপুরে
নিতাই কুণ্ডুর সহিত সাক্ষাৎ করিতে গেলেন। তাঁহাদিগকে
দেখিয়া কুণ্ডু-মহাশয় পরম সমাদরে অভ্যর্থনা করিল এবং কিঞ্চিৎ
বিশ্রামের পর তাঁহাদের আগমনের কারণ জিজ্ঞাসা করিল।

তারক বলিলেন, "কুণ্ডু-মশাই, আপনি যে আমার উপর এত অন্তগ্রহ করিবেন, তাহা আমি ভাবি নাই। এখন আপনার কাছে একটা পরামর্শের জক্ত আসিয়াছি।"

নিতাই কুণ্ডু বলিল, "আমার সঙ্গে পরামর্শ ! আমি কি পরামর্শ দিবার মত লোক ? আপনারা দয়া করেন, এই আমার সৌভাগা।"

তারক বলিলেন, "সে কথা থাক কুণ্ড্-মশাই! আমি স্থির করেছি যে, আমার অংশের জমিদারী তেজারতী বিক্রয় ক'রে আপনার ঝণশোধ করব। আমি আর জমিদারীর সঙ্গে কোন সম্বন্ধ রাথব না; কারণ তা হ'লেই দাদার সঙ্গে গোলযোগ হ'তে পারে। দাদাকেই আমার অংশ কিনে নিতে বলেছিলান; কিন্তু তিনি তাতে সন্মত হন নাই; তিনি বলেছেন, আমি যার কাছে ইছা, জমিদারী বিক্রয় করতে পাবি। তাই আপনার কাছে আমরা এসেছি। আপনি কেন আমার অংশ কিনে নিয়ে আমাকে ঝণদায় থেকে অব্যাহতি দেন না।"

নিতাই করবোড়ে বলিল, "এমন আদেশ কর্বেন না মেজবাবু! মনোহরপুরের মিত্রদিগের জমিদারী আমি কিন্ব! বিশেষ, কথা কি জানেন, আমি আর এখন কাজকর্ম্মের ঝঞ্চাট ভালবাসিনে, তাই কারবার তুলে দিয়ে, যে সামান্ত কিছু আছে, তাই নিয়ে নাড়াচাড়া করি। আমার কি জমিদারী করা সাজে, না পোষায়। আমার টাকার জন্ত আপনি এত বাস্ত হচ্চেন কেন মেজবাবু? আমি ত ব'লেই এসেছি যে, আপনার যখন স্থাবিধা হবে, তুখন টাকা দেবেন আমি এক পয়সাও স্থাদ চাইনে। স্থাদ অনেকের কাছে খেয়েছি এখনও খাচিচ মেজবাবু, কিন্তু আপনার কাছে আমি স্থাদ নেব না। আপনারা এসেছেন, ভালই হয়েছে; আমার

কথাটা মুখে-মুখে থাকা কিছু নয়, একটা লেখাপড়া থাকাই ভাল। আমি আপনার সে হাতচিঠিখানা পালটে দিতে চাই।"

তারক বলিলেন, "না কুণ্ডু-সশাই, তা আপনি করবেন না; স্থদ ছাড়বেন কেন? কিন্তু কথা এই যে, আমার ভরসা ত ঐ জনিদারী! দাদার এখন যে রকম মনের ভাব, তাতে তিনি নানা গোল বাধাতে পারেন। জামি তাঁর সঙ্গে কোন রকম মনান্তর করতে চাহি না; এ অবহায় আমার অংশ বিক্রয় করা ছাড়া আপনার ঋণশোধের যে অক্ত কোন উপায় নাই।"

নিতাই কুণু বলিল, "নেজবাবু, আমি মূর্য মাহ্র কৈছু, মনে করবেন না; আপনি টাকা দিতে বাবেন কেন? আপনি চুপ করে থাকুন; আমি নালিশ করে টাকা আদায় করে নিই। টাকাটা বে সরকারা দেনা, তা প্রমাণ হ'তে কিছুই বেগ পেতে হবে না,—আমি ত সবই জানি। আমার কথা যদি শোনেন, তা হ'লে আপনি কোন কথা বল্বেন না; দেখুন, আমি টাকা আদায় করতে পারি কি না?"

তারক বলিলেন, "তা হয় না কুণ্ডু-মশাই ! আমি দাদার সঙ্গে বিরোধ করতে পারব না। আপনি ত ব্যতে পেরেছেন যে, দাদা মনে করেছেন, আমে টাকা সরিয়েছি। এর পরও কি আর আমি এই টাকার জন্ম দাদাকে দায়ী করতে পারি! আমি যথাসর্বাস্থ ছেড়ে দিলে হয় ত দাদার মনের সন্দেহ দ্র হতে পারে, তাই আমি এই সঙ্কল্প করেছি।"

ঁকু গু-মহাশয় বলিল, "মেজবাবু, সে কথা আর আমাকে বলছেন কেন! আমি সে সব ব্যতে পেরেছি। কিন্তু কথা কি জানিন, ঐ জমিদারীর অংশ কেনা আর ঝগড়া বিবাদ, মামলা- মোকদ্দমা কেনা, একই কথা ? ঘরের টাকা থরচ ক'রে কে এ বিবাদ কিনতে যাবে বলুন ?"

তারক বলিলেন, "সে কথা কি ভাবি নাই, কুণ্ডু-মশাই! কিন্তু আমার টাকা শোধ করবার ঐ ত একমাত্র উপায়। এমন লোক কি কেউ নাই, যে আমার অংশ কিন্তে পারে।"

নিতাই কুণ্ড বলিল, "মেজবাবু, একজনরা পারে; হয় ত ব'লে পাঠালে এথনই নেচে উঠুবে; কিন্তু সেটা কি ভাল হবে?"

মহেন্দ্র এতক্ষণ চুপ করিয়া ছিলেন; তিনি ব্লিলেন, "এমন লোক কে ?"

কুণ্ডু বলিল, "মল্লিক-বাবুরা যদি শুনতে পান যে, আপনি উাদের কাছে আপনার অংশ বেচতে সম্মত আছেন, তা হ'লে . তাঁারা এখনি নিতে পারেন।"

তারক বলিলেন, "সে কিছুতেই হ'তে পারে না; তা হ'লে যে সব যাবে, কুণ্ডু মশাই !"

মহেন্দ্র বলিলেন, "তারক-দা এখানে তুমি তুল করছ। তোমার অংশ যে কিন্বে, তারই সঙ্গে বড়-দার গোলযোগ বেধে উঠবে; তা কুণ্ড-মশাই-ই কেনেন, আর অন্ত কেউই কেনেন। তোমার অংশ যাওয়ার অর্থ-ই হচ্চে বড়বাড়ীর জমিদারীর সর্বনাশ; সেকেউই ঠেকাতে পারবে না, বিবাদ নিশ্চয়ই বাধবে।"

তারক বলিলেন, "তা হ'লে কি করা যায় ? জেনে-শুনে মল্লিক-বাবুদের হাতে এ জমিদারী কেমন করে ভুলে দিই।"

নিতাই কুণ্ণু বলিল, "নেজবাব্, আজ আপনারা বাড়ী যানী শূ আমি ত্দশ স্থানে কথা পেড়ে দেখি, তারপর মনোহরপুর আপনাকে সংবাদ দেব। টাকার জন্ম আপনি ব্যস্ত হবেন না।' তারক বলিলেন, "কুণ্টু-মশাই, আমরা ত মনোহরপুরে নেই; আজ সকালে আমরা রাইগঞ্জে এসেছি; সেথান থেকেই এথানে এসেছি। আমি আর মনোহরপুরে যাব না!"

কুণ্ড় বলিল, "তা হ'লে আপনি একেবারে মন স্থির করে বেরিয়েছেন মেজবাবু। রাইগঞ্জের চৌধুরী-বাবু কি বল্লেন ।"

ভারক বলিলেন, "অতুল আর কি বল্বে; সে তুঃখ করতে লাগ্ল। এত টাকা দিয়ে বিষয় কেনা ত তার পক্ষে কর্ত্তব্য নয়। তার পর আমার স্ত্রীর যে অংশ আছে, তাতে আমি হাত দিতে পাথিনে: নগদ টাকা যা আছে, তাতে আমার অধিকার, নেই। যে রকম অবস্থা দাঁড়াছে, তাতে আমাব স্ত্রী-কন্তার এ যা স্থল। আর এক সম্থল এই মহেন্দ্র।"

কুণ্ণ বলিল, "নহেন্দ্র বাবু ত আপনার ছোট ভাইয়ের মত। আপনার ভয় কি মেজবাবৃ! আপনি কিছু ভাববেন না। আজ বাড়ী যান; আমি যা হব একটা স্থির করে তৃই-এক দিনের মধ্যেই আপনাকে জানাব।"

সন্ধার আর বিলম্ব নাই দেখিয়া তারক ও মহেলু, নিতাই কু ভুকে বিশেষ ভাবে অনুরোধ করিয়া রাইগঞ্জে চলিয়া গেলেন! এদিকে কার্ত্তিক এবং মাধব-ঠাকুরও নিশ্চিন্ত ছিলেন না। তারক যে রাইগঞ্জে গেলেন, ইহা তাঁহারা ব্ঝিতে পারিয়াছিলেন। সেই দিনই অপরাহ্নকালে কার্ত্তিক, তারকের গতিবিধি অবগত হইবার জন্মগোপনে একজন লোককে রাইগঞ্জে পাঠাইয়াছিলেন। সেলাক রাত্তিতে ফিরিয়া আসিয়া সংবাদ দিল যে, তারক ও মহেলু সেই দিনই খ্রামপুরে নিতাই কু ভুর বাড়ীতে গিয়াছিলেন এবং অনেকক্ষণ সেথানে ছিলেন। সে লোক আরও বলিল যে নিতাই

কুণ্ডুই তারকের অংশ কিনিবে, এইরূপ কথাবার্ত্তা হইয়া গিয়াছে। সেই রাত্তিতেই মাধব-ঠাকুরকে ডাকাইয়া আনিয়া অনেকক্ষণ পরামর্শ হইল। স্থির ১ইল, পর্দিন প্রাতঃকালেই উভয়ে ভামপুরে নিতাই কুণ্ণুর নিকট বাইবেন, এবং যে প্রকারে হউক তাহাকে বিষয়ের অংশ কিনিবার সম্বল্প হইতে বিরত করিবেন। পরদিন বেলা প্রায় আটটার সময় কাত্তিক ও মাধব-ঠাকুর খ্যামপুরে নিতাইয়ের বাড়'তে উপস্থিত হইলেন। অকস্মাৎ তাহার বাড়ীতে এই তৃত মহাপুরুষের আবির্ভাব দর্শনে নিতাই এই আগমনের কারণ ব্ঝিতে পারিল; মেজবাবু ও মহেল্র যে পূর্ব দিন তাহার বাড়ীতে আসিয়াছিলেন, এই সংবাদ চরমুথে শুনিয়াই যে ইহাদের শুভাগমন হইয়াছে, এ অনুমান করিতে নিতাই কুণুর মত তীক্ষবুদ্ধি ব্যক্তির বিলম্ব হইল না। সে সমন্ত্রমে তাঁহাদিগের অভ্যর্থনা করিল। কাত্তিক আসন গ্রহণ করিয়াই বলিলেন, "কুণু-ু মশাই, মেজবাবু যে গতকাল তোমার এখানে এদেছিল, দে সংবাদ আমি পেয়েছি। কি পরামর্ণ হ'ল, তাই জানবার জক্ত তোমার কাছে এসেছি।"

নিতাই কুণ্ণু কান্তিকের কথার এবং কথা বলিবার ভঙ্গীতে বিরক্ত হইয়া বলিল, "হাঁ বড়বাবু, তাঁরা কাল এসেছিলেন; কিন্তু কি কথা হোলো, তা জানবার আপনার কি কিছু প্রয়োজন আছে? আমার কাছে অনেকে অনেক প্রয়োজনে আসে, সে কথা কি আমার প্রকাশ করা উচিত ?"

কার্ত্তিক বলিলেন, "অন্তোর গোপন কথা ত তোমাকে জিজ্ঞাসাঁ. করছি নে কুণ্ডু! আমাদেরই কথা, তাই জিজ্ঞাসা করছি।" নিতাই বলিল, "আপনার কথা ত বিশেষ কিছু হয় নাই।"

কার্ত্তিক বলিলেন, "বিশেষ না হ'তে পারে, কিছু ত হয়েছে '" নিতাই বলিল, "যদি কিছু হ'য়েই থাকে, তাই বা অপরের কাছে বলতে যাব কেন? এ আপনার অন্তায় অন্তরোধ বডবাব।"

মাধব বলিল, "কুণ্ডুব-পো, তা হ'লে মেজবাবুর সঙ্গে তোমার বে বন্দোবস্থ হয়েছে, তা তুমি বল্তে চাও না। কিন্তু সে সব কথা কি আর আমাদের কাছে গোপন আছে? বাতাসের আগে সব বুত্তান্ত আমাদের কাছে গিয়েছে।"

নিতাই বলিল, "সব যদি জেনেই থাক ঠাকুর, তা হ'লে আর এ গরীবের কুঁড়েতে পায়েব গুলো দেওয়া কেন ?"

মাধব বলিল, "কথাটা ভাল ক'রে জানা দরকার।"

নিতাই বলিল, "কি ভাপনারা জান্তে চান্ খলেই বলুন না ?" কার্ত্তিক বলিলেন, "মাধব, ভূমি চুপ কর; আমি বল্ছি। দেথ কুণ্ড, ভূমি যে মেজবাবুর অংশ কিনে টাকা শোধ করিয়ে নেবে, এ কথা শুনেছি। তাই তোমাকে এমন কাজ করতে নিষেধ করবার জন্ত আমরা এসেছি।"

নিতাই বলিল, "বৈশ, আছো ধরে নিলাম যে, আমিই মেজবাব্র অংশ কিনে নেব স্থির করেছি; কিন্তু আপনার কথার আমি সে সঙ্কল্ল ত্যাগ করব কেন ?"

মাধ্ব-ঠাকুর বলিল, "কুণ্ডু. তুমি অন্থগত লোক, তাই তোমাকে সাবধান করে দিতে এসেছি; তুমি অমন কর্মণ্ড কোরো না; করলে ভাল হবে না।"

নিতাই কুণ্ডু বলিল, "শোন ঠাকুর, এই নিতাই কুণ্ডু কারও ত নয়। এ তল্লাটে, বল্তে কি, অনেকে নিতাই কুণ্ডুরই ্যসুস্ক ; অনেকেই এই গরীবের ঘরে বাঁধা আছে। তবে যে ১২৪ বড়বাড়া

বল্ছ, 'ভাল হবে না', কি ভাল হবে না ঠাকুর ? কথাটা খুলেই বল না। আমি চাষা-মামুষ, তিলির ছেলে, টাকা-পয়সার কথাই বুঝি, তোমাদের মত ভদ্রলোকের কথা বুঝে উঠতে পারি নে। কি ভালটা হবে না, খুলেই বল না।"

মাধব বলিল, "থুলে আর কি বল্ব; এ অংশ কিন্লে এই ভামপুরে আর তোমাকে বাস করতে হবে না; বড়বাব্র সঙ্গে লাগলে তোমার ভিটেমাটী কিছুই থাকবে না।"

নিতাই বলিল, "ঠাকুর, বুড়ো হয়েছি, ও-সব কথায় আমার পার এখন রাগ হয় না। তবে কথাটা যখন বল্লে, তখন বল্তেই হয় যে, এই নিতাই কুণ্ডু যদি হাতের গোড়ায় না থাক্ত, 'তা হ'লে তোমার বড়বাবুকে এখন কোথায় থাকতে হ'ত জান? আরও একটা কথা বলি, যদি ঐ মেজবাবু অমন করে সমন্ত দেনা থাড়ে করে না নিতেন, যদি বড়বাবু অমন দেবতার মত ভাই না পেতেন, তা হ'লে আমি নিতাই কুণ্ডু, আমিই নালিশ করে সমন্ত বিক্রেয় করে নিতাম। মেজবাবুর জন্মই পার্ছিনে; নইলে কার ভিটেমাটি থাকত না, তা দেখা যেত। যাক্ দে কথায় কাজ নেই; মেজবাবুই যখন এত সহ্য করছেন এবং শেষ পর্যন্ত সমন্ত সহ্য করবেন, তবুও বড়বাবুর সঙ্গে বিবাদ করবেন না, তখন আমি কেন কথা-কাটাকাটি করি।"

কার্ত্তিক রাগিয়া বলিলেন, "নিতাই কুণু, তুমি কার স্থমুথে কথা বল্ছ, তা মনে আছে ?"

নিতাই হাসিয়া বলিল, "মনে থাক্বে না কেন বড়বারু?' সূব সিনে আছে, কিন্তু কি করব, মনে যা হচ্চে, তা ত করবার ব্যানেই; মেজবাবু যে মধ্যে আছেন।"

মাধব বলিল, "কি মনে আছে, বলেই ফেল না গা।"

নিতাই বলিন, "মনে হচ্ছে যে কালই এক নম্বর দাখিল করে দিয়ে, একবার বড়বাড়ীর উপর ঢোল বাজিয়ে আসি। টাকা ধার আর কোথাও পেতে হবে না—কথাটা জানাজানি হয়ে গিয়েছে।"

কার্ত্তিক চক্ষু রক্তবর্ণ করিয়া বলিলেন, "নিতাই, বুঝে-স্থার কথা বল, এখনও বল্ছি।"

নিতাই বলিল, "বড়বাবু, বুড়ো-বয়সে কি আপনার সঙ্গে শ্বগড়া করে একটা বদ্নাম কিন্ব।"

কার্ত্তিক বলিলেন, "মাধব, ছোটলোকের স্পর্দ্ধা দেখ্ছ ?"

নিতাই বলিল, "বড়বাবু, আপান ভুলে বাজেন যে, এ আপনীর মনোহরপুরের বড়বাড়ীর কাছারী-ঘর নয়; এ আমার বাড়ী। এখনও বল্ছি জাত তুলে কথা বলবেন না। আমি হয় ত সইতে পারি, কিন্তু ঐ দেখুন আমার ছেলে দাঁড়িয়ে রয়েছে। এক-বার একটা কথা বললে আর এখান থেকে মান বাঁচিয়ে য়েতে পারবেন না।" কার্তিক এতক্ষণ বিসয়া ছিলেন। নিতাইয়ের এই কথা শুনিয়া ইঠিয়াঁ দাঁড়াইলেন এবং রাগে জ্ঞানশৃত্য হইয়া বলিলেন, "কোন্ শালা আমার অপনান কয়তে পারে ? এত বড় কথা—আমাকে অপমান।"

নিতাই কুণ্ডু আর ক্রোধ সংবরণ করিতে পারিলেন না, বলিল, "শোন্ কার্ত্তিক মিত্তির! মনে করেছিলাম তোমার বিষয় বাঁচিয়ে দেব; তাুরই চেষ্টা করছিলাম; কিন্তু ভোমার মত লোকের উপুরুক্ত সাজা হওয়াই দরকার। তুমি কেমন জমিদার, তোমার কেমন পয়সার জোর, তা একবার দেখে নিতে হচেচ।
ক'টা টাকা তোমার ঘরে আছে? তোমাদের বিষয়ের অংশ

কিছুতেই কিনব না মনে করেছিলাম; কিন্তু তোমাকে শিখিয়ে দিতে হচ্চে। আজ যাকে তুমি শালা বলে গেলে, দেই নিতাই কুণ্ডুর – সেই তিলির ছেলের পা জড়িয়ে তোমাকে ধরতে হবে, এ কথা বলে রাখছি! মেজবাবুর কোন উপরোধ, তাঁর চক্ষের জল আমি মানছি নে। তোমরা এখনই আমার বাড়ী থেকে বেরিয়ে যাও—নইলে—" নিতাই আর বলিতে পারিল না। কিন্তু কথাটা অসম্পূর্ণ রহিল না, নিতাইয়ের পুত্র রাধাবল্লত দোড়াইয়া সক্ষুথে আসিয়া বলিল, "নইলে চাকর দিয়ে ঘাড় ধরে বার করে দিব। বাবা সামনে না থাকলে এতক্ষণ তা হয়ে যেত।"

শাধব-ঠাকুর এই সব কথা শুনিয়া একেবারে এতটুকু হইরা গিয়াছিল; কাপুরুষ লোকের দশাই এই রকম। মাধব বলিল, "চল বড়বাবু, আর এখানে থেকে অপমান হয়ে কাজ নেই। যা তোমার মনে থাকে; বাড়ী গিয়ে করলেই হবে।" কাত্তিক তখন রাগে কাঁপিতেছিলেন। তিনি চারিদিকে চাহিয়া দেখিলেন, সেখানে জাঁহার কেহই নাই। তখন তিনি চীৎকার করিয়া বলিলেন, "নিতাই কুণু, এর শোধ যদি আমি দিতে না পারি, তবে আমি ফকিরটাদ মিত্রের ছেলে নই।"

নিতাই বলিল, "যাও যাও, ঘরে যাও। ফকিরটাদ মিত্রের ছেলে এমন ছোটলোক হয় না। আর কথা বাড়িও না—যা ক্ষমতা থাকে ক'রো। কিন্তু শুনে যাও, তারক মিত্রের অংশ আমি কিন্ব; দেখি তোমরা কি করতে পার।" কার্ত্তিক যেন কি বলিতে যাইতেছিলেন, মাধব তাঁহাকে বাধা দিয়া তাঁহার হাত ধরিয়া টানিয়া বাড়ীর বাহিরে চলিয়া গেল।

তাঁহারা চলিয়া গেলে নিতাই কুণ্ডু পুত্র রাধাবল্লভকে বলিন,

"বাবা রাধাবল্লভ, বদু লোকের সঙ্গে থাক্লে, পাজী লোকের পরামর্শ শুন্লে ভদ্রোক কেমন ছোটলোক হয়ে যায়, দেখলে ত! ঐ কার্ত্তিক মিত্তির অমন খারাপ লোক ছিল না; কাল ওর ভাই তারকবাবুকে যেমন দেখেছ, কার্ত্তিক মিত্তিরও তেমনই ছিল; তুই ভাইয়ে—তুইই বলি কেন—তিন ভাইয়ে হরিহর-আত্মা ছিল। ওবা যে খুড়তোত জেঠততো ভাই, ভা কেউ বুঝতে পারত না। এই মতিজ্ঞন হবে বলেই ছোট ভাইটা সাপের হাতে প্রাণ দিলে। কার্ত্তিক মিন্তির একেবারে অধঃপাতে গিয়েছে। আর এই ভাইয়ের জন্ম মেজবাবু কি না করলেন— এত বড় ঋণটা এক-কথার মাথা পেতে নিলেন; আর আঁজ যথাসর্বান্থ বিক্রয় করে, সেই ঋণ শোধ দিতে দাঁডিয়েছেন। যাক সে কথা। বাবা, তুমি এক কাজ কর ত; আমার জবানি একথানা চিঠি মেজবাবুকে লিখে দেও যে, আমি বিশেষ বিবেচনা করে দেখলাম যে, ভারকবাবুর অংশ আমি না কিনলে তাঁকে বড়ই অস্থবিধায় পড়তে হবে। সেই জন্ম আমি সম্মত হলাম ৷ তাঁর যদি কোঁন অমত না থাকে, তা হ'লে তিনি যেন প্রস্তুত হয়ে আসেন, একদঙ্গে জেলায় গিয়ে একেবারে লেখাপড়া করে রেজেষ্টারী করে সব কাজ শেষ করে আসা যাবে। তাঁর অংশের ক্রায়্য মূল্য তিনি যা বল্বেন, তাতেই আমি সম্মত আছি। তবে এ কথাটাও লিখে দিও যে, এই বিষয়ের দখল পাবার জন্ম অনেক মামলা-মোকদ্দমা করতে হবে, তাতে বিস্তর টাকা ব্যয়ও করতে হবে; তিনি যেন সেই কথাটা বিবেচনা করে মুলার সম্বন্ধে আমাকে আদেশ করেন।" তাহার পর উপস্থিত সব্লকে বলিল, "দেখ, ভোমরা আজকার ব্যাপার ঘুণাক্ষরেও ১২৮ বড়বাড়া

কারও কাছে বোলো না; মানী লোকের মান রক্ষাই করতে হয়, নপ্ত করতে নেই। আজ যা হয়ে গেল, তা আমরাই জানলাম। খুব সাবধান, এ কথা যেন আর কেউ না জান্তে পারে।" রাধাবল্লভ তথনই পিতার কথামত পত্র লিপিয়া একজন লোককে রাইগঞ্জে রওনা করিয়া দিল।

20

নিতাই কুণুর পত্র পাইয়া তারক নিশ্চিন্ত হইলেন এবং কুণুর প্রন্তাব স্থীকার করিয়া পত্রের উত্তর দিলেন ; লিথিয়া দিলেন যে, তিনি পরদিন শ্রামপুর যাবেন। তাহার পর তিনি মহেন্দ্রকে বাললেন, "ভাই মহেন্দ্র, তুনে আরু আফিন কামাই করে এখানে থেকে কি করবে। তুনি কল্কাতার যাও। আমি লেখাপড়াটা শেষ করে তোমার ওখানে যাব। কিন্তু যে রকম আমার মনের অবস্থা, তাতে আমার স্ত্রা যে আমাকে একলা যেতে দেবেন, তা মনে হয় না। তুনি একটা বাড়া দেখে-শুনে ভাড়া করে আমাকে পত্র লিখো; আমি তোমার পত্র পেলেই সকলকে নিয়ে কলকাতার যাব। তবে তুনি তোমার কাজের ক্ষতি করে, এই সব নিয়ে থেক না। ছোট-বউনাকে নিতে কালই লোক আস্বে। তিনি গিয়ে কয়েকদিন বাপের বাড়াতে থাকুন; তার পর তাঁকেও কলকাতার নিয়ে যাওরা যাবে। তিনি আপাততঃ তাতেই অগত্যা সম্পত্ত হয়েছেন।"

মহেল্র বলিলেন, "আমি আরও হই তিন দিন থাক্তে পারি। আমি বলি কি, হ'জনেই জেলায় গিয়ে লেখাপড়া শেষ করে' আমি ঐ পথে কল্কাতায় চলে যাব, আর তুমি এখানে ফিয়ে এস।" আসিল। স্থপ্রভা বলিলেন, "হরি! আমার আর চলিবার শক্তিনাই; আমি এখানে জলের মধ্যেই বসি, রাধু কাকা আমার সঙ্গে থাকুক। তুমি স্বর্গকে কোলে করিয়া দৌড়ে গ্রামে যাও। স্বর্গ আর একটু এ জলের মধ্যে থাকিলে মরিয়া যাইবে।" হরিহর কি করে, উভয় সঙ্কট; সে যাইতেও পারে না, থাকিতেও পারে না। তথন সে বেহারাদিগকে গালাগালি দিতে আরম্ভ করিল। সে সময়ে অন্ততঃ যদি পাকীখানা নিকটে থাকিত তাহা হইলে তাহার মধ্যে স্থপ্রভাকে বসাইতে পারিলেও প্রাণ রক্ষা হয়। বেহারা তাহার সঙ্গীদিগকে অনেক ডাকাড়াকি করিল, কিন্তু কোন উত্তর পাইল না, তাহারা ততক্ষণ নিজ নিজ বাটীতে পৌছিয়াছে।

রাধানাথ তথন বলিল, "দেথ হরিহর, আর কোন উপায় ত দেখি না।" হরিহর কোন কথা না বলিয়া মেয়েটিকে কাপড় ঢাকা দিয়া কাঁধে করিয়া গ্রামের দিকে ছুটিল। রাধানাথ বলিল, "মা, তুমি আমার হাত ধরিয়া চলিতে পারিবে কি ? স্পপ্রভা নিরুপায় হইয়া তাহাতে সন্মত হইলেন, এবং রাধানাথের কাঁধের উপর ভর দিয়া চলিতে লাগিলেন। তাঁহারা কিছুদূর অগ্রসর হইয়াছেন, এমন সময়ে মেয়েটিকে বাড়ীতে রাখিয়া হরিহর কাঁদিতে কাঁদিতে সেই স্থানে ফিরিয়া আসিল, এবং কহিল, "দিদিঠাক্রুণ, কর্ত্তা নেই।" স্পপ্রভা সেইখানেই মূর্চ্ছিতা হইয়া পড়িলেন। হরি এবং বাধানাথ ধরাধরি করিয়া তাঁহাকে বাটীতে লইয়া গেল।

রাইগঞ্জের দীননাথ ঘোষের নাম সকলেই জানে। তিনি গ্রামের মধ্যে একজন প্রতিষ্ঠাপন্ন ব্যক্তি। তাঁহার বিলক্ষণ লাভের একটা জমীদারী আছে। কিন্তু তুঃথের বিষয় তাঁহার তুইটা কন্সা ব্যতীত কোন পুত্রসম্ভান নাই। তাঁহার স্ত্রী বহুদিম পূর্বের মারা যাওয়ায়, তিনি কন্তা তুইটিকে বড় যত্নে লালন-পালন করিয়াছেন। কলা, হুইটীর মধ্যে বড়টি আমাদের স্থপ্রভা এবং কনিষ্ঠা কলার নাম বিমলা। বিমলাকে শ্বশুরের ঘর করিতে হইত না, কারণ, দীননাথ বোষ ঘরজামাই রাখিয়াছিলেন। এই কারণে দীননাথ ঘোষ মৃত্যকালে বিমলার নামেই জমীদারীর অধিকাংশ লিথিয়া দিয়া যান; অবশিষ্ট অংশ ও নগদ কয়েক হাজার টাকা স্থপ্রভার নামে লিখিয়া দেন। পিতার মৃত্যুর দিন রাত্রিতে জলে ভিজিয়া এবং অত্যধিক পরিশ্রমে বাটী পৌছিয়াই স্থপ্রভা ও স্বর্ণ পীড়িতা হইয়া পড়েন; তাহার উপর প্রচলিত রীতি-অমুদারে তিন দিন পরে স্বর্গীয় পিতার প্রাদ্ধাদি সমাধা করিয়া স্থপ্রভা একেবারে শ্যাগত হইয়া পড়িলেন। এদিকে কন্তাটীর অবস্থাও অধিকতর বিষম হইয়া উঠিল। গ্রামের প্রাচীন কবিরাব্সের দ্বারাই চিকিৎসা চলিতে লাগিল; কিন্তু তাহাতে ফল হওয়াত দুরের কথা, রোগ ক্রমশঃ সঙ্কটাপন্ন হইয়া উঠিল। মনোহরপুরে সংবাদ গেল। কার্ত্তিক তাঁহার প্রাণাধিকা ভ্রাভুষ্পুত্রীর অবস্থা শুনিয়া কপালে করাঘাত-করিয়া কাঁদিতে লাগিলেন, এবং কলিকাতা হইতে স্থচিকিৎস্ ঠ লইয়া রাইগঞ্জে ঘাইবার জন্ম দেই দিনই কলিকাতায় গমন

সেই কথাই স্থির হইল। তারক বাড়ীর মণ্যে ঘাইরা যথন সংপ্রতাকে এই সংবাদ জানাইলেন, তথন স্থপ্রতার মুখ মলিন হইয়া গেল, তাঁহার হৃদর কাঁপিয়া উঠিল। তারক মনে করিলেন, বিষয় গেল, সেই জক্সই বৃঝি স্থপ্রতা কাতর হইয়া পড়িলেন। তিনি তাঁহাকে সান্তনা দিবার জক্স বলিলেন, "তুমি অমন বিষয় হলে কেন? আমি ত নিশ্চিন্ত বোধ করছি! সব বালাই গেল। এখন কলকাতার গিয়ে যা হোক একটা কাজকর্ম নিয়ে চুপচাপে থাকা যাবে; দানার সঙ্গে আর কোন গোল হবেনা; তিনিও আর কিছু বলতে পারবেন না। মান্ত্রের যখন যে অবস্থা হয়, ভগবান্ যখন যা দেন, তাতেই সম্ভই থাক্তে হয়। আমাদের অদ্ঠে স্থ নাই, তা বলে আর কি করব। তুনি মন ভার করো না। বিষয় নিয়ে কি হবে? ঐ একটা নেয়ে বই ত নয়; ও-ত তু'দেন বাদেই পরের ঘরে যাবে; তখন আর কি? কোন ভাবনাই নেই।"

স্প্রভা তারকের মুথের দিকে কাতর-নয়নে চাহিয়া বলিলেন, বানান দে জন্ম বার্ত হই নি। তোমার মন যদি শান্ত হয়, তাহ'লে আনি গছেতগাতেও থাক্তে পারি; তাতে আমার একট্ও কঠ হবে না—আনি দব দইতে পারব। কিন্তু আমার মনে একটা ভাবনা হয়েছে। এই কালই কুণু কিছুতেই তোমার অংশ কিন্তে সম্মত হ'ল না, আর একটা রাত যেতে না যেতেই তার মূন ফিরে গেল; এই কথাই আনি ভাবছি। এই সম্মতির ক্লা কোৱা নাই ত ?"

ী তারক বলিলেন, "আর কি কারণ থাক্তে পারে? নিতাই কুণুর যথেষ্ট টাকা আছে। তার ছেলেও মাহুষ হবার মভ হয়েছে। তাই হয় ত সে মনে করেছে, ছেলেটাও কি তারই মত স্থান গণনা করেই জীবন কাটাবে; বিশেষ আমাদের জমিদারীর সকল অবস্থাই নিতাই কুণ্ডু জানে। যদি সন্তায় এমন জমিদারীর অংশটা পাওয়া যায়, তা হ'লে সে ছাড়বে কেন? এই সকল কথাই হয় ত সে রাত্রিতে ভেবেছে। তাই সকালে আমাকে পত্র লিখেছে।"

স্প্ৰভা বলিলেন, "কি জানি, কথাটী যেন আমি ও-ভাবে নিতে পারছিনে। দেখ, বড়ঠাকুর যাই করুন না কেন, তিনি ত তোমারই ভাই। তোমার পিতৃপুরুষের জমিদারী নিয়ে দশজনে মারামারি করবে, বিষয়টা ছারথার হয়ে যাবে; আর আমরা তাই দাঁডিয়ে দেখব। কথাটা মনে করলেও কণ্ঠ হয়। তবে উপায় যে আর কিছু নেই, তা জানি। কুণ্ডু না কিনে, আমার ভগিনীপতিই যদি কিনতেন, বা আমিই যদি আমার বাবার রাথতাম, তা হ'লেই কি বিষয় রক্ষা পেত? তা নয়। তবুও মনটা বেন কেমন করে উঠ্ল। এক একবার মনে হচের, কুণ্ডকে বলে পাঠান হোক, সে যেন নালিশ করে টাকা আদায় করে নেয়। কিন্তু তাতেই বা কি হবে? তোমার উপর বড়ঠাকুরের যে সন্দেহ, তা ত যাবে না, আরও বেড়ে উঠ্বে। না, না—ভুমি যা করেছ, তাই ভাল। বিষয়ের অদুষ্টে যা থাকে তাই হবে। তুমি যে মহত্ত দেখাচছ, তা সকলেই বুঝবে; আর সকলেরই বিশাস হবে যে, ভুমি যথাসর্বান্থ দিয়ে ভাইয়ের সন্দেহ দূর করছ। সেই ভাল! ও-ক্ষা ভেবে আমি আর মন ধারাপ করব না। তুমি বেশ করেছ। আমাদের এ দারিজ্যকে আমি ভগবানের আশীর্কাদ বলে বরণ করে নিতে পারব! ভাই-ভাইরে ঝগড়া-বিবাদ করে মুথে কালি মাধার চাইতে এ দারিজ্য সহস্রগুণে ভাল।" তারকের মুথ প্রদীপ্ত হইয়া উঠিল; বগাসর্কান্ত হারাইয়া তিনি বাহা পাইলেন, তাঁহার মনে হইল কুবেরের ভাগুার পাইলেও বুঝি তাঁহার এত আনন্দ, এত স্থথ বোধ হইত না। তিনি তাঁহার সন্মুথে দণ্ডায়মানা সাধ্বীর মুথের দিকে চাইলেন,—সে মুথে আনন্দ থেলিতেছে; তাঁহার মনে হইল, আজ তাঁহার সর্কান্ত হইল।

"মেজদি! ও নেজদি!" বলিয়া চীৎকার করিতে করিতে এই সময়ে রঙ্গিনী সিঁড়ি দিয়া উপরে উঠিতে লাগিল। স্প্রপ্রভা তাড়া-তাড়ি সিঁড়ির ঘারের কাছে যাইয়া বলিলেন, "ওরে আন্তে আন্তে মেজবাবু যে উপরে রয়েছেন! তুই হলি কি রঙ্গিনী।" রঙ্গিনী অমনি চুপ করিয়া গেল। তারক বলিলেন, "ওগো, তুমি বউমাকে উপরে ডেকে নিয়ে এস, আমি নীচে নেমে যাছিছ। ওঁর বোধ হয় কোন জরুরী কথা আঁছে।"

স্থপ্রভা বলিলেন, "তুমিও যেমন। ও ঐ রকমই, তা কি আর তুমি জান না? কি একটা থেয়াল মনে হয়েছে, আর মেজদি, মেজদি' ক'রে দৌড়িয়েছে।" রঙ্গিণীর দিকে চাহিয়া বলিলেন, "তুই তা হ'লে উপরে উঠে আয়। আর লজ্জা করে কি হবে! তোর কি আর এখন লজ্জা-সরম আছে? উঠে আয়, মেজবাবু নীচে যাবেন।"

রঙ্গিণী তথন চোরের মত ধীরে-ধীরে উপরে উঠিয়া এক দৌড়ে পাশের ঘরে চলিয়া গেল। তারক নীচে নামিয়া গেলেন। তথন স্থাতা রঙ্গিণীকে ডাকিয়া বলিলেন, "এখন এদিকে স্থায়। শুনি মেজদিকে কি সংবাদ দিতে এসেছিদ্।"

রঙ্গিণী বাহিরে আসিয়া বলিল, "শোন মেজদি, আমার আর বাপের বাড়ী যাওয়া হবে না।"

স্থাতা বলিলেন, "কেন ? আমাদের এই বাড়ী কি তোর খুব মনে লেগেছে। তা বেশ, ভুই এখানে থাক, আমরা কল্কাতায় চলে যাই।"

রঞ্জিণী বলিল, "এই বুঝি তোমার বিছে! স্বাই বলে মেজদিদি ভারি বুদ্ধিনতী! তোমার বৃদ্ধি আছে, না ছাই আছে। আমি কি তাই বল্ছি। আগে কথা শোনই। আনাদের সম্যাসাবাবু (মঙেক্রকে রঞ্জিণী সম্যাসীবাবু নামকরণ করিয়াছিল) অতুলবাবুকে বল্ছিলেন যে, তিনি তুই-এক দিনের মধ্যে কল্কাতায় গিয়ে একটা বাড়ী ভাড়া ক'রে সকলকে সেগানে নিয়ে যাবার ব্যবস্থা করবেন। তাহ'লে আমি আর বাপের বাড়ী যাব কেন ? আমি মনে করেছিলাম, তোমরা অনেক দিন এখানে থাকবে; তাই আমি বাপের বাড়ী গিয়ে দিনকরেক থাকতে বাঁকার করেছিলাম ; —তাও কি ইচ্ছা করে, তোমার বকুনির জালায় থাকতে না পেরে যেতে চেয়েছিলান। কিন্তু পাঁচ-সাত দিন পরেই যথন কল্কাতায় যাওয়া হবে, তথন আরু আমি এখন বাপের বাড়ী যাব না। এখন কি তোমাদের ছেড়ে থাকা যায়? এই কথা তোমার বোনকে বলতে তিনি বোল্লেন যে, এখানে থাক্তে গেলে এই কয়দিনের বাড়ীভাড়া আর থোরাকী দিতে হবে। আমি তাইতে বল্লাম যে, বেশ আমি তাই দিয়েই থাক্ব। ।তনি আগাম চাহলেন। জক্ত তোমার কাছে টাকা চাইতে এদেছি। তুমি এখনই বাড়ী-

ভাড়া আর খোরাকীর টাকা আগাম দাও; আমি দিদিকে দিয়ে আসি।"

স্প্রভা হাসিয়া বলিলেন, "কত থোরাকী বন্দোবন্ত হল ?" "বন্দোবন্ত আবার কি হবে ? দশ দিন ত—বেশ দশ দিনে প্রণাশ টাকা দেব।"

স্থপ্রভা বলিলেন, "আমরা যে পাইক-বরকন্দান্তের রোজ পাঁচ আমা হিসাবে থোরাকী দিই।"

রঞ্জিণী বলিল, "আমি <page-header> পাইক-বরকন্দাজ—আমি বে মনোহরপুরের বড়বাড়ীর বউ।"

স্প্রভার মূথ অমনি মলিন হইয়া গেল; একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া বলিলেন, "বড়বাড়ীর সম্বন্ধ যে কালই ঘুচে যাবে বোন ?"

রিঞ্গী বলিল, "বেশ ত! তার জন্ম দীর্ঘনিখাস কেন? আমরা ত ইচ্ছা করেই জমিদারী বেচে ফেল্ছি। তা ব'লে ত আর খণ্ডর বংশের সঙ্গে সম্ম্ন ঘোচে না। দিদি! তুমি অমন করে মূথ ভার কোরো না।, আমার বড় কট্ট হয়।" এই বলিয়া রঞ্জিণী সহসা কেনন গন্তীর হইয়া পড়িল।

স্প্রপ্রভা বলিলেন, "এক-একবার ত মনটাকে বেশ উচু স্থরেই বাঁধি; কিন্তু তুর্বল মন, ঠিক থাক্তে চায় না; তাই আবার ভাবি, এ কি হোলো!"

রিন্ধা বিলিল, "মেজদি, তুমি যদি অমন করে কাতর হও, তা হ'লে নমজ-ঠাকুরের মন খারাপ হবে। তিনি মনে করবেন, মামরা বুঝি বড় কাতর হয়েছি। কাতর হব কেন? মেজ-ঠাকুর দৌবতা, তিনি দেবতার মত কাজ করেছেন। আমরা তাতে গোরবই বোধ করব। সত্যি দিদি, আমি ত ও-সব গ্রাহুই করি

নে। তু:থ-কণ্ট যদি হাসিমুথে সইতেই না পার্লাম, তবে আর মেয়ে হয়ে জনেছি কেন ?"

স্থ্যভা রঙ্গিণীকে ব্কের মধ্যে জড়াইয়া ধরিয়া বলিলেন, "রঙ্গিণী তোকে আমি চিন্তে পারলাম না; তুই কথন যে কি রূপ ধরিস্, তা আমি মোটেই ঠিক করতে পারি নে।"

রিন্ধিণী অমনি হাসিয়া উঠিয়া বলিল—

"কথন কি রঙ্গে থাক, বুঝি না ভব্দিমা দেথে।
বাঁকা-পথে সদা গতি, সোজা-পথ দূরে রেথে।"

২৪

পরদিন প্রাতঃকালেই তারক ও মহেল্র কিছু টাকা সঙ্গেলইয়া শ্রামপুরে গেলেন। নিতাই কুণ্ট তাঁহাদিগের আগমন প্রতীক্ষা করিতেছিলেন। তাঁহারা প্রৌছিবার পরেই নিতাই বলিল, "মেজবারু, আপনার অংশ বেচ্বার জন্ম আর কালে খোসামোদ করতে যাব। বিশেষ, ভেবে দেখলাম যে, আপনি বড়ই বিত্রত হয়ে পড়েছেন; এ সময় আপনার উপকার করা কর্ত্তব্য; তাই আমিই অংশটা কিনে নেব। বাবাজীর নিতান্ত ইছো যে, কিছু জমিজমা করে। আরও এক কথা, বড়বারু খ্ব শাসিয়েছেন যে, যে ঐ অংশ কিন্বে, তাকে তিনি দেখে নেবেন। সেটারও একটা পরীক্ষাই হোক না। জমিদারীর কাগজগত্র ত কিছু আপনাদের হাতে নেই। তা না থাক, আমার কাছে প্রকিছু ছাপা নেই, আমি সে সব ঠিক করে নিতে প্রারব। আপনারী এথানেই স্থান-আহার করুন। আপনারা যে আজ্ব সকালেই

আস্বেন, তা ব্যতে পেরেই আহারের আয়োজন করে কেথেছি। পরীবের বাড়ীতে আপনাদের মত মহৎ ব্যক্তির পায়ের ধ্লো পড়েছে, এতেই আমি রুতার্থ হয়েছি।" পূর্বাদিন কার্ত্তিক ও মাধবের সঙ্গে তাহার যে বচসা হইয়াছিল, তাঁহারা যে খ্যামপুরে আসিয়াছিলেন, নিতাই সে কথা আর প্রকাশ করিল না।

যথাসময়ে আহারাদি শেষ করিয়া কুণ্ডু-মহাশয়ের সঙ্গে তারক ও মহেন্দ্র জেলায় যাত্রা করিলেন। তাঁহাদের আগমনের পরেই নিতাই কুণ্ডু লোক পাঠাইয়া একথানি নৌকা ভাড়া করিয়াছিল।

জেলায় পৌছিয়া তারক বলিলেন, "কুণ্ডু-মশাই, আমাদের বে উকীল এথানে আছেন, তাঁর কাছে গিয়ে কাজ নেই; আপনার কাজকর্ম যে উকীলের দারা হয়, তাঁর দারাই লেথাপড়া করা হোক।" নিতাই তাহাতেই সন্মত হইন। জেলায় পৌছিতে তাঁহাদের অনেক রাত্রি হইয়া গিয়াছিল। তাঁহারা সে রাত্রিতে নৌকাতেই থাকিলেন। পর্বাদন প্রাতঃকালে তিনজনে উকীলের বাসায় উপস্থিত হ্ইলেন। দলিল-দস্তাবেজ কাগজপত্ৰ কিছুই ছিল না : নিতাই বলিল যে, "তাহার প্রয়োজনও নাই।" তারক তাহাদের সমন্ত সম্পত্তির একটা তালিকা করিয়া দিলেন; যেখানে যেখানে কারবার আড়ত ছিল, তাহাও লিখিয়া দিলেন। তিনি কেবল তাঁহাদের বসতবাড়ী 'বড়বাড়ী'টা বিক্রয়-তালিকার অন্তর্ভুক্ত করিলেন না; বলিলেন, "ঐ শেষ-নিদর্শনটুকু থাকুক।" কথাটা বলিতে তাঁহার হৃদয় বিদীর্ণ হইয়া গেল। তাঁহার মনে হইল, কি ুহতভাগ্য তিনি! পুত্র উপযুক্ত হইয়া পিতার-সম্পত্তির শ্রীবৃদ্ধি করিয়া থাকে, আর তিনি এমনই কুপুত্র যে, আজ তাঁহাকে পৈত্রিক-সম্পত্তি বিক্রয় করিতে হইল।

উকীলবাবু সমস্ত কথা শুনিয়া বিশ্বিত হইলেন। কলিকালে এই বাঙ্গালা-দেশে এমন লোক থাকিতে পারে, সে কথা তিনি জানিতেন না। তিনি বলিলেন, "তারকবাবু, এই ওকালতী ব্যবসা করতে কংতে বড়ো হয়ে গেলাম: কিন্তু এমন কথা কোন দিন শুনিনি। আপনাদের বড়বাড়ীর তু'দশটা মোক দ্দমায় কখনও আপনাদের পক্ষে কখনও বা বিপক্ষে কাজ করেছি: তথন আপনাদের তুই ভাইয়ের মিল দেখে কত প্রশংসা করেছি। কিন্তু, কি আশ্চর্য্য ব্যাপার, সামান্ত একটা কথা নিয়ে কাত্তিকবাবু যে এমন করবেন তা আমি কেন, এ জেলায় যারা আপনাদের জানেন, তাঁরা কেহই মনে করেন নাই। আপনি নির্বিরোধী লোক, তাও আমরা জানতাম; কিন্তু এক কণায় যে আপনি এমন ক'রে যথাসর্বান্ধ ছেড়ে দিতে পারেন, তা কোন দিনও মনে করিনি। যে এ কথা শুন্বে, সেই আপনাকে দেবতা বল্বে। কুণ্ড-মশাই আপনাকে কিন্তু বলে রাখছি যে, কার্ত্তিক মিত্রের সঙ্গে এই বিষয়-বিভাগ নিয়ে আপনাকে খুব লড়তে হবে। আমরা উকীল মাতুষ; এমন এক-আধটা গোলমাল বাধলে আমাদের ত্বপ্রসা প্রাপ্তিই আছে। তবুও কি জানেন কুণ্ড মশাই, আপনি ত কথন খতের নালিশ ছাড়া আর কিছু করেন নি; তাই কথাটা আপনিয়ে রাখলাম। এ কিন্তু স্থদের হিসাব করা নয়। জমিদারী করতে গেলেই মামলা-মোকদ্দমা করতেই হয়; এ ত দেখুছি মহাব্যাপার। প্রথমেই ত পার্টিদনের মানলা; তারপর ক্রমশঃ প্রকাশ্য। বুঝলেন ত কুণ্ডু-মশাই! তা আপনার টাকার অভাব নেই: বড়ো-বয়সে এদিকেও একবার হাত দেখিয়ে যান না। সেকথা থাকুক; এখন কত টাকা পণ স্থির করেছেন,

সেইটা বলে ফেলুন আমি লেখাপড়া শেষ করে দিই। সকাল সকাল কাছারীতে না গেলে রেজেষ্টারী হবে না। পণের কথা জান্লে তবে ত কাগজ আন্তে পারা যাবে।"

নিতাই কুণ্ড বলিল, "সে মেজবাব্যা ব'লে দেবেন তাই হবে। আমি ওঁর উপরেই নির্ভির করে বসে আছি।"

তারক বলিলেন, "তা কি হয় কুণ্ড-নশাই! আমি তলাথ টাকা পেলে বেঁচে যাই।"

নিতাই বলিল, "তা বেঁচে যেতে পারেন; কিন্তু আমার বিশ্বাস আপনি অক্যায় কথা বল্তেই পারেন না!"

তারক বলিলেন, "কুড়-মশাই, আপনি ত সবই জানেন; আপনি বা বলবেন, আমি তাই মেনে নেব।"

নিতাই কুণ্ণ বলিল, "বেশ তাই হবে! আমি আপনার অংশের জন্ম প্রতাল্লিশ হাজার টাকা দেব। ত্রিশ হাজার টাকা দেনা শোধ,যাবে, বাকী পনর হাজার টাকা রেজেপ্রারী আফিসে আজই দিয়ে দেব।"

তারক বলিলেন, "পঁরতাল্লিশ হাজার টাকা! আমি ত এক টাকা আশা করি নি। অবশু আমার অংশের মূল্য যে ওর পেকে কম, তা আমি বল্ছি নে; কিন্তু আপনি ত বলেছিলেন যে, এ অংশ যে কিনবে, তাকে ওর পিছনে অনেক টাকা থরচ করতে হবে। সে কথাটা আপনি ভলে গেলেন কেন, কও-মশাই।"

ি নিতাই বলিল, "মেজবাব্, তিলির ছেলে নিতাই কুণ্ণু টাকার হিসাব কোন দিন ভোলে না। আমি সেসব ভেবে দেখেই কথাটা বলেছি। ও নিয়ে আর তর্ক করবেন না।"

তারক বলিলেন, "কুণ্ডু-মশাই, আমাকে আপনি এতই ছেলে-

মান্থৰ মনে করেন যে, আপনার মনের কথা আমি ব্যুতে পারিনি।
আমাকে একবারে পথের ফকির হতে আপনি দেবেন না, এই
আপনার অভিপ্রায়। কি বলব কুণ্ডু-মশাই, যিনি আমার
আপনার জন—যিনি আমার দাদা, তিনি আমার মুথের দিকে
চাইলেন না, আর আপনি আমার ত্রবস্থা দেখে এত নয়া করলেন।
এ কথা আমার মনে থাক্বে কুণ্ডু-মশাই! যদি ভগবান কথন
দিন দেন, যদি কোন দিন আবার সৌভাগ্যের মুথ দেখতে পাই,
তা হ'লে আপনার এই অসীন দয়ার ঋণ আমি কথঞিৎ শোধ
করবার চেষ্টা করব।" তারক আর কথা বলিতে পারিলেন না;
তাঁহার নয়নয়য় অশ্রুপুর্ব হইল।

নিতাই কুণ্ডু বলিল, "মেজবাবু, একটা কথা আপনাকে এতক্ষণ বলি নাই, বলবার আবহাকও মনে করি নাই। বৃথা আপনার মনে কন্ট দেওয়া হবে মনে করেই কথাটা চেপে গিয়েছিলাম। দেখুন কাল সকালে কান্তিকবাবু আর মাধব-ঠাকুর আমার বাণ্টীতে এসেছিল। তারা আমাকে ভয় দেখাতে, লাগ্ল যে, আয়ি—আপনার অংশ কিন্লে আমার ভিটেনাটা উচ্ছন্ন করে দেবে। আমিই বা ছেড়ে কথা বল্ব কেন ? আমিও বেশ দশ কথা শুনিয়ে দিয়েছি। তারাও যেমন চোটপাট বল্তে লাগ্ল, আমিও তেমনি জ্বাব দিতে লাগ্লাম। তাতেই ত আমার এ অংশ কিনবার জয় জেদ বেড়ে, গেল। এখন একবার দেখতে হবে তারা কত বড় বীর।"

তারক বলিলেন, "কুণ্ডু-নশাই, আপনার হাতে ধরে আফ্রিবলছি, আপনি নিজে হ'তে দাদার সঙ্গে বিবাদ করবেন না; তিনি বদি অক্তায় করেন, তা হলে অবশ্য তার প্রতিবিধান করবেন।

কিন্ত এই আমার প্রার্থনা, আমার কথা মনে ক'রে তাঁকে অনেকটা ক্ষমা করবেন।"

নিতাই বলিল, "মেজবাবু, বিষয় রক্ষার জন্ম যা করা দরকার তা আমাকে করতেই হবে। সকলেই যদি আপনার মত দেবতা হত, তা হ'লে পৃথিবীটা যে স্বৰ্গ হয়ে যেত মেজবাবু!"

উকীলবাবু তাহাদের কথায় বাধা দিয়া বলিলেন, "তা হ'লে পাঁয়তালিশ হাজার টাকার দর সাবাস্ত হল।"

তারক কথা বলিবার পূর্বেই নিতাই কুণ্ডু বলিল, "হাঁ, পাঁয়তাল্লিশ হাজার টাকাই ঠিক হল। আপনি কাগজ কিনে এনে লেখাপড়া শেষ করুন। আনি পনর হাজার টাকার নোটের নম্বর আপনাকে বলে দেব।" সেইদিনই লেখাপড়া ও রেজেপ্রারী শেষ হইয়া গেল;— মনোহরপুরের বড়বাড়ীর উজ্জ্বল-রত্ন শ্রীযুক্ত তারকনাথ মিত্র সর্বান্থের বিনিময়ে নিতাই কুণ্ডুর দয়ার দান পনর হাজার টাব্রা লইয়া রাইগঞ্জে চলিয়া গেলেন; মহেল্র ঐ দিক দিয়াই কলিকাতায় গমন ক্রিলেন। তিনি বলিয়া গেলেন যে, কলিকাতায় পৌছিয়াই তিনি একটা বাড়ী ভাড়া করিয়া পত্র লিখিবেন এবং তারক যেন সকলকে লইয়া অনতিবিলম্বে কলিকাতায় যান।

তারক রাইগঞ্জে যাইয়া একেবারে অবসন্ন ইইয়া পড়িলেন।
তাঁহার কেবলই মনে হইতে লাগিল, এতদিনে বড়বাড়ীর সহিত
তাঁহার সম্বন্ধ লোপ হইল; তিনি আর বাড়ীর কেহ নহেন।
কি অপরাধে এমন দয়াময় ভ্রাতা তাঁহার উপর নির্দিয় ইইলেন?
ভিনিত কোন অপরাধই করেন নাই; তবে ভগবান তাঁহাকে এ
শান্তি কেন দিলেন? যে দাদাকে তিনি পিতার ছায় ভক্তি করিতেন,—যে দাদার সমুখে তিনি কোনদিন মাথা উচু করিয়া কথা

বলেন নাই—যে দাদার আদেশ তিনি কথনও অমান্ত করেন নাই, সেই দাদা তাঁহার উপর বিদ্ধাপ হইলেন কেন? তিনি যে কোন কারণই খুঁজিয়া পাইলেন না। স্বামীর এই অবস্থা দেখিয়া স্প্রপ্রভা বড়ই কাতর হইয়া পড়িলেন; দিবানিশি এমন করিয়া চিন্তা কবিলে তিনি যে অস্ত হ ইয়া পড়িলেন! স্প্রপ্রভা কত রকমে তাঁহাকে সাস্থনা দিবার চেপ্তা করেন; কিন্ত তারকের মন প্রবোধ মানে না। তিনি যখন তথনই বলেন, "বিষয়-সম্পত্তি গেল, তাহার জন্ম ত আমি কাতর হই নাই; কিন্ত দাদা যে আমার পর হইরা গেলেন, বিনা অপরাধে তিনি যে আমাকে এমন গুরুতর শান্তি দিলেন, ইহাতেই আমার মরণাধিক যন্ত্রণা হইরাছে। এ কথা যে আমি কিছুতেই ভূলিতে পারিতেছি না।"

এই ভাবে প্রায় এক সপ্তাহ মতীত হইয়া গেল। রিদ্ধারি মাতা তাহাকে লইয়া ঘাইবার জন্ত রাইগঞ্জে লোক পাঠাইয়া ছিলেন; রিদ্ধানি সে লোককে ফিরাইয়া দিল। সে তাহার মাতাকে বিলিয়া পাঠাইল যে, এ সময় সে তাহার মেজনিদিকে ছাড়িয়া ঘাইতে পালেবে না। কলিকাতায় ঘাইয়া কিছুদিন থাকিবার পর যথন তাহার মেজঠাকুরের মন ন্তির হইবে, তথন সে মায়ের কাছে ঘাইবে। স্থাভা তাহাকে কত ব্যাইলেন, কত ভ্য দেখাইলেন; কিন্তু কোন কথাই সে শুনিল না। সে স্থাধু একই কথা বলে, "মেজদি, তোমরা ঘেখানে থাক্বে, মানিও সেইখানেই থাক্ব। কলিকাতার ছোট বাড়ীতে থাকলে তোমাদের কই হবে না, মার স্নামার মত হতভাগিনীরই কই হবে। কি যে কথা তোমরা বল, তা মামি বৃষ্তে পারি না। বড়মান্ত্য স্নামার ফ্রেড্রান্ত্র কাকে বলে জান ? বড়মান্ত্র স্নামার মেজ-বড়মান্ত্র গ্রহ্মান্তর কাকে বলে জান ? বড়মান্ত্র স্নামার মেজ-

ঠাকুব,—বড়মান্থ ঐ তিলির ছেলে নিতাই কুণ্ড। প্রসা থাক্লেই বড়মান্ত্র হর না। মনে যে বড়, সেই বড়মান্ত্র। তুমি মেজদি, সেই বড়মান্ত্রের স্ত্রী—তুমিই আদল বড়মান্তর। আর আমার কথা বল্ছ, আমি এতদিন ছোটমান্ত্র ছিলান,—এখন তোমাদের সেবার অধিকার পেযে আমিও প্রকাণ্ড বড়মান্ত্র হয়ে গিলেছি।"

স্প্রভা এই সকল কথা শুনিয়া বলিলেন, "ভুট যে দিনে দিনে পণ্ডিত হয়ে পড়লি! আছো, জিজ্ঞাসা করি, তোর মনে কি একটুও কঠ হয় না, ভুই এমন হেদে-খেলে বেড়াস্ কি কবে ?"

রিজিণী অননি গন্তার ছইয়া বলে, "মেজনি, কত কথা বোঝ, 'আর ঐটী বোঝ না। আনি জোর কবে হাসি দিদি! আনি হাসি দিয়ে, আনন্দ দিয়ে আগুন চেপে রাণ্তে চাই। তা না কর্লে যে কোন্দিন আনি দরে যেতান। আনার যথন বুকের মধ্যে কেমন ক'রে ওঠে, তথন আনি কাঁদিতে পারি নে দি।দ! আনি তথন অনেক ডেটা কবে হাসি-তামাসা এনে সেটাকে চাপ। দিতে ঘাই। নেজাদ! পুক্রজ্যে কত পাপ করেছিলাম ভারই এই শান্তি।"

20

ইহার পর তৃই বংসর চলিযা গিয়াছে। এই তুই বংসরের বড়বাড়ীর ঘটনা অতি সংক্ষেপে বর্ণনা করিব, কারণ এই তুই বংসরের মধ্যে এনন মাস যায় নাই, যে মাসে হয় কান্তিক, আর লা হয় নিতাই কুণ্ডু নিশ্চিন্তভাবে থাকিবার অবকাশ পাইয়াছে! ক্রমাগত মানশা-নোকলমা চালয়াছে। প্রথম প্রথম নিতাই কুণ্ডু ্বড় একটা স্থবিধা করিয়া উঠিতে পারে নাই। এই তাহার: নৃত্ন

জমিদারী করা। এতকাল দে ব্যবসায়-বাণিজ্য করিয়াছে; তাহার পর টাকা লেন-দেন করিয়াছে; কেমন করিয়া জ্ঞানিদারী করিতে হয় তাহা সে জানিত না। তারকের অংশ ক্রয় করিবার পর সে তুই চারিজন গোমন্তার সাহায্যে জমিদারীর কাজ আরম্ভ করিয়া-ছিল; কিন্তু পাকা জমিদার কার্ত্তিক মিত্রের সঙ্গে সে কেমন করিয়া পারিয়া উঠিবে। তাহার পর মাধব-ঠাকুরের মত একটা প্রকাণ্ড মানলাবাজ তাহার সহায়; স্নতরাং নিতাই কুণ্ণু কিছুদিন মোটে আমলই পাইল না। শেষে একজন অতি উপযুক্ত ও বহুদশী নায়েব নিযুক্ত করিল; তাহারই উপর জমিদারীর সমস্ত ভার দিল। এই নায়েবটীর বয়স প্রায় পঞ্চাশ বৎসর। জমিদারীর কার্যো সে বিশেষ পারদর্শী, অর্থাৎ মামলা-মোকদ্দমা করিতেও সে যেমন অগ্রসর, কাজের ব্যবস্থা করিতেও তেমনি তৎপর। এই নায়েব যথন নিতাই কুণ্ডুর পক্ষে নিযুক্ত হইল, তথন কার্ত্তিক মিত্রের উপযুক্ত প্রতিদ্বন্দী জুটিয়া গেল। এক দিকে কার্ত্তিক মিত্র আর তাহার পরামর্শদাতা মাধব-ঠাকুর, অপর দিকে এই নায়েব। নিতাই কুণ্ডুরও কেমন জেদ পড়িয়া গেল। বৈ কুণ্ডু-সম্ভান একটি পরসা অপব্যয় করিতে কাতর হইত, এখন সে জেদে পড়িয়া তু-শ পাঁচ শ টাকা থরচ করিতেও দ্বিধা বোধ করে না। শুনিয়াছি, জমিদারীর একটা নেশা আছে। যে নিতান্ত ভালমানুষ, যে অক্ত কার্য্যে কুপণতা করে, দেও যথন জমি-জমা করে, তথন মামলা-মোকদ্দমা করিতে পশ্চাৎপদ হয় না। নিতাই কুণ্ডুরও তাহাই হইল ; সে তাহার নব-নিযুক্ত নায়েবকে একদিন ডাকিয়া বলিদ, · "দেখুন নায়েব-মশাই, আপনাকে একটা সোজা কথা বলিয়া দিই। কথা এই যে কার্ত্তিক মিত্রকে বিপন্ন করিতে হইবে।

তাহাকে এমন ভাবে চারিদিক হইতে চাপিয়া ধরিতে হইবে যে, সে আমার শরণাপন্ন হওয়া ব্যতীত অন্ত কোন উপায় না পায়। তাহা হইলেই আমার কার্য্য সফল হইবে। যত টাকা লাগে আমি দিব; কিন্তু কান্তিক মিন্তিরের মাণাটা আমার কাছে নোয়াইয়া দিতে হইবে।"

জমিদারের কর্ম্মচারীক নামনা-মোকদ্দমা করিতে বড়ই অগ্রসর; মনিবের ক্ষতিই হউক বা ভালই হউক, সে কথা এই শ্রেণীর কর্মচারীরা ভাবে না। কোন রকমে একটা মোকদ্দমা বাধাইয়া দিতে পারিলেই তাহাদের ত্র'-পয়সা আয় হয় ৷ এ নায়েবটিও এই শ্রেণীর মানুষ। জমিদারী শাসন করিতে সে বেমন পটু, মামলা-মোকদ্দমা করিতেও সে তেমনিই প্রস্তুত! সে বেশ বুঝিয়া লইল, লাগে টাকা দিবে নিতাই কণ্ড। সে এমন স্থযোগ ছাড়িবে কেন ? তাহার পরেও স্থবিধা হইল বে, তাহার মনিব নিতাই কুণ্ডু জমিদারীর কিছুই বোঝে না। এমন মনিব পাইয়া সে চুপ করিয়া থাকিবে, তাহা হইতেই পারে না। আবার প্রতিপক্ষও সাধারণ লোক নছে। কার্ত্তিক মিত্র পাকা-লোক, তাহার পরামর্শদাতা মাধ্ব-ঠাকুর। এমন মণিকাঞ্চন সংযোগে যাহা হইবার তাহাই হইতে লাগিল; তুই পক্ষেরই জেদ বাড়িতে লাগিল। প্রজারা স্থবিধা পাইল; তাহারা থাজনা দেওয়া বন্ধ করিল; আদায় করিতে গেলে সকলেই বলে "আগে জমিদারের গোল মিটুক, তথন - খাজনা দিব।" নিতাই ইহাতে ভয় পাইল না; কিন্তু কার্ত্তিক ্বিপাল হইয়া পড়িলেন। একদিকে বিষয়-বিভাগের মোকদ্দমা, অপর দিকে প্রজাবিদ্রোহ। কার্ত্তিকের পরামর্শদাতা মাধব-ঠাকুর তুই হাতে লুগুন আরম্ভ করিন ; অকারণ কৌঞ্জদারী বাধাইভে

লাগিল। আগুন ভাল করিয়া জ্বিয়া উঠিল। প্রতিদ্দী জ্বিদার মল্লিক-বাবুরাও আর নীরব থাকিলেন না; তাহারাও তথন কার্ত্তিক মিত্রকে নানাপ্রকারে বিপন্ন করিবার আরোজন করিলেন। তুই বংসর বাইতে না বাইতেই কার্ত্তিক মিত্র স্ক্রিয়ান্ত হইয়া পাড়লেন; চারোদকে ধার-কজ্জে তাঁহাকে ব্যতিব্যস্ত করিয়া তুলিল।

উত্থান-পতন জগতের নিয়ম। ব্যন মনোহরপুরে কান্তিক এই প্রকার বিপদ জালে জাড়ত, বখন তাহার জানদারা রক্ষার আর ডপায় নাই, তথ্য তারক কাল্কাতায়। এই চুই বংসর তারক নিশেট্ট ছিলেন না। স্থারবারে কলিকাতার যাহরা প্রথম মাস্থানেক তিনি ক্ছেই করিলেন না; সে স্থয় তাহার কার্য্য করিবার উৎসাথ ছিল না; তিনি দিনরাত বাসায় বাদয়া কেবল অতাত ঘটনার চিন্তাতেই সময় আত্বাহিত করিতেন। মহে<u>ল</u> কতবার তাঁহাকে বাদার বাহির কারবার চেটা করিয়াছেন; কিন্তু তারকের এক কথা, "আমার আর কিছু করিবার মত মনের বা শ্রীরের বল নাই। 'আমাকে চুপ কার্যা থাকিতে দাও-আমাকে নারবে মারতে দাও।" কিন্তাতান চুপ কার্যা থাকিতে পারিলেন না, মৃত্যুও তাহার আবেদন গ্রহণ করিলেন না। ছুই মাস পরেই এমন ভাবে বসিয়া থাকা তাঁহার পকে অসহ হইয়া উঠিল। স্থাতা তথন তাঁহাকে ব্যাহতে লাগিলেন যে, কোন প্রকার কাজকর্মে নোগদান করা তাঁহার কর্ত্তবা। কাজে মর দিলেই তাঁহার শরীর ও মন উভরই স্কন্থ হহবে।

ব্যবসা করিতে হইলে টাকার প্রয়োজন ! তারকের ত বেশী টাকা নাই ! জমিদারী বিজয় করিয়া যে পনর হাজার টাকা তিনি পাইয়াছিলেন, তাহা আনিয়া স্থপ্রভার হাতে দিয়াছিলেন। তাহার পর যথন ব্যবসার কথা উঠিল, তথন স্থপ্রভা বলিলেন, "কি করবে ঠিক কর, টাকার অভাব হবে না।"

তারক বলিলেন, "এতদিন ত সে কথা মোটে ভাবি নাই। তোমরা এখন যাহা করিতে বল, তাহাই করি।"

মংহন্দ্র বলিলেন, "তারক-দা, তুমি পাটের ব্যবসা আরম্ভ কর! আমাদের আফিসে সাহেবের সঙ্গে তোমার পরিচয় করিয়ে দিই, তুমি তাদের পাটের এজেন্ট্রও।"

তারক বলিলেন, "তাই হোক। তোমরা আমাকে যা কুরুতে বল্বে, আমি তাই কর্ব।"

তারক পাটের কাজ আরম্ভ করিলেন। এ সকল কার্য্যে তাঁহার যথেষ্ট অভিজ্ঞতা ছিল। স্থপ্রভা এই কারবার করিবার জন্ম পাঁচিশ হাজার টাকা দিলেন এবং তারককে বলিলেন, "এটা আমাদের স্বৌধ কারবার, বুঝ্লে? তোমার দশ হাজার, স্বর্ণের পাঁচ হাজার, ছোট-বৌয়ের পাঁচ হাজার, আর মহেক্রবাব্র পাঁচ হাজার। লাভের অংশ ঠিক বুঝিয়ে দিতে হবে; হিসাব দাখিল করবার সময় কিন্তু অভিমান করতে পারবে না, তা এখনই ব'লে রাখছি।"

তারক বলিলেন, "মহেন্দ্রের এত টাকা কোথা থেকে এল ?" স্থপ্রভা বলিলেন, "বর্ণ ধার দিয়েছে।"

্রেবার পাটের কাজ বেশ স্থবিধা ছিল; তারকের মৃশধন অল্প হইলেও মহেক্রের আফিসের সাহেবদিগের অছ্প্রহে তিনি বেশী কাজ করিতে পারিয়াছিলেন। তারকের সহিত কথাবার্তা বলিয়া এবং ব্যবসায় তাঁহার অভিজ্ঞতার কথা বুঝিতে পারিয়া ১৯৬ বড়বাড়।

সাহেবেরা খুব উৎসাহ দিয়াছিলেন, এবং যথেষ্ট টাকাও সরবরাহ করিয়াছিলেন। সেই প্রথম বৎসরের পাটের কাজ শেষ হইলে দেখা গেল যে, খরচ-খরচা বাদে তাঁহাদের এই নৃতন কারবারে নয় হাজার টাকা লাভ হইয়াছে। এই কারবারের ক্যাশ স্থপ্রভার নিকট থাকিত। যথন হিসাব হইয়া গেল, তথন স্থপ্রভা অংশীদার-দিগকে ডাকিয়া লাভের কথা শুনাইয়া দিলেন। রঙ্গিণী বলিল, "ও-টাকা কেহই লইতে পারিবে না, ও-টাকা সমস্তই কারবারে খাটিবে।"

স্থভা বলিল, "তা হ'লে সংসার চল্বে কি করে ?"

রঙ্গিণী বলিল, "এই এত দিন যেমন করিয়া চলিল।" এই বংসর মহেল্র যাহা বেতন পাইয়াছেন, তাহা আনিয়া স্থপ্রভার হাতে দিয়াছেন; রঙ্গিণীর বাপের বাড়ী হইতে যে পঞ্চাশ টাকা করিয়া তাহার হাত-খরচ আসিত, তাহা খরচের মধ্যে যাইত; স্থপ্রভার বাপের প্রদত্ত জমিদারীর অংশ হইতে টাকা আসিত; স্থতরাং সংসার চলিবার কোন কর্ষ্টই ছিল না।

দিতীয় বৎসরে তারক আরও অধিক উৎসাহের সহিত কার্য্য আরম্ভ করিলেন। এ বৎসরে তাঁহাদের আশাতিরিক্ত লাভ হইল; তারক এবার প্রায় কুড়ি হাঞার টাকা লাভ করিলেন।

এই সময় তারক একদিন স্থপ্রভাকে বলিলেন, "দেখ, আমার একটা কথা আছে। কথাটা যথন তথনই মনে হয়েছে, কিন্তু বলিতে পারি নাই। মনোহরপুরের অবস্থা ত সমস্তই শুনেছি। আমার ইচ্ছা যে আমি একবার দাদার কাছে যাই। এই ছই বংসরের মধ্যে একবারও দাদাকে দেখি নাই, তাঁকে দেখতে বড় ইচ্ছা করে।" তারকের চক্ষু জলে ভরিয়া গেল। স্থপ্রভা বলিলেন, "সে ত ভাল কথা! তিনে আমাদের প্রতি যে ব্যবহার করুন না কেন, আমার ত তাঁহার। তোমার একবার যাওয়াই উচিত। তিনি যে রকম বিপদে পড়েহেন, এ সময় আর তিনি তোমার উপর রাগ করতে পারবেন না। তবে কথাটা একবার ছোট-বউকে জিজ্ঞাসা করতে হবে! সে কি বলে শুনি।"

তাহার পর এক সময় রিদ্ণীকে ডাকিয়া স্থপ্রভা বলিলেন, "শোন, তোকে একটা কথা জিক্তাসা করব।"

রঞ্জিণী বশিল, "কি, কোন গভীর পরামর্শ আছে না কিঁ? আমি কিন্তু তোমাদের পাটের দালালী করতে পারব না, আমার উপর যে বাঞ্জার-খরচের ভার আছে, তাই আমি করে উঠ্তে পারিনে।"

· স্থাতা বলিলেন, "তা না, তুই তামাসা রেখে শোন্। উনি বল্ছিলৈন যে, উনি একবার মনোহরপুরে বড়ঠাকুরকে দেখ্তে যেতে চান।" তাতে তোর মত কি তাই জিজ্ঞাসা করেছেন।"

কথাটা শুনিয়াই রিঙ্গিণী গন্তীর হইল; তাহার যেন একটা ভাবাস্তর হইল। সে বিলল, "দিদি, তোমরা কি মনে কর, জানিনে; কিন্তু আমি বথনই মনোহরপুরের থবর শুনি, তথনই আমার বুকের মধ্যে কেমন করে ওঠে। বড়-ঠাকুর ঘাই করুন না কেন, তিনি ত আমাদের বড়-ঠাকুর। এক সময় ছিল, বথন তার ব্যবহারে আমরা রাগ করেছিলাম। তার উপরেই রাগ ক'রে থামরা সব ছেড়ে দিয়ে চলে এসেছিলাম। তার জন্ম যা হবার তাত খুব হয়ে গিয়েছে—বড়বাড়ী ত একরকম গিয়েছে। এথন

কি আমার সে কথা মনে আছে? আমি ত বলি, চল সকলে
মিলে বাড়ী বাই। দেখানে গিয়ে বড-ঠাকুরের পায়ে ধরে ক্ষমা
চাইগে। আমরা যে ভয়ে পালিয়ে এসেছিলাম, সব কথা শুন্লে
তিনি তা বিশ্বাস করবেন। মেজদি, আমাকে ভোমরা ভুল
বুঝো না। আমি অনেক ভেবেই তখন রাগ করেছিলাম;
সে সব কথা আমার মনে নেই। না, না—আগাদের
আবার অভিমান কি'? ভাইয়ের কাছে ভাইয়ের আবার
অপমান কি?"

স্থাভা বলিলেন, "কিন্তু সে সময় ত ভুই-ই রেগে অস্থির হয়েছিলি, সে কথা মনে আছে ত !"

রঙ্গিণী বলিল, "মনে থাক্বে না কেন? কিন্তু দেখ, আমার রাগ কিন্তু বেশী দিন থাকে না।"

স্থাভা বলিলেন, "সে কথা যাক্। আনি বলি কি, উনি একলা মনোইরপুরে যান। তারপুর যাহয় করা যাবে।"

20

নানা কারণে তারকের মনোহরপুর যাইতে কয়েকদিন বিলম্ব হইয়া গেল। এই সময়ে হঠাৎ একখানি পত্র আদিল। পত্রের উপর কার্ত্তিকের হস্তাক্ষর দেখিয়া তারক তাড়াতাড়ি পত্রথানি, খুলিলেন। কার্ত্তিক লিখিয়াছেন—

ভাই তারক—

আমি মৃত্যুশব্যায়। এ সময়ে তোমাকে একবার দেখিতে ইচ্চা করে। যদি দাদাকে ক্ষমা করিতে পার, তাংগী ছইলে একবার আসিও। তোমার মুখখানি দেখিলে আমি স্থেশ মরিতে পারি। শরীরে পদার্থ নাই, সে জন্ত আর অধিক বিথিতে পারিলাম না। ইতি—

> তোমার হতভাগ্য দাদ। কার্ত্তিক।"

তারক পত্রথানির কথা কাহাকেও বলিলেন না, কারণ বাদার বলিলে সকলেই মনোহরপুর যাওয়ার জক্ত বাস্ত হইবেন; কেহই থাকিতে চাহিবেন না। তারক স্প্রপ্রভাকে ডাকিয়া বলিলেন, "যাব-বাব করে সময় যাচছে। আমি আছই রাত্রির গাড়ীতে মনোহরপুরে যেতে চাই।" স্প্রপ্রভাইহাতে আপত্তি করিলেন না। তারক একটু সকাল সকাল বাহির হইয়া রোগীর পথোর উপযুক্ত কিছু জিনিসপত্র কিনিয়া লইয়া রাত্রির গাড়ীতে মনোহরপুর যাত্রা করিলেন।

তুই বৎসর পরে তারুক মনোহরপুর বাইতেছেন; কিন্তু তাঁহার মনে আনন্দের উদয় হইতেছে না। তিনি স্পষ্ট দেখিতে পাইলেন, সে বড়বাড়ীর আর সে প্রী নাই, সে সব কিছুই নাই। আর তাঁহার দাদা—তিনি হয় ত তারকের পথ চাহিয়া রোগশ্যায় পড়িয়া আছেন। এ কথা ভাবিতেও তাঁহার বুক ফাটিয়া বাইতে লাগিল।

পরদিন সন্ধার পর তাঁহার নৌকা মনোহরপুরের ঘাটে কাঁগিল। তারক তীরে উঠিয়া একটা মাঝির মাণায় জিনিসপত্র দিয়া বিশ্ব ধীরে বড়বাড়ীর দিকে অগ্রসর হইলেন। রাত্রি অন্ধকার; বিশ্বক অতি সাবধানে পথ চলিতে লাগিলেন। বাড়ীর কাছে আসিয়া তাঁহার পা যেন আর চলে না। কাছারী-বাড়ীর প্রাঙ্গণে ষাইয়া দেখিলেন, উঠান জঙ্গলে ভরিয়া গিয়াছে: উঠানের এক পার্শ্বে একরাশি ইট কাঠ পড়িয়া আছে। অন্ধকারে তিনি যেন কিছই ভাল করিয়া দেখিতে পাইলেন না। যে কাছারী-বাডীতে তুই বৎসর পূর্ফে দিনরাত লোকের কোলাহল ছিল, আজ সেখানে মানুষের সাড়াশকও নাই,—কাছারী-ঘর অন্ধকার। মনে ভয় হইল। তিনি একটু অগ্রসর হইয়া মাঝিকে বলিলেন, "ওরে, ভুই ডাক ত।" মাঝি তথন চীৎকার করিয়া ডাকিল, "বাড়ীতে কে আছ গো?" কোন উত্তরনা পাইয়া মাঝি আর এক 🤅 গিয়া বলিল, "ওগো, একবার কাউকে আসতে বলুন; একটি বাবু দাঁড়িয়ে আছেন।" এই কথা শুনিয়া একটা লোক একটা লগ্ন হাতে করিয়া আদিয়া দার খুলিয়া দিয়াই দেখিল, তারক দারের পার্ষে দাডাইয়া আছেন। সে তখন তাড়াতাড়ি হাতের লঠন নামাইয়া রাথিয়া তারকের পদ্ধৃলি লইল। তারক বলিলেন, "মথর, দাদা কেমন আছেন ?"

মথুর বলিল, "বড়বাবুর শরীর বড় খারাপ মেজবাব্। তিনি আর উঠ্তে পারেন না। আজও সন্ধার সময় আপনার নাম করছিলেন, বল্ছিলেন আপনি বুঝি এলেন না।" তারুক আর ভানিতে পারিলেন না; তাড়াতাড়ি বাড়ীর মধ্যে বাইয়া একেবারে উপরে চলিয়া গেলেন। সিঁড়িতে আলো ছিল না, ঘরের মধ্যে আবর্জনা জমিয়া গিয়াছিল। কিন্তু তারকের যে এই বাড়ী;— এ বাড়ীর প্রত্যেক ইপ্তক্ষণণ্ড যে তাঁহার পরিচিত—তাঁহা— রক্তমাংসের সহিত মিশ্রিত।

তারক উপরে যাইয়া একেবারে কার্ত্তিকের শয়ন-কক্ষের ঘারেক

নিকট গোলেন। দার খোলাই ছিল। ঘরের মধ্যে মিট্মিট্
কার্য়া একটা প্রদীপ জলিতেছিল; তাহাতে ঘরের ভিতরের
অন্ধকার যেন আরও গভীর হইয়াছিল। তারক ঘরের ভিতরে
প্রবেশ করিতেই পার্শ্ববর্তী একথানি থাটের উপর হইতে শব্দ
আসিল, "কে? তারক এলি ভাই! তারক—" তারক এক
দৌড়ে যাইয়া কার্ভিকের পায়ের উপর মাগা দিয়া পড়িলেন।
তাঁহার তথন কথা বলিবার শক্তি অপহৃত হইয়াছিল। দাদার
পায়ের উপর পড়িয়া তারক অশ্র বিস্ক্রেন করিতে লাগিলেন।
কার্হিকও কিছু বলিতে পারিলেন না।

এই ভাবে প্রায় তিন-চারি মিনিট চলিয়া গেল। তথন কার্ত্তিক অতিকষ্টে, ক্ষাণস্বরে বলিলেন, "তারক, ভাই আমার, আমার কাছে আয়। আনি যে আজ তুই বছর ভাই ব'লে কাউকে বুকে জড়িয়ে ধন্বতে পারি নি। তাইতেই—ত আমার বক্ল শুকিয়ে গেছে ভাই!"

বড়বধু নীচে ব্লাহ্মাবরে ছিলেন। তিনি শুনিলেন যে, তারক আসিয়াছেন, অমনি তাড়াতাড়ি উপরে উঠিয়া আসিলেন। বরের মধ্যে বাইয়াই দেথেন, তারক কাত্তিকের পা তুইখানি কোলে করিয়া বিস্থা আছেন। তিনি আর স্থির থাকিতে পারিলেন না,— দৌড়িয়া গিয়া তারককে জড়াইয়া ধরিয়া বলিলেন, "ঠাকুরপো, আমাদের ক্ষমা কর ভাই!" কাত্তিক এই কথা শুনিয়া মাথা একটু উচু করিয়া বলিলেন, "তুমি কি বলছ বড়-বউ! আমি যথাসর্বস্ব দিয়ে আমার ভাইকে আজ ফিরিয়ে পেয়েছি! আজ আমার মরণের ভয় নেই বড়-বউ! তারক, ভাই, তুমি আমার কোলের কাছে এসে বোসো। আমি তোমাকে আজ হই বছর দেখিনি

ভাই ! একথার আমাকে দাদা ব'লে ডাক,—একথার বল আমার সকল অপরাধ তুমি ভূলে গিয়েছ। আমি তোমার কোলে মাথা রেখে আমার পাপের প্রায়শ্চিত করি।"

তারক কার্ত্তিকের কোলের কাছে আসিয়া কি বলিতে বাইতেছিলেন, কিন্তু "দাদা" বলিয়াই আর তিনি কিছু বলিতে পারিলেন
না, বালকের মত হাউহাউ করিয়া কাঁদিয়া উঠিলেন। কার্ত্তিক
বলিলেন, "কেঁদ না ভাই। কিসের কান্না! আমি যে আজ
ব ভূবাভূীব্র বিনিময়ে অমূল্য রঞ্জ লাভ কর্লাম ভাই?"—সেই
সময় রাশ্য দিয়া কে গান করিয়া যাইতেছিল—

"এমন ঘরের হয়ে পরের মতন ভাই ছেড়ে ভাই ক'দিন থাকে।



আট-আনা-সংস্করণ-গ্রন্থমালা

–মূল্যবান্ সংস্করণের মতই– কাগজ, ছাপা, বাঁধাই-সর্বাঙ্গস্তুন্তর আধুনিক শ্রেষ্ঠ লেখকের পুস্তকই প্রকাশিত হয় অভাগী (৯ম সংস্করণ)—বায় শ্রীজলধর সেন বাহাতুর বিবাছ-বিপ্লব (৩য় সং)—শ্রীকেশকর গুপ্ত, এম-এ, বি-এল। **চিত্রালী** (১০ম সং)—শ্রীস্থীক্রনাথ ঠাকুর, বি-এ। বডবাড়ী (১১শ সং)—রায় শ্রীজলধর সেন বাহাত্র। অবক্ষণীয়া (একাদশ সং)—শরৎচক্র চট্টোপাধ্যায়। ্র**রূপের বালাই** (৪র্থ সং)—শ্রীহরিদাধন মুখোপাধ্যায়। क्येंटेका (२व मः) — श्रीमठौ द्यमनिनौ प्रवी। আলেয়া (२য় मः) — श्रीनिक्षमा (परी। বেগম সমরু (সচিত্র)—শ্রীব্রজেক্রনাথ বন্দ্যোপাধ্যায়। নকল পাঞ্জাবী (ষষ্ঠ সং)—খ্রীউপেক্রনাথ দত্ত। হালদার বাড়ী (২য় সং)—গ্রীমণীক্রনাথ সর্ব্বাধিকারী মধপর্ক (২য় সং)—শ্রীহেমেক্রকুমার সায়। . हत्यनाथ (> 8 म नः)-- শর ९ हत्य हर्ष्ट्री शासाय। -স্মধের ঘর (৫ম সং)--- শ্রীকালীপ্রদন্ন দাশগুপ্ত, এম-এ। **, মধুমল্লী** (৩র সং)—শ্রীমতী অমুরূপা দেবী। 🗲 অভাগী (দ্বিতীয় খণ্ড)—রায় শ্রীঙ্গলধর সেন বাহাছর। বাঙ্গালীর খাঞ্চ-শ্রীচারুচক্র ভট্টাচার্য্য।

নব্য-বিজ্ঞান (২য় সং)— শ্রীচারুচক্র ভট্টাচার্য্য এম-এ। জলছবি—শ্রীমণিলার গঙ্গোপাধ্যায়। শরতানের দান (২য় সং)—হরিসাধন মুথোপাধ্যায়। ব্রাহ্মণ-পরিবার (২য় সং)—শ্রীরামরুফ ভট্রাচার্য্য। নিক্ষৃতি (৫ম সং)—শরংচক্র চট্টোপাধ্যায়। **কোনু পথে** (২য় সং)—শ্রীকালীপ্রসন্ন দাশগুপ্ত এম-এ। পরিণাম-এ গুরুদাস সরকার, এম-এ। পল্লীরাণী (এর সং)—শ্রীযোগেরুনাথ গুপ্ত। ` **ভবানী—শ্রী**নিত্যক্রফ বস্থ। অমিয় উৎস-শ্রীবোগেক্রকুমার চট্টোপাধাায়। অপরিচিতা (২য় সং) —শ্রীপান্নালাল বন্দ্যোপাধ্যায়, বি-এল **ঘিতীয় পক্ষ** (২য় সং)—শ্রীনরেশচন্দ্র সেনগুপ্ত। **ইংরাজী কাব্যকথা**—মান্ততোষ চট্টোপাধ্যায় এম-এ। कान (व) (अप्र मः)— श्रीमानिकडक ভট्টाচार्या। মলোরমা (২য় সং)—শ্রীমতী সরসীবালা বস্থ । পরীব (২য় সং)—শ্রীবিজয়রত্ব মজুমদার। বাজাওয়ালী—শ্রীপ্রধ্যা সিংহ। অন্ধা (থয় সং)—শ্রীপ্রভাবতী দেবী সরম্বতা **ছবি** (8र्थ तः)—শরৎচক্র চট্টোপাধ্যায়। **আয়ুত্মতী** (৩য় সং)—**শ্র**প্রভাবতী দেবী সরস্বতা। গৃহদেবী (৩য় সং)— শ্রীবিজয়রত্ব মজুমদার। **হৈমবভী**—চক্রশেথর কর। বোৰাপড়া (২য় সং)-শ্রীনরেক্ত দেব গৃহ-কল্যানী (২য় সং)—- শ্রীপ্রফুলকুমার মণ্ডল।